


Vol. X, No. 1 & 2, January & July 2023 | ISSN-2348-3849

# MANAN



**An Academic Peer Reviewed Journal of  
All Bengal State Govt. College Teachers' Association**



# **MANAN**

**An Academic peer reviewed Journal of  
All Bengal State Govt. College Teachers' Association**

**Vol. X, No. 1 & 2, January & July 2023**

**BOARD OF ADVISORS:**

Professor Arup Kumar Das, Dept. Of Bengali, C.U

Dr Shyam Sundar Kundu

Dr. Sourav Chakraborty

Dr. Nisith Chandra Das

Dr. Arpan Chakraborty

President, ABSGCTA

General Secretary, ABSGCTA

Treasurer, ABSGCTA

**EDITOR(S)**

**Subrata Das and Rahul Gazi**

**BOARD OF EDITORS**

Nilay Bakshi

Ariktam Chatterjee

Gopal Ghosh

Anirban Saha

Anirban Kundu

Avhisek Sen

Swati Bhattacharya

Toton Roy

Ataur Rahaman

Arunangshu Maity

Sandipan Mitra

Debayan Chowdhuri

**Published by: The General Secretary, All Bengal State Govt. College Teachers' Association, Goenka College of Commerce and Business Administration, 3rd floor, 210, B. B. Ganguly Street, Kolkata-700012.(Registered under W.B. Societies Registration Act 1961, No. S/46170 of 1984-85.)**



## INSTRUCTIONS TO AUTHORS

### **1. Manuscripts:**

In text format >M S Word & A-4 format >Font: Times New Roman, size-12, with 1.5 line spacing following British spelling and submitted to the Board of Editors, MANAN, Academic Journal of All Bengal State Govt. College Teachers' Association, Goenka College of Commerce and Business Administration, through mail to any one of the following mail.id > dr.s.s.kundu@gmail.com/ subidar@redifmail.com/ sutapa2007.sanyal@gmail.com

### **2. Structure:**

- \* Title: not more than 20 words,
- \* Authors including designation and name of the College/Institution,
- \* Mail Id of the Author\* (Asterisk/to whom correspondence should be addressed),
- \* Keywords: not more than 10 words,
- \* Abstract: within 50-100 words,
- \* Introduction: not more than 200 words,
- \* Result and Discussion: if required for science, within 2000 words,
- \* Main article: for Arts, not more than 3000 words,
- \* Conclusions: not more than 200 words,
- \* Experimental Section: for science, as required.

3. Notes and References in the article the number of the references (may be placed as superscript) at the end of the article. References should be listed alphabetically/serially as follows:

- \* For Book, e.g. > De, Sushil Kumar. History of Sanskrit Poetics. Calcutta: Pharma K.L.M. Pvt. Ltd., 1976. (Insert ISBN if available).
- \* For journal article: e.g.>Watts, A.G. & Kidd, J.M. "Guidance in the United Kingdom: past, present and future". In - British Journal of Guidance & Counseling. 2000. Vol. 28(4). P-485-502. (Insert ISSN if available).
- \* In case of Conference Proceedings: e. g.> TECTONIC EVOLUTION OF THE HIMALYAS AND TIBET. PROCEEDINGS OF A ROYAL SOCIETY DISCUSSION MEETING HELD ON 11 AND 12 NOVEMBER 1987. ORGANIZED AND EDITED BY R.M. SHACKLETON, J.F. DEWEY AND B.F. WINDLEY. London: THE ROYAL SOCIETY, 1988.

- \* In case of Newspaper Article, e.g.> Poddar, Ashis. "Ramayana microfilm in wobbly hands: Microfilm of Original Manuscript of Krittibas Ojha Gathering Dust at Fulia Museum". In-Times of India. November-2, 2009. P- 5.
- \* In case of anonymous Document> Upanisad Granthabali. Edited and translated by Swami Gambhirananda. 7th Ed. Kolkata : Udbodhan Karyalaya, 2015. Vol. I-III.
- \* In case of Classics> Kautiliya's Arthasastra. Translated by the Late Mahamahopadhyay, Arthasastravisarada Vidyalamkara Panditaraja Dr. R. Samsastry. With an Introductory note by the Late Dr. J. F. Fleet. 6th Ed. Mysore: Mysore Printing and Publishing House, 1960.
- \* In case of Webligraphy, e. g. > <http://www.erg.sabanciuniv.edu> (accessed on January 2019)
- \* Chart and diagram should be prepared in M S Office (Word/ Excel) and placed along with the text, however if find difficult then it may be placed at the end of the article with proper appendix.
- \* Acknowledgments: as required. The date and place of the Interview is to be mentioned.

**N. B. : Paper should be sent with a request to the Editor with an undertaking, that the article/paper/report is original and never published anywhere in any form earlier.**

**Published by:** The General Secretary, All Bengal State Govt. College Teachers' Association. Goenka College of Commerce and Business Administration. 2nd Floor, 210, B. B. Ganguly Street, Kolkata-700012. (Registered under W.B. Societies Registration Act, 1961, No. S/46170 of 1984-85)

**Printed at:** Century Press  
Sudipta Sarkar  
21 Patuatola lane, Kolkata-700009.  
Mobile : 9830240480 E.mail : [sudipta.press@gmail.com](mailto:sudipta.press@gmail.com)

# **MANAN**

**An Academic peer reviewed Journal of  
All Bengal State Govt. College Teachers' Association  
Vol. X, No. 1 & 2, January & July 2023**

## **EDITORIAL**

To be sure, the formation of All Bengal State Government College Teachers' Association in the year 1984 is an important event in the history of West Bengal Government Colleges. Some learned Government College Teachers in West Bengal come forward with their academic spirit and formed this Association with a specific aim -academic, service-oriented and intellectual purpose also. These teachers promised to publish a peer reviewed journal with ISSN to cope with the existing and emerging situation and to fulfil the conditions created by University Grants Commission from time to time. In this context, in the year 2014, the Association published one bi-yearly Journal viz. '**MANAN**' to provide opportunities to its members to cultivate knowledge relating to their respective fields of interests and accordingly to publish their scientific as well as researched oriented articles of course, in this academic journal-a Journal which is patronised by its own members. Another feather which has been added to its cap is that the bonafied members of the Association also have equal opportunities not only for discussion on any local, regional, national and international issue/issues and verbal exchange of views with other members of the same platform, but such bonafied members like all other members get equal scope to express their opinion in writing through their contribution of valuable articles to this Academic Journal i.e. in '**MANAN**'. It is also to be noted that with the patronise of 'All Bengal State Government College Teachers' Association' and full support of our contributors, our journal '**MANAN**' now ready to present this X-th volume to our members and to others.

'Plagiarism' is concept though it is not a new concept or unknown to our country as many of us never enquire the background knowledge of this term. Long ago one of our literary criticists, Rajasekhara of 9th century written in eighteen chapters, his book 'Kavyamimansa', dealing with Alankara-Sastra (i.e. Indian Science of rhetoric and poetics), which is recognised

as a poetical encyclopaedia. Here Rajasekhara mentioned the particular term 'Kavyaharana', i.e. stealing of 'Kavya' from other previous works, is the idea of plagiarism as we know today. Rajsekhara coined his views as "paraparayuktayoh savdarthayorupa nivandho haranam" which clearly said that 'adaptation or appropriation of the word and meaning from other work of earlier poets' is 'Kavyaharana', or plagiarism in today's concept (Kavyamimansa, Chapter XI). Rajsekhara also discussed in this chapter of 'Kavyamimansa', different divisions and subdivisions or varieties of approaches of 'Kavyaharana' or appropriations or plagiarism. Before Rajekhara, no vivid discussions were made by earlier authors like Vamana, Anandhavardhana etc. which recognised him different identities in the history of Poetics or Sanskrit poetics. Dr. Shyam Sundar Kundu discussed in his article this particular subject from the book 'Kavyamimansa' mentioned by Rajasekhara. Dr. Shyam Sundar Kundu also studied and shown some specific examples of 'Kavyaharana' or plagiarism, practised by many other authors even after the time of Rajsekhara. Dr. Kundu also quoted examples from Sanskrit literatures and Bengali Literatures also which is of great interest to our readers.

Dr. Subal Chandra Biswas has made an interesting study of an American Educationist and book lover who also happened to be a leader of America namely Thomas Jefferson (April 1743 to July 1826). Mr. Jefferson, as expressed by Dr. Biswas in his article, also officiated as the third President. Admittedly, Dr. Biswas has interestingly highlighted the habit of Mr. Jefferson to collect important books on America and also that of International Relation during his time. So the readers might find interest to know about the interesting personality like Mr. Jefferson who happened to be a political personality as well as a literary one.

"Kumbh Melas are held on the banks of river, i.e. on the banks of sacred rivers, Ganga in Haridwar, Shipra in Ujjain, Godavari in Nasik, Maharastra, and Triveni Sangam, the confluence of Ganga, Yamuna and Saraswati (though invisible) in Prayagraj. Normal 'Kumbh Melas' held once in every three years, 'Ardh Kumbha' Melas held in every six years, and 'Purn Kumbh' Melas held in every twelve years at the above auspicious locations. But "Maha Kumbh" held only once in 144 (hundred forty four) years and is the Great Kumbh Mela which will be held on 2025 at Prayagraj after a cycle of 12 'Kumbhs', i.e. once after 14 years as mentioned earlier. It is also the world's largest gathering recognised by all.

Ashok Kumar Kundu, a freelance writer has covered all the 'Kumbh-Melas' in India, in different places and in different time and he was waiting for the "Maha-Kumbh" to cover and publish his account as he did while covering the earlier 'Kumbh-Melas'. Unfortunately his sudden demise has happened and his mission was incomplete. Before taking his last breath he completed his account whatever he observed in the Kumbh Melas except "Maha Kumbh

Mela". We are fortunate enough to publish a small portion from his earlier account (unpublished work covering 'Kumbh-Mela') in this Volume. If situation permits we will publish other portions from his account covering 'Kumbh-Melas'.

Rabindranath Tagore sometimes recognised two learned persons only as his idol, one is Dwijendranath Tagore (his elder brother) and another one is Peary Chand Mitra in his time. Dr. Biman Mitra has made a thorough study on Peary Chand Mitra and highlighted the various activities of Peary Chand Mitra. Such an endeavour of Dr Biman Mitra will undoubtedly help the readers to know in more details about Peary Chand Mitra and also more information about the eighteenth century intellectual in Bengal.

'Manasa-Mangal' sometimes widely appreciated by the people of Bengal and many poets come forward to rewrite this by adaptations, prove the popularity of the Manasa - Chandsadagor episode depicted in the 'Mangal-Kavyas'. It was popularised by the poets from different parts Bengal with some regional biasness. Prof. Jayanti Saha, in her article discussed and highlighted one 'Manasa Mangal' Kavya found in the Northern part of Bengal written by Jagajjiban Ghosal which will surely appreciated by all.

In this way this volume of '**MANAN**' (Volume X, No. 1&2, 2023) has been designed and I, as an editor, hope that, this project will be appreciated by our readers as our earlier publications. Credit goes to the contributors who have undertaken and performed such research work to fulfil the basic objective of this publication. It is also to be mentioned here that, our contributors are solely responsible in case of any question or dispute or criticism of their articles. Neither the Editor nor our Organization will ever be responsible for any controversy arising out of any papers being published in this volume. Thanks to our peer review team, our Association and Press-workers and the Proprietor of Century Press also, whose laborious work helps us to publish this volume.

**Dr. Shyam Sundar Kundu**



# **MANAN**

An Academic peer reviewed Journal of  
All Bengal State Govt. College Teachers' Association  
Vol. X, No. 1 & 2, January & July 2023

## CONTENTS

Sl. No.	Article	Author	Page
1.	রচনা নকল বা চুরি (অথবা Plagiarism) প্রসঙ্গে রাজশেখর ও তাঁর কাব্যমীমাংসা	ডঃ শ্যামসুন্দর কুণ্ডু	13-40
2.	রবীন্দ্র ছোট গল্পে (নির্বাচিত) মনস্তত্ত্ব	জয়ন্তী সাহা (রায়)	41-47
3.	Education and Enlightenment in Pyarichand Mitra's Literary Works	Dr. Biman Mitra	48-63
4.	থমাস জেফারসন — একজন শিক্ষাবিদ ও গ্রন্থপ্রেমী রাষ্ট্রনায়ক	ডঃ সুবল চন্দ্র বিশ্বাস	64-78
5.	আবার পূর্ণকুম্ভ ইলাহাবাদ ২০১৩	অশোক কুমার কুণ্ডু	79-92



## রচনা নকল বা চুরি (অথবা Plagiarism) প্রসঙ্গে

### রাজশেখর ও তাঁর কাব্যমীমাংসা

ড. শ্যামসুন্দর কুণ্ড\*

শুরু করি Plagiarism এর কয়েকটি অভিধানিক ব্যাখ্যা দিয়ে—

(1) L. M. HARROD. The Librarian's Glossary of terms used in Librarianship and the book crafts AND REFERENCE Book এ প্রসঙ্গে বলেছেন : 'To copy the writings of another person and publish the same as original work'.

(2) 'The copying of the works of another person and publication as original work' (Encyclopaedia of Librarianship). Plagiarism is a serious form of scientific misconduct. Literal meaning of the Latin word "to Pagiare" is "to steal or to kidnap".

The act of taking the writings of another person and passing them off as one's own is plagiarism. It implies intellectual theft in the world of medical writing. The "copy and paste" culture in becoming rampant all over the world after the advent of electronic publications, and Indian medical literature is no exception. This editorial will enlighten aspiring authors and readers about various forms of plagiarism and reasons for engaging in plagiarism." [Suvarna Satish Khadilkar. The plague of plagiarism : Prevention and cure. In-The Journal of Obstetrics and Gynecology of India (Nov-Dec 2018) 68 (6) : 425-431]

তিন নম্বর উদ্ধৃতিটি যদিও Medical publication এর ক্ষেত্রে বেশি গুরুত্ব আরোপ করা হয়েছে তবে সাধারণভাবে এটি কিন্তু সবরকম প্রকাশনার ক্ষেত্রেই প্রাসঙ্গিক। 'Plagiarism' শব্দের উৎস খুঁজতে গিয়ে কিন্তু 'Latin' word এর কথা এসেছে। এবং এই অসদুপায় অবলম্বনের যে রকমফের আছে, তার প্রতিও ইঙ্গিত করা হয়েছে। এ প্রসঙ্গে Encyclopaedia Britannica-র কথা জানাই। যেখানে সরাসরি 'Plagiarism' শব্দবন্ধ নিয়ে আলোচনার বিস্তার হয়নি, পক্ষান্তরে Plagiarism শব্দতে এসে see 'copy right' বলে নির্দেশ দেওয়া হয়েছে। (V-17, P-1140)। ল্যাটিন এবং ইংরেজি সাহিত্য থেকে বা গ্রীস-ইউরো-আমেরিকা থেকে সরে এসে তাকিয়ে দেখি ভারতীয় সাহিত্যের দিকে বা বিশেষ ভাবে ভারতীয় সাহিত্য সমালোচকদের দিকে। এই ভাবনা কিন্তু তাঁদেরকেও বিশেষভাবে ভাবিয়ে ছিলো, যে কারণে এই ব্যাপারটা নিয়ে তাঁরাও ভীষণভাবে চিন্তার ক্ষেত্রে, এই উপায় অবলম্বনের নির্দিষ্ট রূপগুলিকে সনাক্তকরণ এবং মূল ব্যক্তির যে সুকৃতকর্ম সেটি রক্ষা করার ব্যাপারে সজাগ দৃষ্টি দিতে বাধ্য করেছিল। অর্থাৎ হতে হয় যখন দেখতে পাই ভারতীয় তথা সংস্কৃত সাহিত্য সমালোচকগণদের এই কৃতীত্ব আমরা ভারতীয়রাই সেভাবে তুলে ধরি না, আলোচনা করি না; Plagiarism

\* Librarian (WBES), Durgapur Govt. College, Durapur, Burdwan (West), Pin-713214

ব্যাপারে কেবল পাশ্চাত্যের আলোচনাগুলোর উপরেই দৃষ্টি নিবদ্ধ করে থাকি।

স্বীকৃতিপূর্বক ‘মহাভারতের’ অন্তর্গত ‘গীতায়’ যদিও “যোগক্ষেমং বহাম্যহম্”—বলে ভগবান শ্রীকৃষ্ণ অর্জুন তথা সকলকে আশ্বস্ত করেছেন, কিন্তু ঐটুকুই। পরবর্তী প্রজন্ম যে কতরকমের কৌশল অবলম্বন করে অসদুপায় অবলম্বন করতে পারে সে সম্পর্কে বিস্তৃতভাবে চিন্তা করেননি মানবসমাজ, যেটি করেছেন সাহিত্য সমালোচকদের অন্যতম ব্যক্তিত্ব রাজশেখর।

এখানে রাজশেখর সম্পর্কে কিছু কথা বলে নিই। রাজশেখর একাধারে কবি, নাট্যকার, সাহিত্য-সমালোচক, রাজসভার বিশিষ্ট মানুষ তথা মহামন্ত্রী। তাই বলা যায় ‘তঁহার সাহিত্য প্রতিভা ছিল সর্বতোমুখী। তঁহার রচিত বাল-রামায়ণ, বাল-ভারত, বিদ্যশাল ভঞ্জিকা ও কপূর-মঞ্জরী নামক চারিখানি নাট্যশ্রেণীর রচনা, ‘হর-বিলাস’ কাব্য এবং ‘কাব্যমীমাংসা’ নামে সুপরিচিত সাহিত্য-সমালোচনার গ্রন্থ সংস্কৃত-সাহিত্যরসিক সমাজে বিশেষ খ্যাতি ও সমাদর লাভ করিয়াছিল। ‘বাল-রামায়ণ’ নাটকের (১.২) ‘বাল-কবি’ রাজশেখর ‘কপূর-মঞ্জরী’ রচনার সময় ‘মহা-কবি’ হইতেও উচ্চতর ‘কবিরাজ’ উপাধিতে ভূষিত হইয়াছিলেন। (নেগেন্দ্রনাথ চক্রবর্তী/রাজশেখর ও কাব্যমীমাংসা, পৃ-১/, বিশ্বভারতী)। যদিও ‘হর-বিলাসকাব্য’ লুপ্ত, কিন্তু পরবর্তীকালের বিভিন্ন গ্রন্থকার এখান থেকে উদ্ধৃতি দিয়েছেন—যেমন— হেমচন্দ্রকৃত ‘কাব্যানুশাসন’, পৃ.৪ উজ্জ্বল দত্ত প্রভৃতি। (নেগেন্দ্র নাথ চক্রবর্তী/রাজশেখর ও কাব্যমীমাংসা, পৃ-১৬) তাহলে ‘হর-বিলাসকাব্য’ বাদ দিলে তাঁর রচিত আবিষ্কৃত গ্রন্থের সংখ্যা— পাঁচ।

**বংশ পরিচয় :** বাল-রামায়ণ নাটকের প্রস্তাবনায় আত্মপরিচয় প্রসঙ্গে লিখেছেন—‘অয়মজনি যাযাবর কুলে’; ‘উপাধ্যায়ো যাযাবরীয়ঃ শ্রীরাজশেখরঃ। তিনি ‘কাব্য-মীমাংসা’ গ্রন্থে নিজের পরিচয় দিয়াছেন ‘যাযাবরীয়’ অর্থাৎ যাযাবর—বংশজাত। (কাব্য মীমাংসা ২.১.১১ তে আছে- ‘যাযাবরীয়ঃ সংক্ষিপ্ত মুনীনং মতবিস্তরম্’ এবং “পঞ্চমী সাহিত্যবিদ্যা ইতি যাযাবরীয়ঃ”, (কাব্যমীমাংসা—৪.১.১৪)। আবার তিনি আপন প্রখ্যাত বংশের গৌরব ও সাহিত্যরসিক পূর্বপুরুষদিগের কৃতিত্বের জন্য গর্ব অনুভবও করিতেন। ‘বাল-রামায়ণ’—নাটকে (১.১৩) নিজের যাযাবর - বংশের কৌলীন্য ও আভিজাত্য বর্ণনা-প্রসঙ্গে তিনি লিখিয়াছেন—

স মূর্তো যত্রাসীদ গুণগণ ইবাকালজলদ :

সুরানন্দ : সোহপি শ্রবণপুটপেয়েন বচসা

ন চান্যে গণ্যন্তে তরলকবিরাজ প্রভৃতয়ো

মহাভাগস্তুম্নিন্নয়মজনি যাযাবরকুলে।”

তাঁর বংশ পসিদ্ধ পণ্ডিতের বংশ, যে বংশে অকালজলদ, সুরানন্দ, তরল, কবিরাজ প্রভৃতি মনীষীর জন্ম। এখানে বিশেষভাবে অকালজলদ কবির কবিখ্যাতির দিকে দৃষ্টি দিতে বলি। ইনি রাজশেখরের প্রপিতামহ, এবং তাঁর কবিখ্যাতি এতোটাই ছিলো যে, সেইযুগেই কাদম্বরীরাম স্বীয় নাটকে অকালজলদের কবিতা অপহরণ করিয়াছিলেন বলিয়া ‘সুক্তিমুক্তাবলী’—তে উল্লেখ আছে—

‘অকালজলদ শ্লোকৈশ্চিত্রমাত্মকৃতেরিব।

জাতঃ কাদম্বরীরামো নাটকে প্রবরঃ কবি ।।”

‘কাব্যমীমাংসা’ — গ্রন্থে একমাত্র প্রথম অধ্যায় ভিন্ন প্রায় সকল স্থলেই রাজশেখর নিজস্ব অভিমত লিপিবদ্ধ করিতে গিয়া বলিয়াছেন ‘ইতি যাযাবরীয়ঃ।’

এসব ঘটনাই কি রাজশেখরকে পরবর্তীকালে কাব্যমীমাংসা গ্রন্থে কবিতা অপহরণ ইত্যাদি বিষয়ে বিস্তৃত আলোচনা করতে অনুপ্রেরণা যুগিয়েছিল?

এমনিতে বেশীর ভাগ সংস্কৃত সাহিত্যে বিখ্যাত কবি সাহিত্যিকদের বংশপরিচয়, জীবনকর্ম সম্বন্ধে বেশি কিছু জানা যায় না। রাজশেখরের ক্ষেত্রে এটি কিন্তু ব্যতিক্রম। তিনি নিজেই যে সব তথ্য সাজিয়ে রেখেছেন, তা আমাদের জানার ক্ষেত্রটি যথেষ্ট।

তাঁর পিতার নাম মহামন্ত্রী দুর্দক (বা দুহিক), আর মাতার নাম শীলবতী। দৌর্দুকি ঃ ‘শীলবতী সূনুরূপাধ্যায়ঃ শ্রীরাজশেখর ইত্যপর্যাপ্তং বহুমানেন। (বালরামায়ণ, ১)।’ ... আবার তিনি রাজা মহেন্দ্রপালের উপাধ্যায় ছিলেন। চৌহান-কুলজাতা অবন্তিসুন্দরী ছিলেন তাঁহার স্ত্রী—

‘চাছআণকুলমোলিমালিআ রাঅসেহরক ইন্দগেহিনী।

ভভুগো কইমবন্দিসুন্দরী পা পউঞ্জয়িদুমেঅমিচ্ছই।’ (কপূরমঞ্জরী/১.১১)

এছাড়া কাব্যমীমাংসাগ্রন্থে তিনবার এই অবন্তিসুন্দরীর অভিমত উদ্ধৃত করিয়াছেন রাজশেখর—

(ক) ইয়মশক্তির্নপুনঃ পাকঃ’ ইতি অবন্তিসুন্দরী।’ কাব্যমীমাংসা পঞ্চম অধ্যায়।

(খ) বিদগ্ধভগিতিনিবেদ্যং বস্তুনো রূপং ন নিয়তস্বভাবম্’ ইতি অবন্তিসুন্দরী।

(গ) এবমাদিভিঃ কারণৈঃ শব্দহরণে অর্থহরণে চাভিরমেত’ ইতি অবন্তিসুন্দরী।

আগেই বলা হয়েছে যে সংস্কৃত কবিগণের অনেকের সম্পর্কে বিস্তৃত বিবরণ জানা না গেলেও রাজশেখরের ক্ষেত্রে কিন্তু অনেক কিছুই জানা যায়। রাজশেখরের সময়কাল ও বাসস্থানও সহজেই নির্ধারণ করা যায়, সূত্র গ্রন্থকার স্বয়ং। রাজশেখর ন্যূনকল্পে চারিখানি নাট্যগ্রন্থ রচনা করিয়াছিলেন। তাহা হইতে জানা যায় যে রাজশেখর রাজা নির্ভয়-মহেন্দ্রপালের উপাধ্যায় ছিলেন। মহেন্দ্রপালের পুত্র রাজা মহীপালও তাঁহার পৃষ্ঠপোষক ছিলেন। মধ্যদেশের রাজধানী কনৌজে মহীপাল রাজত্ব করিতেন। ৯১৭-৯১৮ খ্রিস্টাব্দের অসুনি শিলালিপি এবং সিয়োদিনি শিলালিপি হইতে জানা যায় যে, কনৌজের রাজা মহেন্দ্রপাল ও মহীপাল গুর্জর-প্রতিহার-বংশের লোক। ঐতিহাসিক ও প্রত্নতত্ত্ববিভাগীয় প্রমাণ অনুসারে মহেন্দ্রপাল ও মহীপালের রাজত্বকাল যথাক্রমে খ্রীষ্টাব্দ ৮৯০ হইতে ৯০৮ এবং ৯১০ হইতে ৯৪০ খ্রীষ্টাব্দ। খুব সম্ভবতঃ রাজশেখর এই দুই রাজার সভাকবি ছিলেন। তবে তাঁহার জীবনের অধিকাংশ সময় মহেন্দ্রপালের সভায় অতিবাহিত হইয়াছিল বলিয়াই মনে হয়—কারণ, তাঁহার সকল নাট্যগ্রন্থেই মহেন্দ্রপালকে তিনি তাঁহার শিষ্য বলিয়া বর্ণনা করিয়াছেন। (সূত্র ঃ রাজশেখর ও কাব্যমীমাংসা, নগেন্দ্রনাথ চক্রবর্তী, বিশ্বভারতী, পৃষ্ঠা-১৪-১৫)

রাজশেখরের ‘কাব্যমীমাংসা সম্পর্কে সামান্য কিছু কথা—

‘মীমাংসা’ শব্দের একটি বিশেষ অর্থ করা যেতে পারে—‘পূজ্য বিষয়ের বিচার।’ কাব্যমীমাংসা প্রসঙ্গে সাধারণ আলোচনা বিস্তার প্রসঙ্গে শ্রীযুক্ত নগেন্দ্রনাথ চক্রবর্তী বলেন, ‘ভারতবর্ষের সংস্কৃতির ইতিহাসে সপ্তম ও অষ্টম শতক ধর্ম, দর্শন ও সাহিত্য চর্চার একটি প্রখ্যাত যুগ। এই যুগে সাহিত্য স্রষ্টা ও সাহিত্য সমালোচকগণ সাহিত্যের বিভিন্ন শাখা ও সমালোচনার বিভিন্ন মতবাদগুলিকে একটি সুনিয়ন্ত্রিত রূপ দানের উদ্দেশ্যে ব্যাপক

ও বিখ্যাত গ্রন্থ রচনায় ব্যাপ্ত ছিলেন। এই যুগে জন্মগ্রহণ করিলেন উদ্যোতকার, কুমারিল, শঙ্করাচার্য। তাঁহারা তাঁহাদিগের দার্শনিক যুক্তি তথ্যের সমাবেশে ভারতীয় দর্শন এবং হিন্দুর জীবন ও সংস্কৃতিকে অপূর্ব সুদৃঢ় ভিত্তিতে একটি নূতন রূপ দান করিলেন। অন্যদিকে, বৌদ্ধ সংস্কৃতির ক্ষেত্রে ধর্মকীর্তি, শান্তরক্ষিত ও কমলশীল আবির্ভূত হইলেন তাঁহাদিগের বিশাল প্রতিভা ও ধীশক্তি লইয়া। সাহিত্যের আকাশেও এই যুগ একটি ভাস্বর জ্যোতির্মণ্ডল স্বরূপ; যাযাবর রাজশেখরের কবি প্রতিভা, নাট্যশক্তি ও সাহিত্যমনীষা-বিকাশের অরণ্যোদয় এই বিখ্যাত যুগ। তাই পূর্বগামী আচার্যদিগের প্রবৃত্তি প্রচেষ্টা ও প্রেরণা যে স্বভাবতই রাজশেখরকে সাহিত্যের ক্ষেত্রে সর্বাবয়ব বিশাল আলোচনামূলক গ্রন্থ রচনায় উদ্বুদ্ধ করিয়াছিল, তাহা কম বিস্ময়ের ব্যাপার নহে।

**সময় নিরূপণ**—রাজশেখরের প্রসঙ্গে বলা যায় যে তাঁর সাহিত্যিক জীবন-কাল ৮৮০ খ্রীষ্টাব্দ হইতে ৯২০ খ্রীষ্টাব্দ পর্যন্ত বিস্তৃত ছিল। এর স্বপক্ষে তাঁর পূর্ববর্তী এবং পরবর্তী কয়েকজন কবি সাহিত্যিকের কথা এসে পড়ে। যেমন— কাব্যমীমাংসায় রাজশেখর দ্বাদশ অধ্যায়ের শুরুতে বাকপতিরাজের বচন, যিনি গৌড়বহো—রচয়িতা, উদ্ধৃত করিয়াছেন। “ন” ইতি বাকপতিরাজঃ—এই বলে। (বাকপতিরাজঃ গৌড়বহো ৮৭ শ্লোকের ঠিক আগে এটি বলা আছে)। আবার উদ্ভট বলিয়া (কাশ্মীরের রাজা জয়াপীড়ের, যাঁর রাজত্বকাল হল ৭৭৯ খ্রীষ্টাব্দ থেকে ৮১৩ খ্রীষ্টাব্দ, যেখানে উদ্ভট রাজসভায় সভাপতির পদ অলংকৃত করিতেন) কবির অভিমত উদ্ধৃত করিয়াছেন কাব্যমীমাংসা গ্রন্থে ষষ্ঠ অধ্যায়ে—“তস্য চ দ্বিধা অভিধাব্যাপারঃ ইত্যৌদ্ভটাঃ”— এই বলে। অন্যদিকে কাব্যমীমাংসা গ্রন্থের নবম অধ্যায়ে আমরা পাই “অস্তু নাম নিঃসীমাহর্থসার্থঃ কিন্তু দ্বিরূপ এতাসৌ বিচারিত সুস্থোহবিচারিতরমণীয়শ্চ ইতি। তয়ো পূর্বমাস্তিতানি শাস্ত্রানি তদুত্তরং কাব্যানি” ইত্যৌদ্ভটাঃ।” এ থেকে বোঝা যায় বা সিদ্ধান্ত করা যায় যে বাকপতিরাজ (কাব্যমীমাংসার/[দ্বাদশ অধ্যায়ে উল্লিখিত “ন ইতি বাকপতিরাজঃ”] একদিকে আর এক কাশ্মীররাজ অবন্তিবর্মার রাজত্বকালে (খ্রীঃ ৮৫৭ হইতে ৮৮৪ খ্রীষ্টাব্দ) অন্যতম সাহিত্যসমালোচক আনন্দবর্ধনের বচনও পাচ্ছি রাজশেখরের কাব্যমীমাংসার পঞ্চম অধ্যায়ে— “প্রতিভাব্যুৎপত্তেঃ প্রতিভা শ্রেয়সী ইত্যনন্দঃ”—এইভাবে। তাহলে ৭৭৯ খ্রীষ্টাব্দ থেকে ৮৮৪ খ্রীষ্টাব্দ পর্যন্ত অন্ততঃ তিনজন সাহিত্য সমালোচকের মত উল্লেখ করায় রাজশেখরকে ঐ সময়ের আগে আনা যায় না, বরং পরবর্তী সময়কালে তাঁকে স্থাপন করাই বিধেয়।

এদিকে ৯৬০ খ্রীষ্টাব্দে সম্পূর্ণ হওয়া সোমদেব-‘রচিত যশস্তিলকচম্পু’ কাব্যে ও ৯৯০ খ্রীষ্টাব্দের সোড়চল কৃত প্রশস্তি ‘উদয়সুন্দরী কথা’র অষ্টম উচ্ছ্বাস অংশে এবং অভিনবগুপ্তের ‘অভিনব ভারতী’-তে রাজশেখরের উল্লেখ থাকায় তাঁকে ঐ সব কবি ও আলংকারিকদের আগে স্থাপন করতে কোন দ্বিধা থাকার কথা নয়। (রাজশেখর ও কাব্যমীমাংসা নগেন্দ্র নাথ চক্রবর্তী/পৃঃ ১৫)। এই সমস্ত দিক বিবেচনা করা ৮৮০ খ্রীষ্টাব্দ থেকে ৯২০ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজশেখরের সাহিত্যিক জীবন-কাল যে বিস্তৃত ছিল— এমন সিদ্ধান্ত করেন ঐতিহাসিকগণ এবং তাতে কারও সন্দেহ জাগে না। তাই সবদিক বিবেচনা করে আগে উল্লিখিত সময়কালের মধ্যে রাজশেখরের সময়কাল যেমন হিসাব করতে হবে, তেমনিই ‘কাব্যানুশাসন’ যে তাঁহার পরিণত বয়সের রচনা এটাও মেনে নিতে কোন বাধা নেই।

### কাব্যমীমাংসা গ্রন্থের বিষয়সূচী :

এই গ্রন্থে মোট আঠারটি অধ্যায় আছে। সাধারণভাবে অন্যান্য সাহিত্য সমালোচনার গ্রন্থ যে যে বিষয়গুলি আলোচিত হয়ে থাকে, এখানেও সেগুলি আলোচনা করা হয়েছে। তবে কিছু কিছু অধ্যায়ের আলোচনা থাকায়, এক কথায় এগুলি অভিনব। ‘কাব্যমীমাংসা’ গ্রন্থের অন্যতম অনুবাদক ও আলোচক নগেন্দ্রনাথ চক্রবর্তী অধ্যায়গুলির আলোচনা করতে গিয়ে দশম অধ্যায়ের সূচী নিয়ে বলেছেন—‘কাব্যবিদ্যায় অভিনব আলোচনা,’ কারণ এই আলোচনা যে খণ্ড-অধ্যায়গুলি আলোচিত হয়েছে সেখানে পাঁচ নম্বরে এসে আমরা পাই—‘কাব্য-অপহরণ ও তাঁহার প্রতিকার’ অংশ; যেটা আধুনিক যুগে Plagiarism বলে শনাক্ত করা যায়। এবং পরের অধ্যায়ের মধ্যে একাদশ, দ্বাদশ ও ত্রয়োদশ অধ্যায়গুলিতে হরণ বা অপহরণ নিয়ে রাজশেখর যথাক্রমে কাব্যহরণ, শব্দহরণের শ্রেণীবিভাগ (একাদশ অধ্যায়); অর্থহরণ (দ্বাদশ অধ্যায়), অর্থহরণের বিশদ আলোচনা (ত্রয়োদশ অধ্যায়); অর্থহরণ (দ্বাদশ অধ্যায়), অর্থহরণের বিশদ আলোচনা (ত্রয়োদশ অধ্যায়) দেখতে পাওয়া যায়—যা সত্যিই অভিনব। কারণ রাজশেখরের আগে কোনো সাহিত্য সমালোচনার গ্রন্থে এই বিষয়গুলি সংক্ষেপে বা বিশদে আলোচনা হয়নি এবং এত সূক্ষ্মভাবে রাজশেখর ‘কাব্যমীমাংসা’য় চারটি অধ্যায় ধরে আমাদের দেখিয়ে দিয়েছেন, যে ভাবনাগুলি রেখে গেছেন, রাজশেখরের বিবেচনায় নির্দিষ্ট Plagiarism সম্বন্ধে আলোচনা করতে গিয়ে—যে সমস্ত আঙ্গিককে সাহিত্যসমালোচকগণ আধুনিক ভাবনার মধ্যে আনতে পারেনি, প্রতিকার-এর চিন্তা তো অনেক পরে। দশম অধ্যায়ে রাজশেখর যে অভিনবত্ব দেখিয়েছেন সেখানে থেকে অভিনবত্ব কি কি—আলোচনা সেখান থেকেই শুরু করে চলে যাওয়া যাক একাদশ অধ্যায়ে, কারণ শুরুতেই তিনি ‘হরণ’ বা ইংরেজিতে যাকে আমরা Plagiarism বলে থাকি সে আলোচনার বিস্তার ঘটিয়েছেন। একেবারে রচনার শুরুতেই শব্দহরণের যথাযথ সংজ্ঞাটি পাই এভাবে— “পরপ্রযুক্তয়োঃ শব্দার্থয়োরূপনিবন্ধোহরণম্।

অর্থাৎ অন্য লেখক কর্তৃক ব্যবহৃত শব্দ ও অর্থের নিজের রচনায় প্রয়োগ বা ব্যবহারের নাম শব্দার্থহরণ। এর পরেই পাচ্ছি হরণের রকমফের—

“তদ্ দ্বিধা—পরিত্যাজ্যম্নুগ্রাহ্যং চ। তয়োঃ শব্দহরণমেব তাবৎ  
পঞ্চধা—পদতঃ পাদতঃ, অর্দ্ধতঃ, বৃত্ততঃ, প্রবন্ধতশ্চ ইতি।”

এই অংশের অনুবাদটি দেখে নিই—

“এই হরণ বা চুরি দুই প্রকার—(১) পরিত্যাজ্য অর্থাৎ দোষাবহ (২) অসঙ্গত নহে অর্থাৎ শিষ্টাচার—অননুমোদিত।

শব্দহরণ পাঁচ প্রকার—(১) পদ-হরণ, (২) একচরণ-হরণ (৩) একটি কবিতার অর্ধেক অর্থাৎ দুইচরণ-হরণ (৪) ছন্দোহরণ (৫) সম্পূর্ণ কবিতারই হরণ।

এরপর কবিদের পক্ষ নিয়ে একটি সামঞ্জস্যপূর্ণ মন্তব্যও কিস্ত করা হয়েছে—এবং রাজশেখর সম্ভবতঃ তাঁর পূর্বসূরী কোন সাহিত্য সমালোচকের মত উল্লেখ করে বলেছেন—“তত্রৈকপদহরণং ন দোষায়” ইত্যাদি।

আবার যাযাবরীয় রাজশেখর নিজের মতটিও পরেই তুলে ধরেছেন, কেননা ঠিক পরক্ষণেই—

“অন্যত্র দুর্থপদাৎ” ইতি যাযাবরীয়ঃ।”

এবারে অনুবাদ অংশটিতে নজর দিই—

সাহিত্য-সমালোচকগণ বলেন, “একটিমাত্র পদ চুরি দোষের নহে।” কিন্তু যাযাবরীয় রাজশেখর বলেন, “দুইটি অর্থবোধক পদ ব্যতীত অন্যপদ চুরি করাটা দোষের নহে।”

এই পর্যন্ত আলোচনার পরে উদাহরণের দিকে নজর দেওয়া দরকার। তাই রাজশেখর প্রথম উদাহরণ ব্যাখ্যাসহ দিলেন এভাবে—

তত্র শ্লিষ্টস্য শ্লিষ্টপদেন হরণম্—

দূরাকৃষ্টশিলীমুখব্যতিকরান্নো কিং কিরাতানিমান্

আরাদ ব্যাপ্তপীতলোহিতমুখান্ কিং বা পলাশানপি।

পান্থাঃ কেসরিণং ন পশ্যত পুরোহপ্যেণং বসন্তং বনে

মুঢ়া রক্ষত জীবিতানি শরণং যাত প্রিয়াং দেবতাম্।।”

যথা চ—“মা গাঃ পান্থ প্রিয়াং ত্যক্ত্বা দূরাকৃষ্টশিলীমুখম্।

স্থিতং পদ্মানমাবৃত্য কিং কিরাতং ন পশ্যসি।।”

অর্থাৎ এখানে শব্দচুরির ব্যাপারে দ্ব্যর্থবোধক অর্থাৎ শ্লেষযুক্ত পদের শ্লেষযুক্ত পদদ্বারা হরণের উদাহরণ। সমগ্র কবিতার অনুবাদ করা হলে রাজশেখরের মতটিকে বুঝে নিতে সহজ হবে না। তাই প্রথম কবিতায় থাকা ‘শিলীমুখ’ অর্থাৎ (মধুকর, বাণ), কিরাত (নিম্ব-তরু, কিরাত-জাতি), পলাশ (পুষ্প, রাক্ষস), কেসরী (নাগ-কেসর, সিংহ) পদগুলি শ্লিষ্ট। ইহার মধ্যে ‘শিলীমুখ’ ও ‘কিরাত’ পদ-দুইটি শ্লেষযুক্ত ভাবেই ব্যবহার করিয়া কোনও কবি লিখিয়াছেন পরের কবিতাটি যেখানে প্রথম চরণের শেষে ‘দূরাকৃষ্ট শিলীমুখম্’ এবং দ্বিতীয় চরণের প্রায় শেষের দিকে ‘কিরাতং’ শব্দটি ছবছ একই শ্লেষভাবে বসানো হয়েছে।

এবারে রাজশেখর শ্লেষের সাহায্যে শ্লেষযুক্তপদের কোনও অংশ হরণের উদাহরণ দেখিয়াছেন, যেখানে প্রথম কবিতায় থাকা ‘মাংসোপযোগং’ শব্দটি পরের কবিতায় থাকা (মাংস আহার, অথবা আমার সহিত ব্যবহার পদে শ্লেষ আছে) ‘মাংসরসং’ (অর্থাৎ মাং-সরসং এই পদে—পুলকিত চিত্ত, প্রেম বিহুল, সরস আমাকে সাদরে ভজনা কর) এভাবে ব্যবহার করেছেন। দুটো কবিতাই যথাক্রমে রাজশেখরের বিবেচনায় এভাবে রয়েছে—

“নাশচর্যং যদনার্যাপ্তাবস্তু প্রীতিরিয়ং ময়ি।

মাংসোপযোগং কুবীরীত কথং ক্ষুদ্রহিতো জনঃ।।”

যথা চ—

কোপান্মানিনি কিং স্ফুরত্যতিতরাং শোভাধরস্তেহধরঃ

কিং বা চুম্বনকারণাদ দয়িত নো বায়োর্বিকারাদয়ম্।

তস্মাৎ সুক্ষ সুগন্ধিমাহিতরসং স্নিগ্ধং ভজস্বাহহদরান্

মুঞ্জে মাংসরসং ক্রবন্মিতি তয়া গাঢ়ং সমালিঙ্গিতঃ।।”

আবার একবার রাজশেখর তাঁর পূর্বজদের মতামত তুলে ধরে বলছেন—

“ত্রিভাঃ পদেভ্যঃ প্রভৃতি ত্বল্লিষ্টেভ্যো হরণম্” ইত্যাচার্য্যঃ।

অর্থাৎ “আচার্যগণ বলেন “শ্লেষমুক্ত পদসমূহের একই ক্রমে তিনটির অধিক পদ ব্যবহার করাটাই কাব্যহরণ নামে পরিচিত।” এখানে উদাহরণ দিয়েছেন রাজশেখর নিজেই—

“স পাতু বো यस्य जटाकलापे स्थितः शशाङ्क ः स्फुटहारगौरः।

नीलोत्पलानामिव नालपुञ्जे निद्रायमाण ः शरदीव हंसः॥”

যথা চ—

स पাতु बो यस्य हतावशेषास्तुल्यवर्णाङ्गनरङ्गितेषु।

लावण्ययुक्तेष्वपि विव्रसन्ति दैत्याः स्वकास्तानयनोत्पलेषु॥”

এখানে শুরুতে পর পর থাকা তিনটির অধিক পদ ব্যবহার হওয়াতে হরণ হয়েছে বলে রাজশেখরের পূর্ববর্তী সাহিত্য সমালোচকগণের অভিমত। তবে রাজশেখরের কাব্যমীমাংসা গ্রন্থে এই কবিতা দুটিকে পাশাপাশি রেখে পূর্বজদের মত তিনি নিজেই খণ্ডন করেছেন—

“न” इति यायावरीयः बले।

उल्लेखवान् पदसन्दर्भ ः परिहरणीयः प्रत्यभिज्ञयात ः पादोहपि।

तस्यापि साम्ये किञ्चन दृष्टं स्यात्।”

অর্থাৎ “ইহাকে হরণ বলা চলে না।” তাঁহার মতে যে পদগুলির রচনায় ও বিন্যাসে কাহারও প্রতিভা ব্যয়িত হইয়াছে, সেই পদগুলি কোনও ক্রমেই আপনার বলিয়া ব্যবহার করা উচিত নহে; কিন্তু প্রত্যভিজ্ঞাদ্বারা রচিত একটি চরণ পর্যন্ত ব্যবহারে প্রত্যভিজ্ঞালব্ধ রচনার সাদৃশ্য ঘটিলেও কোন দোষ নাই। (অনুবাদ-নগেন্দ্রনাথ চক্রবর্তী)।

এখানে রাজশেখর দুটি উদাহরণ তুলে দেখিয়েছেন। যেমন—ভারবি রচিত কিরাতাজুনীয় কাব্যে তৃতীয় সর্গের দশ নম্বর কবিতায় আছে—

“इत्युक्तवानुक्तिविशेषरम्यं मनः समाधाय जयोपपत्तौ।

उदारचेता गिरमित्युदारं द्वैपायनेनाभिदधे नरेन्द्रः॥”

এই কবিতার প্রথম শব্দবন্ধটি ব্যবহার করে (?) যদিও অন্য একটি কবিতার কথাও রাজশেখর তুলে ধরেছেন; যেমন—

“इत्युक्तवानुक्तिविशेषरम्यं रामानुजन्मा विरराम মানী।

संक्षिप्तमाग्रावसरं च वाक्यं सैवाविधिद्वेष्टे पुरतः प्रभुनाम्॥”

এখানে যেমন প্রথমেই সাদৃশ্য দেখা গেছে দুটি কবিতাতেই, সেরকম অস্তিম শব্দবন্ধের উদাহরণও তিনি দেখিয়েছেন পরেই—

नमः संसारनिर्वाणविषाम्‌तविधायिने।

सगुलोकोर्भिर्ভঙ্গाय शङ्करक्षीरसिन्धवे॥”

এই কবিতার শেষ শব্দবন্ধটি নিয়ে আর একটি কবিতা রচিত, সেটাও ওনার লেখাতেই পাচ্ছি—

“প্রসরদবিন্দুনাদায় শুদ্ধামৃতময়ান্নে।

নমোহনন্তপ্রকাশায় শঙ্করক্ষীরসিন্ধবে।।”

এখানে ‘শঙ্করক্ষীরসিন্ধু’—পদটি সাধারণ মানুষের বুদ্ধিরচিত নহে—ইহাতে প্রকৃত প্রতিভার পরিচয় আছে। ক্ষীর সমুদ্র হইতে বিষ ও অমৃত-দুইটিরই উৎপত্তি, শঙ্করও সংসার বন্ধনের বিষ মুক্তির অমৃত বিতরণ করিয়া থাকেন। এই প্রতিভার পরিচায়ক পদটি উদ্ধৃত করিয়া আর একটি কবিতার কথা উল্লেখ করে পরের কবিতাটি রচনা করা হলেও কাব্যহরণ বলা যাবে না; তাহা উদ্ধৃতিমাত্র—“পাদ এবাহন্যথাত্রকরণকারণং ন হরণম্ অপি তু স্বীকরণম্”—ইত্যাচার্য্যঃ।” (তদেব, পৃ-২৩৯)।

পরে, অনেক পরে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ অনেক পরে এই বিষয়টি নিয়ে গভীরভাবে আলোচনা করেছেন এভাবে—

আবার আর একটু পরেই রাজশেখর পূর্বজদের মতামতকে খণ্ডন করে বলেন—উদ্ধৃতি দিলেও কখনও সমর্থন করা যাবে না, ‘হরণ’-ই বলতে হবে। যেমন—

“ত্যাগাধিকাঃ স্বর্গমুপাশ্রয়ন্তে ত্যাগেন হীনাঃ নরকং ব্রজন্তি।

ন ত্যাগিনাং কিঞ্চিদসাধ্যমস্তি ত্যাগো হি সর্ববসনানি হস্তি।।”

এবং অন্য একটি কবিতায় রাজশেখর সাদৃশ্য দেখিয়েছেন—

“ত্যাগো হি সর্ববাসনানি হস্তীত্যালীকমেতদ্ ভুবি সম্প্রতীম্।

জাতানি সর্ববাসনানি তস্যাস্ত্যাগেন মে মুঞ্চবিলোচনায়াঃ।।”

এখানে প্রথম কবিতার শেষ চরণে চারটি শব্দ নিয়ে পরের কবিতাটির প্রথমেই উল্লেখ করাতে রাজশেখরের পূর্বজরা যদিও দোষের মনে করেন না, কিন্তু রাজশেখর এখানে তা খণ্ডন করে বলেন— এখানে ‘হরণ’-ই হয়েছে—

“তদিদং স্বীকরণাপরনামধেয়ং হরণমেব। তদ্বদ অর্ধপ্রয়োগোহপি।”

অর্থাৎ যাযাবরীয় রাজশেখর কিন্তু বলেন, “গ্রহণের নামে ইহা কবিতাহরণই বটে।” (অনুবাদ নগেন্দ্রনাথ চক্রবর্তী) পৃ-৯৬

আর একটি উদাহরণ দেখে নিই রাজশেখরের রচনা থেকে যেখানে তিনি বলেছেন—

“পাদৈকদেশগ্রহণমপি পদৈকদেশোপলক্ষণপরম্।”

অর্থাৎ, একটি চরণের একটি অংশ গ্রহণও একটি পদের যে কোন অংশ বুঝাইয়া থাকে— এবং সেটি হরণ। যেমন উদাহরণে দেখিয়েছেন—

“অসকলহসিতত্বাৎফালিতানীব কাস্ত্যা মুকুলিতনয়নত্বাদ্ ব্যক্তকর্ণোৎপলানি।

পিবতি মধুসুগন্ধীন্যাননানি প্রিয়ানাং ত্বয়ি বিনিহিতভারঃ কুন্তলানামধীশঃ।।”

এখানে শেষের অংশটি অবলম্বনে কেমনভাবে সামান্য পরিবর্তন করে অন্য একটি কবিতা রচিত হয়েছে দেখা যাক—

“পিবতু মধুসুগন্ধীন্যাননানি প্রিয়ানাং।

ময়ি বিনিহিতভারঃ কুন্তলানামধীশঃ।।”

দেখানো হয়েছে যে আগের কবিতার তৃতীয় অংশে ‘পিবতি’র জায়গায় ‘পিবতু’ এবং ‘ত্বয়ি’—পরিবর্তে ‘ময়ি’ এই শব্দদ্বয়কে কেবলমাত্র পরিবর্তন করে শব্দ/পদহরণ করা হল।

এভাবে আলোচনা করতে করতে রাজশেখর তাঁর কাব্যমীমাংসা গ্রন্থে এসে দ্ব্যর্থহীন ভাষায় বললেন—“যত্ন পরকীয়ং স্বীয়মিতি প্রোক্তানামন্যতমেন কারণেন বিলপস্তু, তন্ন কেবলং হরণম্ , অপি তু দোষোদাহরণম্। মুক্তকপ্রবন্ধবিষয়ং তৎ।

অর্থাৎ অনুবাদে— “আবার এই যে পরের রচনাকে উল্লিখিত যে-কোনও একটি উপায় অবলম্বনে অনর্থক নিজের রচনা বলা, তাহা কেবলমাত্র চুরি নহে, তাহা নিজের চরিত্রেরই কলঙ্কসূচক। এই জাতীয় রচনা মুক্তক-কাব্য ও প্রবন্ধ-সাহিত্য— সম্পর্কেই ঘটে।” (নগেন্দ্র)।

দেখা যাচ্ছে সমালোচককার রাজশেখর কাব্য-হরণ করাকে মোটেই সমর্থন করেন নি এবং তীব্রভাষায় ধিক্কার জানিয়েছেন। অনেকে অসদুপায়ী লেখক, বিশেষ করে প্রবন্ধলেখক মনে করেন যে অসদুপায় করে নাম-যশ অর্জন করবেন, সেখানেও রাজশেখর তীব্র ভাষায় তিরস্কার করেছেন সেই সমস্ত কবিগণকে (তা তিনি কাব্য-কবি, শাস্ত্রকবি অথবা সাধারণ কবি, যিনিই হোন না কেন) ধিক্কার জানিয়েছেন। শুধু এখানেই ক্ষান্ত হন নি। নানারকম অসদুপায় অবলম্বনের রকমফেরও দেখিয়েছেন—যা আমাদেরও বুঝতে সাহায্য করে এবং জানতে পারছি যুগে যুগে কত রকমভাবে কাব্য চুরি বা হরণ করে মূলরচয়িতাকে ঠকানো হত সে যুগে এবং এখনও হয়। আমাদের দেশে UGC তাই গবেষণা জমা দেওয়ার আগে অন্ততঃ একবার কৃষ্টিপাথরে সোনা যাচাই করার মতো গবেষণা কর্মটিকে যাচাই করতে বাধ্য করেছেন এবং UGC-র নির্দেশিত পন্থাটিকে অবলম্বন করেই করতে হবে—এমন ব্যবস্থার মধ্য দিয়ে চলতে বাধ্য করেছেন। কিন্তু বলতে বাধ্য হচ্ছি, যদি অর্থ প্রদানের মাধ্যমে কোন বিশেষজ্ঞকে দিয়ে লিখিয়ে নিয়ে গবেষণা কর্ম জমা দেওয়া হয়, তাহলে কিন্তু যন্ত্র সেটিকে সনাক্ত করে উঠতে অপারগ হতে পারে এবং অর্থপ্রদানকারী ব্যক্তি নিজের নামে ঐ কৃতীত্ব অর্জন করে সমাজে একজন গণ্যমান্য হিসেবে বিবেচিত হতে পারেন, এবং কেউ জানতে না পারলে তো সোনা সোহাগা।

এখানে এতোটা বলার একটাই উদ্দেশ্য—এই অসাধু কাজ যে সেযুগেও চলতো, তা দেখানোই উদ্দেশ্য এবং এই অসদুপায়ের পন্থাগুলি রাজশেখর তাঁর ‘কাব্যমীমাংসা’ গ্রন্থে লিপিবদ্ধ করে সমাজের উপকার করেছেন। দেখি তিনি কীভাবে ব্যাপারটিকে সাজিয়েছেন—

মূল্যক্রয়োহপি হরণমেব। বরমপ্রাপ্তির্যশসো ন পুনদূর্যশঃ।”

এই অংশের অনুবাদে বলা হয়েছে—“অন্যের কাব্য মূল্য দিয়া ক্রয় করিয়া নিজের নামে প্রচার করাটাও চুরি। কলঙ্ক অর্জন করা অপেক্ষা সুযশ ও সুনাম লাভ না করাও ভাল।” (অনুবাদ নগেন্দ্রনাথ চক্রবর্তী)

দেখা যাচ্ছে অল্প কথায় তিনি সমস্যাটিকে সনাক্ত করে যাঁরা এ কাজ করবেন তাঁদের প্রতি ধিক্কার জানিয়েছেন। প্রসঙ্গত আরও কয়েকটি ক্ষেত্র তিনি দেখিয়ে আমাদের চোখ খুলে দিয়ে চেয়েছেন। যেমন— গুণী মানুষের সান্নিধ্যে এলে সাধারণও মানুষও কিছু গুণের অধিকারী হন বা হতে পারেন। সেই ব্যাপারটি অনেকটা আশ্রয়—আশ্রিতের মতো, এখানে কিছু অনুকরণ থাকবে—এবং সেটা ততটা দোষাবহ নহে। কিন্তু যদি সবটাই ধার করে নিজের নামে চালিয়ে দেওয়া হয় সেটা অন্যায়া। মূল আলোচনায় আছে—

“সভাপতিস্তু দ্বিধা, উপজীব্য, উপজীবকশ্চ ইতি। তত্রোপজীবনমাত্রাণ ন কশ্চিদ দোষঃ।

যতঃ সর্বোহপি পরেভ্য এব ব্যুৎপদ্যতে। কেবলং তত্র সমুদায়ো গুরুঃ।

“তদ্বদুক্তিহরণম্ ইত্যাচার্যাঃ।”

অনুবাদকারের প্রতি দৃষ্টি দিলে দেখতে পাবো—

“সভাপতি দুই শ্রেণীর— (১) যাঁহাকে অন্য লেখকগণ আশ্রয় করিয়া থাকেন (২) যিনি অন্য লেখকদিগকে আশ্রয় করিয়া থাকেন। এ স্থলে আশ্রয়-আশ্রিত ভাবমাত্রেই কোনও দোষ হয় না। কারণ, সকলেই তো অপরের নিকট ব্যুৎপত্তি লাভ করে। তবে এ স্থলে একেবারে যাবতীয় রচনাই যদি পরের নিকট ধার করা হয়, তবে তাহা গুরুতর দোষ।

এখানে আবার দুটি উদাহরণ পরপর সাজিয়েছেন রাজশেখর—

“যথা—“উরুদ্বয়ং সরসকদলীকাগুসব্রহ্মচারি।”

এই যে ব্যুৎপত্তিলব্ধ বাক্যগুলি নিয়ে সামান্য পরিবর্তন করে নিজের নামে উপস্থাপন কিন্তু দোষাবহ। যেমন পরেই উদাহরণ দিয়েছেন—

“যথা চ—“উরুদ্বয়ং কদলকন্দলয়োঃ সবংশং শ্রোগিঃ শিলাফলক-সোদরসম্মিবেশা।

বক্ষঃ স্তনদ্বিতয়তাভিতকুণ্ডশোভং সব্রহ্মচারি শশিনশচ মুখং মুগাক্ষ্যাঃ।।

এখানে পরে উল্লিখিত কবিতার মধ্যে অনেকগুলি পদশব্দই আগেরটি থেকে অনুকরণ করে নিজের নামে চালিয়ে দেওয়ায় কিন্তু হরণ হল। পরে এই স্থানে ব্যাখ্যা-কালে তিনি দ্বার্থহীনভাবে বললেন—

“উক্তয়ো হৃথাস্তরসংক্রান্তা ন প্রত্যাভিজ্ঞায়ন্তে স্বদন্তে চ; তদর্থাস্ত হরণাদপি হরণং স্যুঃ” ইতি যাযাবরীয়ঃ।”

এই অংশের অনুবাদটি দেখি। এখানে অনুবাদকার ব্যাখ্যাও দিয়েছেন সুন্দরভাবে— “আচার্যগণ বলেন, “অপরের কাব্য মূল্য দিয়ে ক্রয় করিয়া চুরি করার মত পরের উক্তি চুরি করাও চরিত্রেই কলঙ্কসূচক।”—

...

[পূর্ব কবিতায় উরু যুগলের যে তুলনা দেওয়া হইয়াছে, এখানেও তাহাই ]

“শব্দগুলি বা উক্তিগুলি অন্য অর্থে ব্যবহৃত হইলে, আর চেনা যায় না যে এইগুলি সেই শব্দ; কিন্তু তাহা অজ্ঞাতসারে সরস হইয়া উঠে। অপহৃত উক্তি বা শব্দসমূহের অর্থগুলি কিন্তু চুরির উপর চুরি”—ইহাই যাযাবরীয় রাজশেখরের অভিমত।”

এইবার এই অধ্যায়ের অন্তিমে এসে রাজশেখর দীর্ঘ কবিতাবন্ধে নিজের মতামত দিয়ে কতকগুলি সত্যকথা, যা কাউকে রুপ্ত করতে পারে ভেবেও তুলে ধরেছেন। তাঁর এই পর্যবেক্ষণ সত্যিই অভিনব এবং অসাধারণ। অভিনব এবং অসাধারণ বলা হচ্ছে এইজন্যেই যে তাঁর আগে আর কোন সাহিত্য-সমালোচনা গ্রন্থে এই অনুভবের কথা পাওয়া যায় নি।

আগে রচনাংশটি তুলে ধরি, পরে অনুবাদটিও—

“নাস্ত্যচৌরঃ কবিজনো নাস্ত্যচৌরো বণিগ্জনঃ।

স নন্দতি বিনা বাচ্যং যো জানাতি নিগূহিতুম্।।

উৎপাদকঃ কবিঃ কশ্চিৎকশ্চিচ্চ পরিবর্তকঃ।

আচ্ছাদকস্তথা চান্যস্তথা সংবর্গকোহপরঃ।।

शब्दार्थोक्तिषु यः पश्येदिह किञ्चन नूतनम्।

उल्लिखेत् किञ्चन प्राच्यं मन्यतां स महाकविः॥”

আগে এই অধ্যায়ের বিস্তৃত আলোচনাগুলিকে সংহত করে একজায়গায় এনে শব্দ চুরির পর্যায়গুলি তুলে ধরে কবি এবং মহাকবির প্রশংসা করে তাঁদের উচ্চাসনে বসিয়েছেন; এবং যারা অসদুপায় অবলম্বন করে, যেমন অন্যের রচনা থেকে সামান্য কিছুও হরণ করে, হরণ করার পরেও যাতে পাঠক জানতে না পারেন, সে চেষ্টা করে যান, আবার কেউ বা সমগ্র অংশটিই নিজে রচনা করেছেন বলিয়া অন্যকবির রচনাকে আচ্ছাদন করে বসেছেন— এরকমও দেখা যায় এবং এরা হয়তো কবি প্রতিভা নিয়ে জন্মায়নি, তাই চতুর্থ শ্রেণীর পঙ্ক্তিবৃত্ত। সত্যিকার কবি এবং মহাকবির যথেষ্ট প্রশংসা করেছেন। এই অনবদ্য অনুভূতি সম্বলিত অংশটি অনুবাদ করেছে নগেন্দ্রনাথ চক্রবর্তী, সেটিও যথেষ্ট সুন্দর, তাই অনুপুঙ্খভাবে তুলে ধরা হল :

“এমন কোন কবি নাই, যিনি চুরি করেন না; এমন বণিক্ নাই যিনি চোর নহেন। কিন্তু যিনি গোপন করিতে বা লুকাইতে পারেন, তিনি নিন্দার মুখে ছাই দিয়া আনন্দে দিন কাটান।”

“কোনও কবি স্থায় প্রতিভাদ্বারা শব্দার্থ চয়ন করিয়া কাব্য সৃষ্টি করেন; কোনও কবি আবার নিজস্ব উক্তির সহিত অপরের উক্তির বিনিময় করিয়া কাব্য রচনা করেন; অপর এক শ্রেণীর কবি অন্যের উক্তি বেশ সাবধানে লুকাইয়া ব্যবহার করেন; আর চতুর্থ শ্রেণীর যে কবি, তিনি দিনে দুপুরে ডাকাতি করেন অর্থাৎ অন্য কবির সমগ্র কাব্যখানি নিজের বলিয়া প্রচার করেন।”

“শব্দ-জগৎ ও অর্থ-জগৎ অর্থাৎ বাণ্ডময় জগতে যিনি নূতন কিছু দেখিতে পান ও সর্বপ্রথম অনির্বচনীয় কোনও কিছু প্রতিভা বলে উদ্ভাবন করিয়া রচনা করিতে পারেন, তিনি মহাকবি নামের যোগ্য।”

আগেই বলা হয়েছে-এভাবে পুঙ্খানুপুঙ্খভাবে রাজশেখরের আগে কোন সাহিত্য সমালোচক শব্দহরণ বা অর্থহরণ ব্যাপারগুলিকে নথিভুক্ত করেন নি এবং উদাহরণ সহযোগে দেখিয়ে দেন নি, তাই এখানে রাজশেখরের অভিনবত্ব বলে মান্যতা দিতেই হবে। এবারে আমরা আমাদের মতো করে অর্থাৎ রাজশেখরের ‘কাব্যমীমাংসা’ গ্রন্থে থাকা বিভিন্ন উদাহরণ ছাড়াও এবং তাদের শ্রেণীবিভাগ ছাড়াও অন্য কয়েকটি সূত্র থেকে ভাব-ভাবনা-রচনা গ্রহণ করে নিজের রচনায় সংযোগ করা নিয়ে উদাহরণসহ আলোচনার পরিধি বাড়াতে চাই।

সংস্কৃত সাহিত্যের বিখ্যাত কবি হলেন কালিদাস। যদিও তাঁর সম্পর্কে কোন কিছুই বিস্তৃতভাবে জানা যায়নি, তাই কিংবদন্তি নির্ভর যে সমস্ত তথ্য তাঁর নামে চলে আসছে, তার ঐতিহাসিক ভিত্তি নিয়ে যথেষ্ট সন্দেহের অবকাশ আছে। তিনি এমন এক প্রতিভা নিয়ে জন্মেছেন যে তাঁর পরিচয় তাঁর নামে কাব্য-নাটক সমূহে ধরা আছে, ব্যক্তি পরিচয় নেই সেখানে। তাঁর পূর্ববর্তী কবি এবং নাট্যকারদের মধ্যে অশ্বঘোষ এবং ভাস—এই দুজনকে নিয়ে দেখানো যায় যে এদের প্রভাব থেকে মুক্ত হননি কালিদাস এবং স্বজ্ঞানে অথবা সচেতনভাবে পূর্বসূরীদের রচনা সরাসরি তাঁর কাব্য-নাটকে পাওয়া গেছে—ভাব ও ভাষায়। তাই সেখানে কিছু আলোকপাত করা যাক। তার আগে পূর্বসূরী অশ্বঘোষ ও ভাস-এর সময়কাল নিয়ে সামান্য কিছু আলোকপাত করা দরকার, না হলে কে কোন লেখকের থেকে ঋণী—এগুলো প্রমাণ হয় না।

এ পর্যন্ত আমরা রাজশেখরের ‘কাব্যমীমাংসা’-গ্রন্থে থাকা উদাহরণ নিয়ে আলোচনা করে দেখালাম। এখন অন্যান্য জায়গা থেকে উদাহরণ দেখিয়ে আলোচনা বিস্তার ঘটানো যাক।

অশ্বঘোষ— সময় :

কবি অশ্বঘোষ-এর সময় হিসাবে আমরা বিদগ্ধ পণ্ডিত Maurice Winternitz এর History of Indian Literature, Vol. -II, Oriental Books Reprint Corporation, 1972, যেটি Translated from the Original German by Mrs. S. Ketkar প্রকাশ হয়েছিল, সেখান থেকে কিছুটা তুলে ধরি—

“...To-day we know him as one of the most prominent poets of Sanskrit literature, as the most important predecessor of Kalidasa, and as the creator of epic, dramatic and lyrical compositions; but of his life we know little. The traditions embodied in the Chinese and Tibetan sources agree in asserting that Asvaghosa was a contemporary of King Kaniska (2nd century A.D.) [এখানে একটি Foot note-এ পাচ্ছি ‘According to Chinese sources, Asvaghosa was the spiritual counsellor and Caraka was the medical adviser of King Kaniska.’] [P-256-267].

এখানেই APPENDIX-V (on page 257) আলোচনা পাচ্ছি—

“Hence even now we have nothing beyond hypotheses as to Kaniska’s time. Epigraphical, numismatic, archaeological and literary evidence points more and more to the 2nd century A. D. as the time when Kaniska reigned, and to round about 125 A.D. as the probable date of his accession. This view, still maintain by a few scholars, that Kaniska is the founder of the Saka era, which began in 78 A.D., is less likely to be correct.” [Ibid, P—611]

এ বিষয়ে আরও অনেক আলোচনা আছে, আপাতত সে সব বিষয়ে আলোচনার দরকার নেই। শুধু আমাদের প্রয়োজনে কবি কালিদাস পূর্ববর্তী কয়েকজন কবিকে নিয়ে আলোচনার দরকার আছে। যীশুখ্রীষ্টকে রেখে যেমন “B.C” আর “A.D.” — বলে সময় নিরূপণ করা হয়ে আসছে, সেরকমই সংস্কৃত সাহিত্যে কালিদাসকে প্রতিষ্ঠা করতে পারলে ‘কালিদাস পূর্ববর্তী যুগ’ এবং ‘কালিদাস পরবর্তী যুগ’ নিয়ে সংস্কৃত সাহিত্যের কবিদের সময় নিরূপণ সহজ হয়। যাই হোক কালিদাস পূর্ববর্তী অশ্বঘোষ-এর সময়ের যে রচনা এখনও পর্যন্ত হাতে এসেছে সেগুলি হল—(১) বুদ্ধচরিত ১৭টি সর্গে বিভক্ত মহাকাব্য, (২) সৌন্দর্যনন্দ, ১৮টি সর্গে বিভক্ত মহাকাব্য, (৩) সারিপুত্রপ্রকরণ, নয় অংকের নাটক, (৪) বজ্রসূচী, (৫) গণ্ডীস্তোত্রগাথা, (৬) সূত্রালংকার। এই তালিকায় চোখ রাখলেই বোঝা যাবে অশ্বঘোষ কালিদাস পূর্ববর্তী সময়ে একজন প্রথিতযশা এবং খ্যাতকীর্তি ছিলেন। কাজেই তাঁর রচনা পরবর্তী লেখকদের যে প্রভাবিত করবেই এবং কেউ কেউ সেখানে শব্দ ভাব, ভাবনা নিয়ে নিজস্ব কবিকৃতিকে ব্যবহার করতেই পারেন, এমনকি কবি কালিদাসকেও এই তালিকায় অন্তর্ভুক্ত করাই যায়। তাই আলোচনা প্রসঙ্গে সেটি দেখে নেওয়া আমাদের কর্তব্য। অতএব আলোচনার বিস্তার ঘটানো যাক—

অশ্বঘোষ রচিত ‘সৌন্দর্যনন্দ’ কাব্যে একটি কবিতা এরকম—

“তাং সুন্দরীং চেন্ন লভেত নন্দঃ সা বা নিষেবেত ন তং নতদ্রঃ ।

দন্দং ধ্রুবং তদ্বিকলং ন শোভে তান্যোন্যহীনাবিব রাত্রিচন্দ্রৌ ॥” [ সৌন্দর্যনন্দ—৪.৭ ]

এবার কালিদাস রচিত ‘রঘুবংশ’ কাব্যে (মহাকাব্যে) অজ ও ইন্দুমতীর নগর প্রবেশের বর্ণনায় আছে—

“পরস্পরেণ স্পৃহনীয় শোভম্

ন চেদিমং দ্বন্দ্বমযোজয়িষ্যৎ।

অস্মিনদ্বয়ে রূপবিধানযত্নঃ

পত্যুঃ প্রজানাং বিতথোহভবিষ্যৎ” [রঘুবংশ—৭.১৪]।

এবারে অশ্বঘোষ রচিত ‘বুদ্ধচরিতম্’ কাব্য থেকে একটা কবিতা উল্লেখ করে কেমন ভাবে কালিদাসের কাব্যে ছায়া ফেলেছে তা দেখানোর চেষ্টা করি :

“বাতা ববুঃ স্পর্শসুখং মনোজ্ঞা

দিব্যানি বাসাংস্যবপাতয়ন্ত্যঃ।

সূর্যঃ স এবাভ্যাধিকং চকাশে

জজ্জ্বাল সৌম্যর্চিরনীরিতোহগ্নি।।” [বুদ্ধচরিত, ১.২২ ]

আর কালিদাস রচিত কুমারসম্ভবম্ কাব্যে আছে—

“বাতা ববুঃ সৌখ্যকরাঃ প্রসেদু—

রাশা বিধুমো হতভূগ্ দ্বিদীপে।

জলান্যভুবন্ বিমলানি তত্রোৎ—

সর্বেহস্তুরিষ্কং প্রসসাদ সদ্যঃ।।” [কুমারসম্ভবম্। ১১.৩৭ ]

[দেখা যাচ্ছে এখানে শব্দ শুধু নয়, ভাবপ্রকাশও অনেকটা মিলে যায়। এবং বলা যায় ভাবনা প্রকাশের ক্ষেত্রে অশ্বঘোষ এক্ষেত্রে অনন্য।]

অশ্বঘোষ রচিত ঐ ‘বুদ্ধচরিতম্’ কাব্য থেকে আর একটি উদাহরণ উদ্ধার করে কালিদাস রচিত ‘মেঘদূতম্’ কাব্যে থাকা একটি কবিতার সাথে কেমনভাবে মিলে যাচ্ছে তা দেখানো যাক—

“অতোহপি নৈকান্তসুখোহস্তি কশ্চি—

নৈকান্তদুঃখ পুরুষঃ পৃথিব্যাম্। [অশ্বঘোষ : বুদ্ধচরিতম্ । ১১.৪৩]

কালিদাস রচিত ‘মেঘদূতম্’ কাব্যে থাকা কবিতাটি হল—

“কস্যৈকান্তং সুখমুপনতং দুঃখমেকান্তবো বা।

নীচৈগচ্ছুতু্যপরি চ দশা চক্রনেমিক্রমেন।। [মেঘদূতম্ : ২.৪৮]

অশ্বঘোষ রচিত ‘বুদ্ধচরিতম্’ থেকে আর একটি কবিতা উদ্ধার করে কবি কালিদাসের কাব্যে থাকা আর একটি কবিতার ভাব-এর সাদৃশ্য দেখানো যেতে পারে। যেমন—

দ্বন্দ্বানি সর্বস্য যতঃ প্রসজ্ঞান্যালাভলাভ প্রভৃতীনি লোকে।

অতোহপি নৈকান্ত সুখোহস্তি” কাশ্চি নৈকান্ত দুঃখঃ পুরুষঃ পৃথিব্যাম্।।”

[বুদ্ধচরিতম্ -১১.৪৩]

যার অর্থ, “যেহেতু লাভ ও ক্ষতি প্রভৃতি বিরুদ্ধ ভাবগুলি জগতে সকল বস্তুতেই জড়িয়ে আছে, এই কারণেও জগতে কোন পুরুষ একান্তভাবে সুখি বা একান্তভাবে দুঃখী নয়।”

আর কালিদাসের ‘মালবিকাগ্নিমিত্রম্’ নাটকে আছে—

“পুরাণমিত্যেব ন সাধু সর্বং ন চাপি কাব্যং নবমিত্যবদ্যম্।

সম্ভঃ পরীক্ষ্যান্যতরদভজন্তে মূঢ় পরপ্রত্যয়নেয়বুদ্ধিঃ?” [ মালবিকাগ্নিমিত্রম্ । ১ম অংক]  
২য় কবিতা।

অর্থাৎ “পুরনো হয়েছে বলেই যে সব কাব্য উৎকৃষ্ট তা নয়, আবার নতুন (লেখা) বলেই সে কবিকর্ম ফেলনা হয় না। সজ্জনেরা পরীক্ষা করেই দুটোর মধ্যে একটাকে বেছে নেন, যাদের বুদ্ধি নেই তারাই পরের ধারণা শুনে চলে।”

এবার সংস্কৃত সাহিত্যে আর এক কালিদাস পূর্ববর্তী অন্যতম নাট্যকারগণের মধ্যে উল্লেখযোগ্য হলেন ভাস, যাঁর রচিত (১৩) তেরটি নাটকের কথা পাওয়া যায়। ইংরেজী ১৯০৯ খ্রীষ্টাব্দে ত্রিবাঙ্কুর রাজ্য সরকারের অন্যতম ব্যক্তিত্ব T. G. Sastri—মালয়ালম্ হরফে লেখা একখানি তালপাতার পুঁথি আবিষ্কার করেন যার পৃষ্ঠা সংখ্যা ছিল ১০৫, এবং প্রতি পাতায় ১০টি করিয়া লাইন ছিল। পুঁথিতে দেখা গেল ১০ খানি নাটক আছে, পরে আরও তিনখানি রূপক (নাটক) পাওয়া গেল যেগুলি যথাক্রমে— (১) স্বপ্নাসবদত্তা, (২) প্রতিজ্ঞায়ৌগন্ধরায়ণ, (৩) পঞ্চরাত্র, (৪) চারুদত্ত, (৫) দূতঘটোৎকচ, (৬) অবিমারক, (৭) বালচরিত, (৮) মধ্যমব্যয়োগ, (৯) কর্ণভার, (১০) উরুভঙ্গ, (১১) প্রতিমা নাটক, (১২) অভিষেক নাটক, (১৩) দূতবাক্য।

নাট্যকারের নাম নেই। কিন্তু রচনাকার যে একই ব্যক্তি, সে বিষয়ে সংশয় নেই। বিস্তর তর্ক-বিতর্ক এবং পরবর্তী লেখকের উদ্ধৃতি অনুযায়ী (যেমন, কালিদাসের মালবিকাগ্নিমিত্রম্ নাটক, বাণভট্ট, সাহিত্য সমালোচকগণের অনেকেই এবং আমাদের আলোচনায় থাকা রাজশেখরের রচনায়—

“ভাসনাটকচক্রেহপি ছেকৈ ঃ ক্ষিপ্তে পরীক্ষিতুম্। স্বপ্নবাসবদত্তস্য দাহকোহভূন্ন পাঠক ঃ”।। ইত্যাদি প্রমাণের দ্বারা ১৩টি নাটক যে ভাসের রচনা তা স্বীকার করে নেওয়া হয়।

ভাসের সময়কাল অশ্বঘোষের পরে বলে পণ্ডিতগণ অভিমত প্রকাশও করেন।

তা এ হেন ভাস কবির অন্যতম একটি নাটকের নাম ‘স্বপ্নবাসবদত্তম্’, যেখানে প্রথম অংকে এক ব্রহ্মচারীর আশ্রমে প্রবেশের মুহূর্তে আত্মগতভাবে কি বলেছেন তা ধরা আছে এভাবে—

ব্রহ্মচারী— ‘(উর্দ্ধমবলোক্য) স্থিতো মধ্যাহ্নঃ। দৃঢ়মস্মি পরিশ্রান্তঃ। অথ কস্মিন্ প্রদেশে বিশ্রময়িষ্যে?  
(পরিক্রমা) ভবতু, দৃষ্টম্। অভিতস্তপোবনে ভবিতব্যম্। তথাহি—

বিস্রধং হরিণাশ্চরন্ত্যচকিতা দেশাগত প্রতয়া

বৃক্ষা ঃ পুষ্পফলৈঃ সমৃদ্ধবিটপা ঃ সর্বে দয়ারক্ষিতাঃ।

ভূয়িষ্ঠং কপিলানি গোকুল ধনান্যক্ষেত্রবত্যো দিশো

নিঃসন্ধিগ্ধমিদং তপোবনয়ং ধুমো হি বহ্ন্যাশ্রয়ঃ।।’ [প্রথম অংক—১২]

[অনুবাদ। ব্রহ্মচারী (আকাশের দিকে তাকিয়ে) মধ্যাহ্ন উপস্থিত। আমি অত্যন্ত ক্লান্ত! কোথায় গিয়ে বিশ্রাম করব? (পরিক্রমণ করে) এই তো দেখতে পেয়েছি! চারদিক দেখে মনে হচ্ছে এটি একটি তপোবন, কেননা—

“হরিণগুলি গভীর বিশ্বাসে অচকিতভাবে বিচরণ করছে। পুষ্পফলে সমৃদ্ধ, শাখায় শোভিত বৃক্ষগুলি এখানে সম্যক রক্ষিত; কপিল বর্ণের বহু গাভী এখানে-ওখানে ঘুরে বেড়াচ্ছে, চারদিকে চাষ না করা জমি। বহুস্থানে

বহিঃ থেকে ধূম নির্গত হচ্ছে। নিঃসন্দেহে এটি তপোবন। তাহলে এখানে প্রবেশ করা যেতে পারে।”

আর কালিদাসের ‘অভিজ্ঞান-শকুন্তলম্’ নাটকে অনুরূপ তপোবন প্রবেশের আগে রাজা দুঃস্বপ্নের অনুভূতি দেখি—

“রাজা (পরিক্রমাবলোক্য চ) ইদমাশ্রমদ্বারম্, যাবৎ প্রবিশ্যামি। (প্রবিশ্য নিমিত্তং সূচয়ন)।

শান্তমিদমাশ্রমপদং স্মুরতি চ বাহুঃ কুত ফলমিহাস্য।

অথবা ভবিতব্যানাং দ্বারানি ভবন্তি সর্বত্র।। [প্রথম অংক]

অথবা ভাস রচিত ‘অবিমারক’ নাটকের অংশ—‘অহো ভবিতব্যস্য প্রভাবঃ’

অন্যত্রও আর একটি অংশ সরাসরি যেন উঠে এসেছে কালিদাসের ভাবনায়। দুটি অংশ তুলে ধরলে এরকম :

“বিবাহো নাম বহুশঃ পরীক্ষা কর্তব্য্য ভবন্তি। কুতঃ

“জামাতৃসম্পত্তিমচিস্তয়িত্বা পিত্রা তু দত্তা স্বমনোহভিলাষাৎ।

কুলদ্বয়ং হস্তি মদেন নারী কুলদ্বয়ং ক্ষুদ্রজলা নদীব।।”

[ ভাস রচিত ‘অবিমারক’ নাটক ]

**অনুবাদ :** ‘দেবী, নানা দিক বিচার করে বিবাহ স্থির করা উচিত। জামাতার গুণাবলী চিন্তা না করে পিতা যদি নিজের ইচ্ছা মতো কন্যাকে সম্প্রদান করে, তাহলে নদী যেমন ক্ষুদ্র জল নিয়ে দুই তীরকে ধ্বংস করে তেমনি ঐ নারীও মদমত্ত হয়ে দুই কুলকে বিনষ্ট করে।

এবার কালিদাস রচিত ‘অভিজ্ঞান-শকুন্তলম্’ নাটকে যেখানে দুঃস্বপ্নের রাজসভায় শকুন্তলাকে স্ত্রী হিসাবে স্বীকার করলেন না তখন ঋষিবালক শর্ঙ্গরর শকুন্তলাকে তিরস্কার করে বলছেন—

“ইথমাত্মকৃতমপ্রতিহতং চাপলং দহতি।

অতঃ পরীক্ষ্য কর্তব্যং বিশেষাৎ সঙ্গতং রহঃ।

অজ্ঞাতহৃদয়েষ্বেবং বৈরীভবতি সৌহৃদম্।।” (৫.২৪)।

[অভিজ্ঞান শকুন্তলম্। ৫ম অংক]

**অনুবাদ :** যে চপলতা স্বকৃত এবং অনিয়ন্ত্রিত তা এই ভাবেই দগ্ধ করে। এই জন্যেই গোপন—মিলন ভেবে চিন্তেই করতে হয়। যার মন জানা নেই তার সঙ্গে সম্প্রীতি হলেও তা শত্রুতার রূপ নেয়।’

রথগতি বা রথের গতিবেগ নিয়ে যখন ভাস রচিত ‘প্রতিমা’ নাটকে দশরথের মৃত্যু হয়েছে জেনে ভরতকে মাতুলালয় থেকে নিয়ে আসছে সারথি, রথের সেখানে গতিবেগ এত দ্রুত যে ভরত বলছেন—

‘ভরতঃ (রথবেগং নিরূপ্য)

অহো খলু রথবেগঃ। এতে তে,

দ্রুমা ধাবন্তীব দ্রুতরথগতিক্ষীণবিষয়া

নদীবোদ্ধুতাস্মু নির্পতিত মহী নেমিবিবরে।

অর ব্যক্তিন্ধী স্থিতমিব জবাচ্চক্রবলয়ং

রজশচাম্বোধূতঃ পতনি পুরতো নানুপততি।।

[প্রতিমানাটকম্। ৩য় অংক, ১ নং কবিতা]

এবার কালিদাস রচিত ‘অভিজ্ঞান-শকুন্তলম্’ নাটকে রথারণ্য রাজা দুহন্ত হরিণের পাশচাতে ধাওয়া করতে করতে যে কথা বলেছেন, তাও যেন ভাস রচিত ‘প্রতিমা’ নাটকের ধারণা নিয়েই মনে হবে— যখন দেখি—

‘যদা লোকে সূক্ষ্মং ব্রজতি সহসা তদ্বিপুলতমাম্।

যদদ্ধাবিচ্ছিন্নং ভবতি কৃতসঙ্কানমিব তৎ।।

[প্রথম অংক, ৯নং কবিতা]

এবার দুটি ক্ষেত্রে অনুবাদ দেখি—

‘ভরত—(রথের বেগ দেখে) কী অদ্ভুত রথের বেগ! এই গাছেরা যেন দৌড়ে চলেছে। দ্রুত রথ-গতির জন্যে দুপাশের সবকিছু যেন আবছা দেখাচ্ছে। নদীর জল যেমন উচ্ছ্বসিত হয়ে ওঠে মাটিও যেন তেমনি হয়ে চাকার পরিধির মাঝখানটায় এসে পড়েছে। চাকার কাঠিগুলো যে আছে তা বোঝাই যাচ্ছে না। প্রচণ্ড বেগের দরশন চাকাগুলো যেন থেমে আছে বলে মনে হচ্ছে। ঘোড়ার খুরে ছিটকে ওঠা ধুলোগুলো সামনেই পড়ছে, রথের পিছু-পিছু ছুটতে পারছে না।’ [অনুবাদ-জ্যোতিভূষণ চাকী]

সূত্র: (সংস্কৃত সাহিত্য সন্টার, খ-২, সম্পাদকমণ্ডলী মুরারিমোহন সেন ও অন্যান্য)।

পরের অংশটির অনুবাদটিও দেখে নিই—

‘রাজা—সতি, ওরা সূর্য আর ইন্দ্রের অশ্বকেও যেন (গতিবেগে) ছাড়িয়ে চলেছে। রথবেগে যা দেখতে খুব ছোট বলে মনে হচ্ছে হঠাৎ তা বেশ বড় দেখাচ্ছে, যা সতিই ছাড়া ছাড়া তাকে মনে হচ্ছে গায়ে-গায়ে লেগে থাকা, যা আসলে বাঁকা, তাকে দেখে মনে হচ্ছে সোজা। মুহূর্তের জন্যেও কোন-কিছুই আর দূরে নেই, পাশেও পাচ্ছি না।’

[কালিদাস—অভিজ্ঞান শকুন্তলম্। প্রথম অংক, ৯ নং কবিতা]

পুনরায় দুটি ক্ষেত্রেই আর একটি সুন্দর সাদৃশ্য দেখা যাক। ভাস রচিত ‘প্রতিমা’ নাটকের একটি বর্ণনা এরকম—

‘রামঃ—মৈথিলি—

“আপুচ্ছ পুত্রকৃতবান্ হরিগান্ দ্রমাংশচ

বক্ষ্যং বনং তব সখীদয়িতা লতাশচ।

বৎস্যামি তেষু হিমবদগিরিকাননেষু

দীপ্তোরিবৌষধিবনৈরুপরিঞ্জিতেষু।।” [প্রতিমা নাটক-৫.১১]

একইরকমভাবে কালিদাসের ‘অভিজ্ঞান-শকুন্তলম্’ নাটকের চতুর্থ অংকে ১৪ নং কবিতায় আছে ‘সোহয়ং পুত্রকৃতকঃ পদবীং মুগস্তে’। পুরো কবিতাটি এরকম—শকুন্তলার পতিগৃহে যাত্রার প্রাক্কালে আশ্রমের সকলের নিকট হতে বিদায়দৃশ্য।

মহর্ষি কথ বলছেন—

‘যস্য ত্বয়া ব্রণবিরোপণমিস্তুদীনাং

তৈলং ন্যাষিচ্যত সুখে কুশসূচি বিদ্বৈ।  
 শ্যামাকমৃষ্টিপরিবর্ধিতকো জহাতি  
 সোহয়ং ন পুত্রকৃতকঃ পদবীং মৃগস্তে।।

[অভিজ্ঞান শকুন্তলম্-১৪.৪]

দুটি ক্ষেত্রেই মানুষের সাথে প্রকৃতি তথা পশুদের যে সখ্যতা তা এই কবিতাদুটিতে সুন্দরভাবে ফুটিয়ে তোলা হয়েছে এবং এটি সুন্দরভাবে দেখানোর কৃতিত্ব কিন্তু সংস্কৃত নাটকের ক্ষেত্রে পথপ্রদর্শক নাট্যকার ভাস। যাহোক অনুবাদ দুটিও তুলে ধরা যাক—

প্রতিমা নাটকের অনুবাদ এরকম—

“রাম—মৈথিলি! তুমি তোমার পুত্রস্নেহে পালিত মৃগ ও তরুরাজি; বিষ্ণুপর্বত এবং সখীস্থানীয় প্রিয় লতাগুলির কাছ থেকে বিদায় নাও। আমি দীপ্ত ওষধিরঞ্জিত হিমালয় পর্বতের অরণ্যধ্বলে বাস করব।”

[অনুবাদ—জ্যোতিভূষণ চাকী]

আর ‘অভিজ্ঞান-শকুন্তলম্’ নাটকের এই অংশের অনুবাদ করতে উৎসাহিত হয়েছিলেন স্বয়ং রবীন্দ্রনাথও। দুটি অনুবাদ দেখানোর চেষ্টা করি—

(১) ‘কণ্ঠ—বৎসে! যার মুখ কুশাগ্রে ক্ষত হলে ক্ষত শুকোবার জন্য তুমি ইন্দুদী তেলের প্রলেপ দিতে, শ্যামাক ধান্য মুঠোয় করে খাইয়ে যাকে তুমি বড়ো করেছে, তোমার সন্তানের মতোই সেই মৃগই তোমার পথ ছাড়ছে না।” [অনুবাদ জ্যোতিভূষণ চাকী]

(২) ইন্দুদীর তেল দিতে স্নেহসহকারে,  
 কুশক্ষত হ’লে মুখ যার,—  
 শ্যামাধান্যমুষ্টি দিয়ে পালিয়াছ যারে  
 এই মৃগ ‘পুত্র সে তোমার।’ [রবীন্দ্রনাথ]

ভাস-রচিত ‘প্রতিমা’ নাটকের অন্য একটি অংশের সাথে ভাবগতভাবে সাদৃশ্য দেখিয়ে কালিদাস রচিত ‘অভিজ্ঞান-শকুন্তলম্’ নাটকের অংশবিশেষ তুলে ধরার চেষ্টা করা যাক। ‘প্রতিমা’ নাটকে দেখি ভারত গেছেন রামচন্দ্রের কাছে রাজধানীতে ফিরে আসার বিশেষ অনুরোধ নিয়ে; পাদুকা সমেত ভারতকে আশ্রমের দ্বারদেশে এগিয়ে দিয়ে ফিরে এসে সীতার কণ্ঠ দেখে রামের উক্তি—

“(বিলোক্য) অয়ে ইয়ং বৈদেহী। ভোঃ কণ্ঠম্।  
 যোহস্যা করঃ শ্রাম্যতি দর্পণোহপি  
 স নৈতি খেদং কলশং বহন্ত্যাঃ।  
 কণ্ঠং বনং স্ত্রীজনসৌকুমার্যম্  
 সমং লতাভিঃ কঠিনীকরোতি।।

(উপত্য) মৈথিলি! অপি তপো বর্ধতে?

[প্রতিমা নাটক—পঞ্চম অংক তিন নং কবিতা]

আর কালিদাসের ‘অভিজ্ঞান শকুন্তলম্’ নাটকে শকুন্তলাকে দেখে দুঃস্বপ্নের খেদোক্তি—

“ইদং কিল্যাব্যাজমনোহরং বপুস্তপক্ষমং সাধয়িতুং য ইচ্ছতি।  
ধ্রুবং স নীলোৎপলপত্রধারয়া শমীলতাং ছেত্তুম্বির্ব্যবস্যাতি।”

[অভিজ্ঞান শকুন্তলম্, প্রথম অংক-১৭ নং কবিতা]

দুজায়গাতেই নাটকের অনুবাদ

“(দেখে) এই যে বৈদেহী, কী কষ্ট! এঁর যে-বাছ দর্পণ ধারণেই ক্লান্তি বোধ করত সেই বাছ কলস বহনেও অক্লান্ত। হায়, অরণ্য স্ত্রীজনের কোমলতা লতার মতোই কঠিন করে তোলে। (এগিয়ে এসে) মৈথিলি! তোমার তপশ্চর্যা নির্বিঘ্ন তো?”

আর ‘অভিজ্ঞান-শকুন্তলম্’ নাটকের অনুবাদ এরকম :

“রাজা-ইনিই তাহলে সেই কল্পদ্বিতা। পূজনীয় কাশ্যপ ঠিক সুবিবেচক নন, এঁকে তিনি আশ্রমের কাজে নিযুক্ত করেছেন।

“যিনি এই স্বভাবসুন্দর দেহকে তপস্যার উপযুক্ত করে তুলতে চান, তিনি নিশ্চয়ই নীল পদ্ম পাতার প্রান্ত দিয়ে শমীগাছের লতা ছেদন করতে চেষ্টা করছেন।

ভাসের ‘প্রতিমা’ নাটক থেকে ছোট্ট আবার একটু অংশবিশেষ তুলে ধরি। এই নাটকে দেখি সীতা কৌতূকের ছলেই বঙ্কলের পোষাক পরেছেন, সখি অবদতিকা তাকে দেখে বলে উঠলেন— “সর্বশোভনীয়ং সুরূপং নাম”— যার অর্থ— ‘সৌন্দর্য সবকিছুকেই শোভনীয় করে তোলে।’ অর্থাৎ যাঁর সৌন্দর্য আছে তিনি যাই পরিধান করুন না কেন, সেটি তার মানানসই।

আর কালিদাসের ‘অভিজ্ঞান শকুন্তলম্’ নাটকে শকুন্তলাকে আশ্রমের বঙ্কলসজ্জায় দেখে দুঃস্বপ্নের উক্তি— ‘কিমিব হি মধুরাণাং মণ্ডনং নাকৃতীনাম্।’ যার অনুবাদ এরকম :

“... this slender-bodies lady is more lovely even with her bark-cloth, to sweet forms, what indeed, is not an embellishment?” [by, M. K. Kale]

এবার ভাস রচিত আর একটি নাটক— ‘অভিষেক’ থেকে একটা কবিতা তুলে ধরে দেখাই, কালিদাস তাঁর ‘অভিজ্ঞান-শকুন্তলম্’ নাটকে ঐ কবিতাংশের কেমনভাবে উল্লেখ করেছেন, ভাবনা কেমনভাবে নিয়েছেন।

“যস্যং ন প্রিয়মণ্ডনাপি মহিষী দেবস্য মন্দোদরী।  
শ্লেহাল্পম্পতি পল্লবান্ ন চ পুনর্জীবন্তি যস্যং ভয়াৎ”  
বীজস্তো মলয়ানিলা অপি কৈরৈরস্পৃষ্টবালক্রমাঃ।  
সেয়ং শত্রুরিপোরশোকবনিকা ভগ্নেতি বিজ্ঞাপ্যতাম্।।

[অভিষেক নাটক, ৩য় অংক]

“পাতুং ন প্রথমং ব্যবস্যাতি জলং যুমাঙ্গপাতেষু যা।  
নাদভে প্রিয়মণ্ডনাপি ভবতাং শ্লেহেন যা পল্লবম্।।  
আদ্যে বঃ কুসুমপ্রসূতি সময়ে যস্যঃ ভবত্বাৎসবঃ।  
সেয়ং যাতি শকুন্তলা পতিগৃহং সর্বৈব . নুঞ্জয়তাম্।।”

[অভিজ্ঞান-শকুন্তলম্। চতুর্থ অঙ্ক]

এখানে কবিতা দুটির অনুবাদ দেখাই। তবে ভাস রচিত ‘স্নেহাল্লুস্পতি পল্লবান্ ন চ পুনর্জীবন্তি যস্য্যাং ভয়াৎ।। যস্য্যাং ন প্রিয়মগুনাপি মহিষী দেবস্য মন্দোদরী’।। কবিতায় ভাবনা এবং কলিদাস রচিত ‘নাদন্তে প্রিয়মগুনাপি ভবতাং স্নেহেন যা পল্লবম্...’ ইত্যাদিতে পাওয়া অনুভূতি একই। যাইহোক, অনুবাদ দেখি—

“শঙ্ককর্ণ-বিজয়া! মহারাজ লক্ষাপতিকে জানাও—

অশোকবন প্রায় ভেঙ্গেচুরে শেষ হয়ে গেছে! কেননা, মহারাজ রাবণের মহিষু, মন্দোদরী ভূষণপ্রিয়া হয়েও যে বনে পল্লবসমূহ ছিন্ন করতেন না, মলয় সমীরণ যেখানে ভয়ের সাথে বীজন করত; বীজন করতে করতে মলয় সমীরণও হাত দিয়ে ছোট ছোট বৃক্ষগুলিকে স্পর্শ করত না, ইন্দ্রশত্রুর (রাবণের) সেই প্রিয় অশোকবন ভগ্ন হয়েছে, একথা জানাও।

[অনুবাদ রবিশংকর বন্দ্যোপাধ্যায়।]

কালিদাসের রচনার অনুবাদ অংশটি দেখি—

(১) “যিনি তোমাদের জলসেচন না করিয়া, কদাচ জলপান করিতেন না; যিনি ভূষণপ্রিয়া হইয়াও স্নেহবশতঃ কদাচ তোমাদের পল্লবভঙ্গ করিতেন না; তোমাদের কুসুমপ্রসবের সময় উপস্থিত হইলে যাঁহার আনন্দের সীমা থাকিত না, অদ্য সেই শকুন্তলা পতিগৃহে যাইতেছেন, তোমরা সকলে অনুমোদন কর।”

[বিদ্যাসাগর কৃত অনুবাদ’]

(২) অনবদ্য পদ্যানুবাদ দেখি—

“তোমাদের জল না করি দান/ যে আগে জল না করিত পান,  
সাধ ছিল যার সাজিতে তবু / স্নেহে পাতাটি না ছিঁড়িত কভু,  
তোমাদের ফুল ফুটিত যবে / যে জন মাতিত মহোৎসবে,  
পতিগৃহে সেই বালিকা যায় / তোমরা সকলে দেহ বিদায়।”

[রবীন্দ্রনাথ ঠাকুর কৃত]

(৩) একটা ইংরেজি অনুবাদও দেখা যাক—

“Ho! Ho! Ye neighbouring trees of the penance grove! She who doth never try to drink water first, until you are watered; she who though fond of ornaments; doth never pluck (Your new) tendrils, out of affection for you; she whose (greatest) festivity is at the season of the first appearance of your blossoms, even that same Sakuntala doth now proceed to her husband’s abode. Let this be appeared by you all.”

[Translated by Ramendra Mohan Bose...]

আবার ভাস রচিত ‘বালচরিত’ নাটকে থাকা অংশ থেকে ভাবনা তুলে নিয়ে কালিদাস ‘অভিজ্ঞান-শকুন্তলম্’ নাটকে ঐ ভাবনাই বর্ণনা করেছেন বলে মনে হয়। যেমন—

“হৃদয়েনেহ তত্রাসৈর্দ্বিধাভূতব গচ্ছতি।

যথা নভসি তোয়ে চ চন্দ্রলেখা দ্বিধাকৃতা।।”

[বালচরিত / প্রথম অংক]

এবং

“গচ্ছতি পুরঃ শরীরং, ধাবতি পশ্চাদসংস্থিতং চেতঃ।

চীনাংশুকমিব কেতোঃ প্রতিবাতং নীয়মানস্য।।”

[অভিজ্ঞান-শকুন্তলম্ / পঞ্চম অংক / ৩১ নং কবিতা]

এখানে 'বালচরিত নাটকের অনুবাদ অংশটি দেখি—

বসুদেব বলছেন—“যেমন আকাশে ও জলে চন্দ্র দ্বিধাবিভক্ত হয়ে থাকে, ঠিক তেমনি এই দেবকীও চলেছে, তার মন রইল এখানে আর শরীর নিয়ে গেল সেখানে।”

আর 'অভিজ্ঞান-শকুন্তলম্' নাটকের অনুবাদ এরকম—

“Forward moves my body, while backward runs the restless heart, like the China-silk cloth of banner borne against the wind.” [Translated by M. R. Kale]

ভাস রচিত তেরটি নাটকের মধ্যে 'স্বপ্নবাসবদন্তম্'—নাটকটি অন্যতম। আবার সেখান থেকে কালিদাস রচিত 'অভিজ্ঞান-শকুন্তলম্' নাটকে তুলে ধরা অন্ততঃ দুটি অনুভূতি যা ব্যক্ত হয়েছে, হুবহু একরকম—

“পদ্মাবতী—অনেন বহমানবচনেন অনুগৃহীতাস্মি।” [স্বপ্নবাসবদন্তম্ / প্রথম অংক]

আবার,

“রাজা—(লক্ষ্মাং বীণাং প্রতি)—

শ্রুতিসুখনিদে কথং নু দেব্যা

স্তনযুগলে জঘনস্থলে চ সুপ্তা।

বিহগগণরজো বিকীর্ণদণ্ডা

প্রতিভয়মধ্যুযিতাস্যরণ্যবাসম্।। [ স্বপ্নবাসবদন্তম্ / ষষ্ঠ অংক ]

এদিকে কালিদাসের রচনায় আছে—

“রাজা —ভবতীনাং সুনৃতয়েব গিরা কৃতমাতিত্যম্।”

[অভিজ্ঞান-শকুন্তলম্ / প্রথম অংক]

এছাড়া— “রাজা (অঙ্গুরীয়কং প্রতি)

“কথং ন বুদ্ধর কোমলাঙ্গুলিং করং বিহায়সি নিমগ্নমস্তসি।

অচেতনং নামগুণং ন লক্ষয়েন্ ময়ৈর কস্মাদবধীরিতা প্রিয়া।”

[অভিজ্ঞান-শকুন্তলম্ / ষষ্ঠ অংক]

এবার দেখানোর চেষ্টা করা যাক নাট্যকার ভাস-এর রচনা থেকে কালিদাস ছাড়াও আরও কেউ কেউ সরাসরি রচনাংশ নিয়েছেন কি না। সংস্কৃত সাহিত্যের অন্যতম নাট্যকার হলেন শূদ্রক; তাঁর রচিত 'মৃচ্ছকটিক' নাটকও খুবই বিখ্যাত। অথচ এটাও ভাববার বিষয় যে শূদ্রক তাঁর 'মৃচ্ছকটিক' নাটকে অনেকানেক অংশ নাট্যকার ভাসা রচিত 'চারুদত্ত' নাটক থেকে সরাসরি নিয়ে নিয়েছেন, কোনরকম স্বীকারোক্তি কিন্তু দেখা যায়নি শূদ্রকের পক্ষ থেকে। যাই হোক কিছু উদাহরণ দেখা যেতে পারে।

উদাহরণ—ক

(১) নায়ক ঃ (দীর্ঘং নিঃশ্বস্য) ভো! দারিদ্রং খলু নাম মনস্বিনঃ পুরুষস্য সোচ্ছ্বাসং মরণং। কুতঃ,

যাসাং বলির্ভবতি মদগৃহদেহলীনাং

হংসৈশ্চ সারসগণৈশ্চ বিভক্তপুষ্পঃ।

তাস্থের পূর্ববলিরূঢ় যবাক্কুরাসু

বীজাঞ্জলি : পততি কীটমুখাবলীঢ়ঃ।

[ভাস : ‘চারুদত্তম্’। প্রথম অংক, শ্লোক-২ ]

এবার শূদ্রক রচিত ‘মৃচ্ছকটিকম্’ নাটক থেকে—

চারুদত্ত : (উর্ধ্বমবলোক্য সনির্বেদং নিঃশ্বস্য চ)—

যাসাং বলিং সপদি মদগৃহদেহলীনাং,

হংসৈশ্চ সারস গণৈশ্চ বিলুপ্তপূর্বঃ।

তাস্বেব সম্প্রতি বিরূঢ় তৃণাকুরাসু

বীজাঞ্জলি : পততি কীটমুখাবলীঢ়ঃ।।

[শূদ্রক : মৃচ্ছকটিকম্। প্রথম অংক, শ্লোক সংখ্যা ৯]

দুটি কবিতারই বাংলা অনুবাদও দেখা যাক। শব্দচয়নে কতোটা সাদৃশ্য আছে, সেটা তো দেখাই যাচ্ছে। অনুবাদের অনুভূতিও একই :

(১) “নায়ক—দীর্ঘশ্বাস ফেলে—

ওঃ, দারিদ্র নিশ্চিত মনস্বী ব্যক্তির জীবন মৃত্যু। কেন না, আগে আমার বাড়ির দেউড়ির মুখে যে জায়গায় নৈবেদ্যের চাল-টাল ফুল বাদ দিয়ে হাঁস ও সারসেরা খেয়ে ফেলত, সে জায়গায় আজ পূর্বের উপহৃত যববীজ থেকে অঙ্কুর উদগত হয়েছে এবং (প্রাচীরের উপর থেকে) কীটমুখ—ভ্রষ্ট অর্ধভুক্ত বীজাঞ্জলি পড়ছে।।”

[অনুবাদ—সুরেন্দ্রনাথ দেব]

এবং

(২) চারু দত্ত : (ওপরের দিকে চেয়ে এবং দীর্ঘশ্বাস ফেলে) হায়, একদিন আমার ঘরের দেওয়ালের ধারে হাঁস-সারসের দল পরম আগ্রহে কত খাবার খেয়ে বেড়িয়েছে, আজ কিনা সেই জায়গায় ঘাস আর আগাছায় ভরে গিয়েছে, পোকা-মাকড়েরা খুঁটে খাচ্ছে দু-একটা শস্যের দানা। ওঃ!”

[ অনুবাদ—জ্যোতিভূষণ চাকী ]।

উদাহরণ—খ

(১) নায়ক : বয়স্য। কিমর্থং, সন্তাপং করিষ্যে। কিঞ্চগহং দরিদ্রঃ, যস্য মম, বিভাবানুবশা ভার্যা সমদুঃখসুখো ভবান্।

সত্ত্বং চ ন পরিভ্রষ্টং যদ্ দরিদ্রেষু দুর্লভবম্।।” [ভাস : চারুদত্তম্। প্রথম অংক, ৭নং কবিতা]

(২) ‘চারুদত্ত :— ... অথবা, নাহং দরিদ্রঃ, যস্য মম

বিভাবানুগতা ভার্যা সুখদুঃখ সুহৃদ্বান্।

সত্যং চ ন পরিভ্রষ্টং, যদ্দরিদ্রেষু দুর্লভবম্।।

[শূদ্রক : মৃচ্ছকটিকম্। তৃতীয় অংক। ২৮ নং কবিতা]

এবার অনুবাদ অংশও দেখে নিই—

(১) “নায়ক—কী জন্যে দুঃখ করব সখা? কে বলে আমি দরিদ্র—যে আমার ভার্যা অবস্থা অনুসারে চলে, তুমি যার সুখদুঃখের সমান অংশীদার, আর দরিদ্রের পক্ষে যা দুর্লভ সেই মনোবলও যার নষ্ট হয় নি?”

[অনুবাদ : সুরেন্দ্রনাথ দেব]

(২) কিন্তু না, আমি দরিদ্র নই, কারণ আমার স্ত্রী আমার ভাগ্যেরই অনুগমন করেন, সুখে দুঃখে আমার বন্ধু, দরিদ্রের পক্ষে স্বাভাবিক হলেও আমি মনে-প্রাণে সত্য ভ্রষ্ট হইনি।”

[অনুবাদ : জ্যোতিভূষণ চাকী]

এছাড়া আর দু’ একটি উদাহরণ অবশ্যই দেখে নেওয়া যেতে পারে—

(গ) ভাসের চারুদত্ত নাটকে আছে—

“লিম্পতীর তমোহঙ্গনি বর্ষতীবাঞ্জনং নভঃ।

অসৎপুরুষ সেবেব দৃষ্টির্নিফলতাং গতঃ।।”

[প্রথম অংক, ১৯ নং কবিতা]

শূদ্রকের মূচ্ছকটিক নাটকে অবিকল এরকম শ্লোক পাওয়া যাবে—

লিম্পতীর তমোহঙ্গনি বর্ষতীবাঞ্জনং নভঃ।

অসৎপুরুষ সেবেব দৃষ্টির্বিফলতাং গতা।।”

[প্রথম অংক, ৩৪ নং কবিতা]

নাট্যকা ভাস রচিত, ‘চারুদত্ত’ নাটকের সঙ্গে শূদ্রক রচিত ‘মূচ্ছকটিকম্’ নাটকের সাদৃশ্য এতই বেশী যে অনেক বিদগ্ধ পণ্ডিত মনে করেন ‘চারুদত্তের’ বিস্তৃত রূপ হল ‘মূচ্ছকটিকম্’। এ ব্যাপারে আমরা একজন বিদগ্ধ মানুষের মন্তব্য তুলে ধরি, তাহলে আমাদের বক্তব্যের সপক্ষে যে ভাবনা তা পাঠকের মনকে অবশ্যই নাড়া দেবে এবং এ আলোচনা যুক্তিগ্রাহ্য হবে। প্রমথ চৌধুরী লিখেছিলেন ‘গ্রন্থাগার’ প্রবন্ধ ; সেখান থেকে অংশ বিশেষ আমাদের আলোচনায় নিয়ে আসি। তিনি সরাসরি বলেছেন—

‘কৌটিল্যের অর্থশাস্ত্র ও ভাসের নাটকের নাম আমরা বহুকাল থেকে শুনে আসছি কিন্তু চাণক্য ও ভাসের বই এহেন দুঃপ্রাপ্য হয়ে পড়েছিল যে, আমরা ও সব গ্রন্থের অস্তিত্ব কিম্বদন্তির কোঠায় ফেলে দিয়েছিলুম। পরে সেদিন যখন কৌটিল্যের অর্থশাস্ত্র আবিষ্কৃত হল—তখন আমরা দেখতে পেলুম যে রাজনীতি সম্বন্ধে এর তুল্য দ্বিতীয় গ্রন্থ সংস্কৃত সাহিত্যে আর নেই। আর ভাসের নাটকের চাইতে উঁচু দরের নাটক এক কালিদাসের শকুন্তলা ব্যতীত সংস্কৃত কাব্য সাহিত্যে মেলা ভার। নাটক হিসেবে মূচ্ছকটিকের স্থান অবশ্য খুব উচ্ছে। কিন্তু ভাস আবিষ্কৃত হবার পর আমরা এও আবিষ্কার করেছি যে মূচ্ছকটিক ভাসের রচিত “দরিদ্র চারুদত্তের” চোরাই সংস্করণ মাত্র। অপরের বই নিজের বেনামিত চালানোর অভ্যাস সেকালের লোকেরও ছিল।”

[ সূত্র : প্রমথ চৌধুরী। ‘গ্রন্থাগার’। In- ‘গ্রন্থনীড়’। সম্পাদক : অসিতাভ দাস। বুকস্ হেভেন পাবলিকেশনস্, ২০১৬। পৃষ্ঠা ৪৮-৫৯ ]

প্রসঙ্গত এই গ্রন্থের শেষাংশে ‘লেখক-প্রবন্ধ পরিচিত’ সূত্র থেকে জানতে পারছি যে ‘গ্রন্থাগার’ প্রবন্ধটি ‘১৯২৭-এর ২১ শে জানুয়ারী কলিকাতায় অনুষ্ঠিত নিখিল বঙ্গ গ্রন্থাগার সম্মেলনের অধিবেশনে পঠিত সভাপতির ভাষণ। এই প্রবন্ধটি বিচিত্র পত্রিকায় ১৩৩৪ বঙ্গাব্দের ফাল্গুন সংখ্যায় প্রকাশিত।’ (তদেব। পৃ-৪৪৯-৫০)।

এতক্ষণ ধরে ভারতীয় সাহিত্য থেকে ভারতীয় সাহিত্যে বা বলা ভালো সংস্কৃত সাহিত্য থেকে সংস্কৃত

সাহিত্যেই ভাষা-ভাব-ধারণা ইত্যাদি ‘হরণ’ করা নিয়ে কিছু উদাহরণ দেখানো গেল। এবার সংস্কৃত সাহিত্য থেকে বাংলা সাহিত্যে একটা উদাহরণ দিই, যেখানে এই ঘটনাও ঘটেছে এবং সম্ভবত; খুব কম পাঠকই এটা খেয়াল করেছেন বলেই মনে হয়। আগে বাংলা সাহিত্যের উদাহরণটি দেখাই।

‘সবার আমি ছাত্র’—কবিতার বচনাকার সুনির্মল বসু। সে কবিতাটি এরকম :

“আকাশ আমায় শিক্ষা দিল  
উদার হতে ভাইরে;  
কর্মী হবার মন্ত্র আমি  
বায়ুর কাছে পাইরে।  
পাহাড় শিখায় তাহার সমান  
হই যেন ভাই মৌন-মহান,  
খোলা মাঠের উপদেশে  
দিল-খোলা হই তাইরে।  
সূর্য আমায় মন্ত্রণা দেয়  
আপন তেজে জ্বলতে,  
চাঁদ শিখালো হাসতে মেদুর,  
মধুর কথা বলতে।  
ইঙ্গিতে তার শিখায় সাগর,—  
অস্তুর হোক রত্ন-আকর;  
নদীর কাছে শিক্ষা পেলাম  
আপন বেগে চলতে।  
মাটির কাছে সহিষ্ণুতা  
পেলাম আমি শিক্ষা,  
আপন কাজে কঠোর হতে  
পাষণ দিল দীক্ষা।  
ঝরনা তাহার সহজ গানে,  
গান জাগাল আমার প্রাণে,  
শ্যাম বনানী সরসতা  
আমায় দিল ভিক্ষা।  
বিশ্বজোড়া পাঠশালা মোর,  
সবার আমি ছাত্র  
নানান ভাবের নতুন জিনিস  
শিখছি দিবারাত্র;

এই পৃথিবীর বিরাট খাতায়  
পাঠ্য যে-সব পাতায় পাতায়,  
শিখছি সে-সব কৌতুহলে,  
সন্দেহ নেই মাত্র।”

হিসাব করে দেখলে এখানে সর্বমোট বারোজন গুরু-র কথা স্বীকার করা হয়েছে। অনবদ্য এই অনুভূতিটি মনে হতে পারে হয়তো বা কবির নিজস্ব, তার আগে এরকম অনুভূতি বা ধারণা-র সন্ধান কেউ দেয় নি। নিজস্ব অভিজ্ঞতার কথা বলি, আশা করি রসভঙ্গ হবে না। কারণ প্রসঙ্গটি ‘সবার আমি ছাত্র’ প্রসঙ্গেই। ২০০৬ সালে আমি ‘ডক্টরেট উপাধি’ লাভ করি। গবেষণা করার বিষয়টি ছিলো “গ্রন্থাগার বিজ্ঞানী এস. আর রঙ্গনাথন ও সংস্কৃত সাহিত্য’, পরে সেটি বই হয়ে প্রকাশ পায়। সেখান থেকে সামান্য একটু অংশ এরকম :

‘বৈদিক সাহিত্য’ প্রসঙ্গে প্রথম অধ্যায়ে আমরা বলেছি যে শ্রুতিবচন হল ‘স্বাধ্যায়হধ্যোতব্য’—নিজে নিজে অধ্যয়ন করতে হবে। এই অল্প কথায় একটি বৃহৎ সত্যকে প্রকাশ করা হচ্ছে তাই এটি ‘মহাবাক্য’। আসলে একটা পর্যায় পর্যন্ত মানুষকে শিক্ষাদান করা সম্ভব। তারপর এগিয়ে চলা, আরও জানার ক্ষেত্র প্রস্তুত করা এবং উপলব্ধি জ্ঞান ভাবী প্রজন্মের জন্য রেখে যাওয়া জ্ঞানী মানুষের অন্যতম কর্তব্য। মানুষ যেমন শিক্ষকের কাছে জ্ঞানলাভ করে, তেমন অন্যান্যদের থেকে-অর্থাৎ মনুষ্যেতর পশু-পাখি-কীট-পতঙ্গ, এমনকি অচল পর্বত, চলমান বায়ু, আকাশ বা মহাশূন্য থেকেও জ্ঞানার্জন হতে পারে। সেখানে কেবল একমানে একাত্মভাবে মনঃসংযোগ করতে হবে, তবেই। ‘ভাগবতপুরাণে’ এরকম একটি ঘটনা আচার্য রঙ্গনাথনকে ভীষণভাবে উজ্জীবিত করেছিল, যেকারণে সেটি বিভিন্ন ভাবে তাঁর রচনায় উঠে এসেছে। মূল ঘটনায় যাবার আগে আচার্য রঙ্গনাথনের লেখা থেকে খানিকটা তুলে ধরা যাক। তাঁর রচিত “THE ORGANISATION OF LIBRARIES” পুস্তকে তিনি “encyclopaedia” পর্যায়ে আলোচনা করতে গিয়ে “ONLY A MEANS” কথাটির ব্যাখ্যা প্রসঙ্গে তিনি বলেন,—

“The library is a means of universal, perpetual self-education. The restrictive ‘a’ implies that it is not only means, but merely one among many. There is nothing in the world that can arrogate to itself its the function of being the sole means of education for anybody. In the ‘Bhagavata Purana, Yadu asks : “How O Sage, did you acquire without effort the wide and clear wisdom by whose light you wonder like a child?” The Brahmana replies; “Many are my teachers, O king, whom I adopted by my own understanding; with the wisdom I imbibed from them I go free from attachment.’ Then he names twenty four teachers from earth to wasp, and adds, “My own body also is a teacher...”

‘আচার্য রঙ্গনাথন উল্লিখিত ঘটনাটি আছে ‘ভাগবতপুরাণের’ একাদশ স্কন্ধে। সেখান থেকে মূল রচনাটি তুলে ধরা হল :

“সন্তি মে গুরবো রাজন্ বহবো বুদ্ধযুপাশ্রিতা।  
যতো বুদ্ধিমপাদায় মুক্তোহটামীহ তাঞ্জুগু ॥ ৩২ ॥  
পৃথিবী বায়ুরাকাশমাপোহগ্নিশ্চন্দ্রমা রবিঃ।

কপাতোহজগরঃ সিন্ধু পতঙ্গো মধুকৃৎ গজঃ ॥ ৩৩ ॥  
 মধুহা হরিণো মীনঃ পিঙ্গলা কুররোহর্ভকঃ ।  
 কুমারী শরকৃৎ সর্প উর্গনাভিঃ সুপেশকৃৎ ॥ ৩৪ ॥  
 এতে মে গুরবো রাজংশচতুর্বিংশতিরশ্রিতাঃ ।  
 শিক্ষাবৃত্তিভিরেতেষামম্মশিক্ষামিহাত্মনঃ ॥ ৩৫ ॥  
 যতো যদনুশিক্ষামি যথা বা নহস্যাত্মজঃ ।  
 তত্তথা পুরুষব্যায় নিবোধ কথয়ামি তে ॥ ৩৬ ॥”

এখানে উক্ত শ্লোকগুলির পদ্যানুবাদ দেওয়ার লোভ সংবরণ করা গেল না। ১৩৫৪ বঙ্গাব্দে ‘ভাগবত পুরাণের পদ্যানুবাদ করেছিলেন উপেন্দ্রচন্দ্র মিত্র, যেটি বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রের সম্পাদনায় প্রকাশিত হয়। সেখানে আছে,—

“সম্বোধিয়া যদুরায়ে, কহে দেব তুষ্ট হয়ে,  
 শুন কহি প্রকৃত বচন।  
 মম জ্ঞান সমাহিত, আছে গুরু অগণিত,  
 তাহা হতে শুন বিবরণ ॥  
 পাইয়ে প্রচুর জ্ঞান মুক্তি ভক্তি সেই ক্ষণ  
 পর্যটন করি যথা তথা।  
 সত্যপ্রিয় সদাশয়, কহি শুন মহাশয়  
 অগণিত গুরুগণ কথা  
 পৃথিবী বায়ু আকাশ, জল অগ্নি মহাত্রাস  
 চন্দ্র সূর্য আর অজাগর।  
 কপোত গজমাতঙ্গ, পিঙ্গলায় করে রঙ্গ,  
 সিন্ধুমান আর মধুকর ॥  
 মধুহা গজ হরিণ, বালক কুমারীগণ,  
 উর্গনাভ স্পর্শ পরকার।  
 তরলতা কেশভার, কহিলাম সারোদ্ধার,  
 গুরুগণ হয় যে আমার ॥  
 এদের করি আশ্রয়, করি কার্য্য সমুদয়,  
 ভাল মন্দ বিচার ইহাতে।  
 শিক্ষিত হয়েছি যাহা, সাদরে কহিব তাহা,  
 লাভি জ্ঞান যে যে বস্তু হতে ॥”

প্রকৃত পক্ষে ভাগবতের এই অংশটি এতই জনপ্রিয় এবং জনমানসে এতই সাড়া ফেলেছে যে, এটির ওপর অনেকেই আলোচনা করেছেন। যেমন অনির্বাণ মহোদয় ‘উপনিষৎ-প্রসঙ্গ’ গ্রন্থে এটিকে তাঁর আলোচনায় নিয়ে

এসে বলেন,—

‘ভাগবতে এই ভাব অবধূতের উপাখ্যানে পাই। তাকে জিজ্ঞাসা করা হয়েছে—তুমি এ জ্ঞান কোথা হতে পেল, কে তোমার গুরু? সবাই আমার গুরু, তিনি বলেন। পঞ্চভূত থেকে আরম্ভ করে পশুপক্ষী মনুষ্য পর্যন্ত সবাইকার কথা বর্ণনা করে বলেছেন—এদের সকলের কাছেই কিছু না কিছু জ্ঞান লাভ করেছে। বাউলরাও বলেন,—গুরু বলে কারে খোঁজ করবি ওরে মন। গুরু যে তোর জপের মালা, গুরু যে তোর ভাতের মালা, গুরু যে তোর চোখের বালি যখন জ্বলবে দুনয়ন—সবাই গুরু। প্রথমে নিজের ভিতরে তাঁকে দেখতে হবে, তারপর অন্য মানুষে, কিন্তু কোথাও নিজেকে বেঁধে রাখতে নেই।”

তাহলে দেখতে পাচ্ছি ‘ভাগবত পুরাণে’ বর্ণনামতো ২৪ জন গুরু-র (“এতে মে গুরবো রাজংশচতুর্বিংশতি রাশ্রিতাঃ...”) মধ্যে মাত্র ১২টিকে নিয়ে এসেছেন ‘সবার আমি ছাত্র’ কবিতার কবি সুনির্মল বসু। আর এই গুরুদের একজন-এর উদ্ভাবন শক্তির নমুনা দেখাই, ‘ভাগবত পুরাণ’ কেন মনুষ্যের কীট-পতঙ্গ-কেও গুরু বলছেন। আমরা পুরাণের গল্পছলে উদ্ভাবন শক্তি নিয়ে উদাসীন থাকলেও একজন ফরাসী দেশের বিজ্ঞানী কিন্তু অন্যভাবে ব্যাপারটা দেখে নতুন এক যুগান্তকারী আবিষ্কার করেছেন। ঘটনাটি রঙ্গনাথের লেখা থেকে (যেটি আগেই বলা হয়েছে) তুলে ধরি :

“A shrewed observation made a century earlier by RAF Reaumur, a French Naturalist, had suggested the use of wood fibre, while observing the habit of wasp, he was attracted by the way of their constructing their nests with wood fibre. The walls of the nests resembled paper, and he wrote to the French Royal Academy in 1719 “They teach us that paper can be made from the fibre of plant without the use of rags and linen and some of them invite us to try whether we can make fine and good paper from the use of certain woods.”

The wasp showing the way to Reaumur, the naturalist, recalls the memory an interesting episode in Bhagavata purana, an ancient classic in India.”

দেখানোর উদ্দেশ্য ছিল নকল করা বা বলা ভালো অন্যের ভাবনা নিয়ে (বা চুরি করে) নিজের নামে চালানো—এই ব্যাপারটা; আলোচনা করতে করতে দীর্ঘ হয়ে গেল এবং টীকা-টিপ্পনিও যোগ হয়ে গেল, (‘বৃত্তি’ ‘বিবরণ’ সমেত।) উদাহরণ সমেত অবহিত করা। কারণ কখনও ‘সবার আমি ছাত্র’—রচনাকার বলেননি মূল ভাবটি তিনি কোথা থেকে পেলেন, বাংলা সাহিত্যের পাঠকদের কাছে তিনি কিন্তু মূল ভাবনার উদ্গাতা থাকলেন, অথচ ‘পুরাণকার’কে স্বীকৃতি দিলেন না। এই আলোচনার পর আশা করি এই প্রবন্ধের পাঠককুল সূত্রানুসন্ধানের মাধ্যমে সবটা জানতে পারলেন।

এখানে এটাও বলে রাখা ভালো কবি কালিদাসের রচনায় পূর্ববর্তী কবিদের রচনা আহরণ হয়ে থাকলেও যেগুলি আমরা আগে আলোচনা করেছি, একটা জায়গায় কিন্তু কালিদাস তাঁর পূর্বসূরীদের স্বীকৃতি দিয়েছেন। ‘মালবিকাগ্নিমিত্রম্’ নাটকের প্রস্তাবনা থেকে সে অংশটি এই আলোচনা সাপেক্ষে তুলে ধরি—

সূত্রধার : (নেপথ্যাভিমুখমবলোক্য) মারিষঃ ইতস্তাবৎ।

পারিপার্শ্বিক : ভাব, অয়মস্মি। [প্রবিশ্য]

সূত্রধার : অভিহিতোহস্মি বিদ্বৎপরিষদা কালিদাসপ্রথিতবস্তু

মালবিকাগ্নিমিত্রং নাম নাটকমস্মিন্ বসন্তোৎসব প্রযোক্তব্যামিতি।

তদারভ্যতাং সঙ্গীতম্।

পারিপার্শ্বিক : মা তাবৎ, প্রথিতযশসাং ভাসকবিপুত্রসৌমিল্লকাদীনাং

প্রবন্ধানতিক্রম্য বর্তমানকবেঃ কালিদাসস্য ক্রিয়ায়াং কথং পরিষদো বহমানুঃ।

সূত্রধার : অয়ি! বিবেকবিশ্রান্তমভিহিতম্। পশ্য—

পুরাণমিত্যেব ন সাধু সর্বং ন চাপি কাব্যং নবমিত্যবদ্যম্।

সন্তঃ পরীক্ষ্যান্যতরদ্ ভজন্তে মূঢ় পরপ্রত্যয়নেয়বুদ্ধিঃ।।”

ইংরাজী অনুবাদ দেখে নিই—

“Manager : (Looking towards the curtain), —Actor, come here for a moment.

Enter Actor—

Actor : Sir, here I am.

Manager : I have received the following order from the spectators;

“You must act at this spring festival a play named Malavikagnimitra, composed by Kalidasa; therefore let the representation be begun.

Actor : Not so, I pray. Why do the spectators pass over the compositions of famous poets, like the honoured bards, Bhasa, Soumilla, Kaviputra and others, and do such great honour to the work of Kalidasa, a modern poet?

[Translated literally by C.H. Tawney, Calcutta : Thacker, Spink and Co., 1891.]

আবার রত্নাবসু-র অনুবাদটি দেখি—

“সূত্রধার : [নেপথ্যগৃহের দিকে তাকিয়ে] মারিষ, এদিকে এসো।

[প্রবেশ করে]

পারিপার্শ্বিক : ভাব, এই যে এসেছি।

সূত্রধার : বিদ্বৎপরিষদ্ আমাকে বলেছেন আজকের বসন্তোৎসবে কালিদাসের রচনা ‘মালবিকাগ্নিমিত্রম্’ নাটকের অনুষ্ঠান করতে হবে। সূতরাং সংগীত শুরু হোক।

পারিপার্শ্বিক : না, না। ভাস, কবিপুত্র, সৌমিল্ল এই এতসব নামী নামী (কবিদের) রচনাকে বাদ দিয়ে সেদিনের কবি কালিদাসের রচনায় পরিষদের এত আদর হল কেন? [সূত্র : সংস্কৃত সাহিত্য সম্ভার। খণ্ড-১১। সম্পাদকমণ্ডলী জ্যোতিভূষণ চাকী এবং অন্যান্য। কলকাতা : নবপত্র প্রকাশন]

এরপরই নাটকের সেই বিখ্যাত কবিতা—এবং মৃদু তিরস্কারসহ সূত্রধারের—

সূত্রধার : অয়ি! বিবেকবিশ্রান্তমভিহিতম্। পশ্য

পুরাণমিত্যেব ন সাধু সর্বং ন চাপি কাব্যং নবমিত্যবদ্যম্।

সন্তঃ পরীক্ষ্যান্যতরদ্ ভজন্তে মূঢ় পরপ্রত্যয়নেয়বুদ্ধিঃ।।”

ইংরেজি অনুবাদ দেখে নিই—

“Manager : Ah! Your remark is wanting in critical acument. Observe! Every old poem is not good because it is old; nor is every new poem to be blamed because it is new; sound critics, after examination, choose one or the other, the blackhead must have his judgement guided by the knowledge of his neighbours.”

[Ibid].

বাংলা অনুবাদ এরকম :

“সূত্রধার : এ কী! এ যে বিচারবুদ্ধিহীনের কথা। দেখো—পুরনো হয়েছে বলেই যে সব কাব্য উৎকৃষ্ট তা নয়, আবার নতুন (লেখা) বলেই সে কবিকর্ম ফেলনা হয় না। সজ্জনেরা পরীক্ষা করেই দুটোর মধ্যে একটাকে বেছে নেন, যাদের বুদ্ধি নেই তারাই পরের ধারণা শুনে চলে।। [সূত্র : পূর্বোক্ত]

আগে আমরা নাট্যকার ভাস এবং কালিদাসের নাটকের উদাহরণ তুলে তুলে দেখিয়েছি যে কত রকম শব্দ-ভাব-ধারণা উঠে এসেছে। কিন্তু ‘মালবিকাগ্নি-মিত্রম্’ নাটকে এই অংশটির প্রতি আলোকপাত করলে কবি-নাট্যকার কালিদাসকে শব্দ হরণ, অর্থ-হরণ, ভাব-হরণ দোষে দায়ী করা যায় না। এইখানে তিনি পূর্বসূরীর প্রতি শ্রদ্ধা জানিয়েছেন বা এখনকার পরিভাষায় ‘সূত্র-সন্ধান’ দিয়েছেন। অনেক পরে এই উদাহরণই হয়তো বা রাজশেখর রচিত ‘কাব্যমীমাংসা’ নামক সাহিত্যসমালোচনার মতে, গ্রন্থে অন্যের মতামত সাপেক্ষে নিজের মতামতটি জানিয়ে বলেন—এসব ক্ষেত্রে কোন দোষের হয় না। উপরন্তু পরবর্তী কবির রচনায় এসব ছাড়াও নতুন নতুন ভাবনা থাকেই, শব্দ অর্থ তো থাকতে হবেই, রাজশেখরের ভাবনা তুলে ধরি :

(১) “তত্রৈকপদহরণং ন দোষায়” “ইত্যাচার্য্যঃ। “অন্যত্র দুর্থাপদাৎ” ইতি যাযাবরীয়ঃ। [কাব্যমীমাংসা, একাদশোহধ্যায়ঃ],

যার বাংলা অনুবাদে নগেন্দ্রনাথ চক্রবর্তী বলেন—

“সাহিত্য সমালোচকগণ বলেন, “একটিমাত্র পদ চুরি করা দোষের নহে।” যাযাবরীয় রাজশেখর বলেন, “দুইটি অর্থবোধক পদ ব্যতীত অন্যপদ চুরি করাটা দোষের নহে।”

এবং অন্যত্র বলেছেন,

(২) “কিঞ্চ— শব্দার্থশাসনবিদঃ কতি নো কবন্তে যদ্বাঙময়ং শ্রুতিনিধন্য চত্রাঙ্গি চক্ষুঃ।

কিঞ্চুস্তি যদ্বচসি বস্তু নবং সদুক্তিসন্দর্ভিগাং স ধুরি তস্য গিরঃ পবিত্রাঃ।।”

[কাব্যমীমাংসা, ত্রয়োদশোহধ্যায়ঃ]

অনুবাদে নগেন্দ্রনাথ চক্রবর্তী বলেন—

“আরও বলি, “শব্দ ও অর্থপ্রয়োগের ব্যাপারে নিপুণ ব্যক্তির অর্থাৎ শাব্দিক (বৈয়াকরণ) ও নৈয়ায়িকগণ যে একেবারেই কাব্য রচনা করেন না, তাহা নহে; কারণ অধ্যয়নশীল যাঁহারা, তাহাদিগের নিকট শাস্ত্র বা বাঙময় চক্ষুরূপে শোভা পায়; কিন্তু যে কবির রচনায় নব নব সদুক্তিপূর্ণ বস্তু থাকে, তিনি কবিদিগের মধ্যে অগ্রগণ্য, তাঁহার উক্তিগুলি পবিত্র।”

## রবীন্দ্র ছোট গল্পে (নির্বাচিত) মনস্তত্ত্ব জয়ন্তী সাহা (রায়)\*

বাংলা সাহিত্যে সার্থক ও শ্রেষ্ঠ ছোট গল্প রচয়িতা অবশ্যই রবীন্দ্রনাথ সে কথা অবশ্য স্বীকার্য। শিলাইদহে জমিদারি দেখাশোনার কালে খুব কাছে থেকে প্রকৃতি ও সাধারণ মানুষকে দেখার সৌভাগ্য হয়েছিল রবীন্দ্রনাথের। তারই ফলে একদিকে যেমন অজস্র কবিতা ও চিঠিপত্র লিখেছেন রবীন্দ্রনাথ, তেমনি একের পর এক সৃষ্টি করেছিলেন অজস্র ছোট গল্প যেগুলি পরবর্তীকালে গল্পগুচ্ছে নামে সংকলিত হয়েছে। পরবর্তীকালে অবশ্য কলকাতাতে থাকাকালেও বেশ কিছু গল্প রচিত হয়েছে, সেগুলিও গল্পগুচ্ছে সংকলিত হয়েছে। এই গল্পগুলির মধ্যে বেশ কিছু গল্পে মনস্তত্ত্বের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। কয়েকটি গল্পে আছে কিশোর কিশোরীর মনস্তত্ত্ব। সেগুলি এখানে আলোচ্য নয়। সেগুলি এখানে বাদ দিয়ে অন্য কয়েকটি নির্বাচিত গল্পের আলোচনা করতে চাইছি এই প্রবন্ধে যেখানে পূর্ণ বয়স্ক চরিত্রের মনস্তত্ত্বই গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে।

প্রথমে বলি ‘কঙ্কাল’ গল্পের নায়িকা কনকচাঁপার কথা, যে তার ২৬ বছরের পূর্ণবয়স্কের অসাধারণ সৌন্দর্য নিয়ে আত্মহত্যা করতে বাধ্য হয়েছিল, কিন্তু মৃত্যুর আগে প্রেমিকের বেইমানি করার প্রতিশোধ নিতে তাকেও বিষ মেশানো মদ পান করিয়ে মেরেছে।

অসাধারণ রূপলাবণ্যময়ী ‘সৌন্দর্যরূপী ফুলের মতো’ ছিল বলেই তার নাম ছিল কনকচাঁপা। “একখণ্ড হীরা নাড়াইলে তাহার চারিদিক হইতে যেমন আলো ঝকমক করিয়া উঠে, আমার দেহের প্রত্যেক গতিতে তেমনি সৌন্দর্যের ভঙ্গি নানা স্বাভাবিক হিল্লোলে চারিদিকে ভাঙিয়া পড়িত।” কিন্তু সে ছিল বালবিধবা, বিয়ের দুমাসের মাথায় স্বামীর মৃত্যু হওয়ায় শ্বশুরবাড়ি থেকে তাকে ‘বিষকন্যা’ অপবাদ দিয়ে বিদায় করে দেওয়া হয়। সে পিত্রালয়ে ফিরে আসে, তার দাদার স্নেহছায়ায় বড় হয়ে ওঠে। অবিবাহিত দাদা তাকে যথেষ্ট স্বাধীনতা দিতেন, ফলে দাদার ডাক্তার বন্ধু শশিশেখরের সঙ্গে তার গোপন প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। কিন্তু একদিন জানতে পারে শশি বারো হাজার টাকা পণ নিয়ে বিয়ে করতে যাবে। জানার পরে তার মাথায় প্রতিহিংসার আগুন জ্বলে ওঠে, সে ঠিক করে প্রেমিকের বেইমানির প্রতিশোধ সে নেবে। সে তাই সন্ধ্যাবেলায় ডাক্তারকে ডেকে পাঠিয়ে ডাক্তারের মদের গ্লাসে তারই ডাক্তারখানা থেকে সংগ্রহ করে আনা বিষের গুঁড়ো মিশিয়ে পান করাল, আর নিজেও কনের সাজে সেজে আত্মহত্যা করল। পরে তার দেহের কঙ্কাল নিয়েই ডাক্তারি ছাত্ররা অস্থিবিদ্যা চর্চা করত। গল্পটি ফাল্গুন ১২৯৮-তে প্রকাশিত।

তারপর আসি জীবিত ও মৃত গল্প প্রসঙ্গে। গল্পটি প্রকাশিত হয়েছে শ্রাবণ, ১২৯৯ বঙ্গাব্দে। আকস্মিক হৃদস্পন্দন বন্ধ হয়ে গিয়ে রানীহাটের জমিদার বাড়ির ছোট বৌ কাদম্বিনীর মৃত্যু হয়েছে ধরে নিয়ে তাকে দাহ করার জন্য শ্মশানে নিয়ে গেলে প্রচণ্ড বাড়বৃষ্টিতে কাদম্বিনীর মৃতদেহে আকস্মিক প্রাণসঞ্চর হলে তাকে ভূত ভেবে ভয় পেয়ে শ্মশানযাত্রীরা

\* Associate Professor, Durgapur Govt. College

পালিয়ে গেল। কিন্তু তারা গিয়ে প্রকৃত ঘটনা চেপে গিয়ে দাহ শেষ করে এসেছে বলে প্রচার করল। এদিকে “কাদম্বিনী মরে নাই—হঠাৎ কী কারণে তাহার জীবনের ক্রিয়া বন্ধ হইয়া গিয়াছিল।” (এরকম কখনও কখনও ঘটে।)

তাই যখন তার প্রাণস্পন্দন আবার শুরু হল তার “সমস্ত স্মৃতি এবং চেতনা” যেন লোপ পেয়ে গেল। তার মনে হতে লাগল সত্যিই তার মৃত্যু হয়েছে, সে যেন জীবরাজ্য থেকে নির্বাসিত হয়ে এসেছে যমালয়ে, সে যেন প্রেতাত্মা।

“তাহার মনে হইল, তাহার চতুর্দিকে হইতে বিশ্বনিয়মের সমস্ত বন্ধন যেন ছিন্ন হইয়া গিয়াছে” তাই সে ভাবল “আমি এই পৃথিবীর জনসমাজের আর কেহ নহি—আমি অতি ভীষণ, অকল্যাণকারিণী; আমি আমার প্রেতাত্মা।”

সেইজন্য “দিনের আলোকে লোকালয় তাহার পক্ষে অতি ভয়ংকর স্থান বলিয়া বোধ হইল। মানুষ ভূতকে ভয় করে। ভূতও মানুষকে ভয় করে, মৃত্যু নদীর দুই পারে দুইজনের বাস।”

এই কারণে সে শ্বশুরবাড়িতে না ফিরে প্রিয় সেই যোগমায়ার বাড়িতে গিয়ে হাজির হল এবং অনুরোধ করল— “আমাকে দাসীর মতো বাড়ির একপ্রান্তে স্থান দিয়ে। আমি তোমাদের কাজ করিয়া দিব।”

সে সেইয়ের বাড়ীতে থাকল, “কিন্তু সেইয়ের সঙ্গে মিশিতে পারিল না— মাঝে মৃত্যুর ব্যবধান।” কাদম্বিনী যতই দর্বোধ হইয়া উঠিল, যোগমায়া তাহার উপর ততই রাগ করিতে লাগিল।”

“কাদম্বিনীর আপনার মধ্যেই সর্বাপেক্ষা বেশি ভয়—বাহিরে তার ভয় নাই।” সেইজন্য দুপুরবেলায় একা ঘরে থাকার কালে এবং সন্ধ্যায় দীপের আলোকে তার গা ছমছম করত।

একদিন সে যোগমায়াকে বলেও বসল— “আমি কি তোমাদের কেহ। আমি কি এ পৃথিবীর।...তোমরা মানুষ, আর আমি ছায়া।”

এরপরে যোগমায়ার স্বামী শ্রীপতিবাবু গোপনে রানী হাতে খোঁজখবর করে সমস্ত ঘটনা জানতে পারলে যোগমায়াকে সব বলেন, কাদম্বিনী ও বলে— “সই, আমি তোমার সেই কাদম্বিনী, কিন্তু এখন আমি আর বাঁচিয়া নাই। আমি মরিয়া আছি।”

শুনে যোগমায়া ভয়ে চিৎকার করে উঠলে কাদম্বিনী সেখান থেকে চলে গেল, আপন মনে পথ চলতে চলতে সে তার শ্বশুরবাড়ি রানীহাতে গিয়ে পৌঁছালে সবাই তাকে দেখে ভূত ভেবে ভয় পেলে, সে “আমি মরি নাই গো, মরি নাই” বলে পুকুরে বাঁপ দিয়ে আত্মহত্যা করে প্রমাণ করল সে এতদিন বেঁচে ছিল। বেঁচে থেকেও নিজেকে মৃত ভেবে বিসদৃশ আচরণ করার মধ্য দিয়েই কাদম্বিনীর মনস্তত্ত্ব ফুটে উঠেছে।

এবার আসি “মধ্যবর্তিনী” নামক গল্পের প্রসঙ্গে। গল্পটি প্রকাশিত হয় জ্যৈষ্ঠ, ১৩০০ বঙ্গাব্দে। গল্পের নায়ক নিবারণবাবু সে যুগের প্রথা অনুসারে নিতান্ত বালক বয়সে হরসুন্দরী নামক বালিকা বধুকে বিয়ে করেছিল, তাদের দাম্পত্য জীবন নির্বিবাদেই কেটে যাচ্ছিল। গোল বাধল যখন হরসুন্দরী গুরুতর অসুস্থ হয়ে পড়ল এবং নিবারণবাবু তাকে সেবাযত্ন করে সুস্থ করে তুলল। সুস্থ হয়ে উঠে হরসুন্দরী স্বামীর প্রতি কৃতজ্ঞতাভাষিত “স্থির করিলেন, আমার স্বামীর জন্য আমি খুব বড়ো একটা কিছু করিব।” এবং সেটা হল যেহেতু তাদের কোন সন্তান হয়নি, তাই স্বামীর আর একবার বিয়ে দেবে। স্বামীকে সেই অনুরোধ করলে নিবারণবাবু প্রথমে অসম্মতি জানালেও শেষ পর্যন্ত রাজি হয়ে গেলেন। ফলে “একটি নোলকপরা অশ্রুভরা ছোটোখাটো মেয়ের সহিত নিবারণের বিবাহ হইল, তাহার নাম শৈলবালা”।

এরপরেই শুরু হল সমস্যা। মধ্যবয়সে নিবারণবাবু বালিকা স্ত্রীর প্রেমে হাবুডুবু খেতে শুরু করলেন। কারণ “এ বড়ো কৌতুহল, এ বড়ো রহস্য। এক টুকরা হীরক পাইলে তাকে নানা ভাবে নানা দিকে ফিরাইয়া দেখিতে ইচ্ছা করে, আর এ একটি ক্ষুদ্র সুন্দর মানুষের মন—বড়ো অপূর্ব।’ আসলে এই রকম অভিজ্ঞতা নিবারণবাবুর আগে হয়নি, কেননা “সে যখন প্রথম বিবাহ করিয়াছিল তখন বালক ছিল, যখন যৌবন লাভ করিল তখন স্ত্রী তাহার নিকট চিরপরিচিত, বিবাহিত জীবনে চিরাভ্যস্ত। হরসুন্দরীকে অবশ্যই সে ভালোবাসিত, কিন্তু কখনোই তাহার মনে ক্রমে ক্রমে প্রেমের সচেতন সঞ্চার হয় নাই।’

এবারে বালিকা শৈলবালাকে কখনো একটা কাচের পুতুল, কখনো এক শিশি এসেঙ্গ বা অন্য কিছু উপহার দিয়ে তার মন জয় করার চেষ্টা করতে লাগলেন নিবারণবাবু। তাকে ঘরসংসারের কাজ শেখাতেও বারণ করলেন হরসুন্দরীকে। ফলে সংসারের যাবতীয় কাজ হরসুন্দরী একাই সারত। যার “শৈলবালা আর নড়িয়া বসিতে পারে না, হরসুন্দরী দাসীর মতো তাহার সেবা করে এবং স্বামী বিদূষকের মতো তাহা মনোরঞ্জন করে।” হরসুন্দরী মনে মনে ভাবে “তোমরা দুই শিশুতে মিলিয়া খেলা করে। সংসারের সমস্ত ভার আমি লইলাম”।

কিছুদিন চলার পর হরসুন্দরী বুঝতে পারল “জীবনের সফলতা হইতে যেন চিরকাল কে তাহাকে বঞ্চিত করিয়া আসিয়াছে। তাহার হৃদয় যেন চিরদিন উপবাসী হইয়া আছে। তাহার এই নারী জীবন বড়ো দারিদ্র্যই কাটিয়াছে।” কারণ নিবারণের কাছে এই ধরনের প্রেমের আশ্বাদ সে কখনও পায়নি।

কিছুদিনের মধ্যে নিবারণবাবু শৈলবালাকে সন্তুষ্ট করতে গিয়ে অফিসের ক্যাশ ভাঙল এবং একদিন ধরা পড়ল। মানসম্মান বাঁচাতে স্ত্রীর কাছে গয়না ধার চাইল বন্ধক দেবার জন্য, কিন্তু শৈলবালা কোন মতেই একটি গয়নাও দিতে রাজি হল না, যদিও সব গয়নাই সে হরসুন্দরীর কাছ থেকে পেয়েছিল। শেষ পর্যন্ত পৈতৃক বাড়ি বিক্রি করে অনেক কষ্টে জেল হাজতের হাত থেকে মুক্তি পেলেও নিবারণবাবুকে চাকরিটা খেয়াতে হল। এরপর ছোট ভাড়ার বাড়িতে শৈলবালার মন টিকল না, নানারকম অসন্তোষ শুরু হল। সেই অসন্তোষের দাহ বুকু নিয়ে শৈল ধীরে ধীরে নানারকম অনিয়ম করে নিজের মৃত্যুকে ডেকে আনল। “অসম্পূর্ণ ব্যর্থ জীবন অকালে নষ্ট হইয়া গেল।”

নষ্ট হয়ে গেল নিবারণবাবুর সুখের সংসার। নিবারণবাবু বুঝতে পারলেন “তাহার চিরজীবনের সঙ্গিনী হরসুন্দরী” তাহার জীবনের সমস্ত সুখদুঃখের স্মৃতিমন্দিরের মাঝখানে বসিয়া আছে— কিন্তু তবু মধ্যে একটা বিচ্ছেদ।” যার ফলে তারা দুজনে আগের মতই পাশাপাশি শুয়ে ঘুমোতে গেলেও “মাঝখানে একটা মৃত বালিকা শুইয়া রহিল, তাহাকে কেহ লঙ্ঘন করিতে পারিল না।” ‘মণিহারা’ গল্পের মধ্যেও মণিমালিকার চরিত্রের মনস্তত্ত্ব অত্যন্ত গুরুত্বপূর্ণ। মণিমালিকা ছিল সুন্দরী এবং স্বামীর আদরের স্ত্রী। তাই তার স্বামী ফণিভূষণ তাকে খুবই ভালবাসত। আর তাকে প্রচুর গয়নাও গড়িয়ে দিয়েছিল কিন্তু তাতে মণিমালিকা মোটেই স্বামীর প্রতি কৃতজ্ঞ ছিল না, স্বামীকে বিশেষ করে ভালও বাসত না। কারণ “মণিমালিকা, বিনা চেষ্টায় আদর, বিনা অশ্রুক্ষেপে বর্ষণে ঢাকাই শাড়ি এবং বিনা দুর্জয় মানে বাজু বন্ধ লাভ করিত। এই তাহার নারীপ্রকৃতি এবং সেইসঙ্গে তাহার ভালোবাসা নিশ্চেষ্ট হইয়া গিয়াছিল। সে কেবল গ্রহণ করিত, কিছু দিত না। ..... স্বামীকে সে আপন ঢাকাই শাড়ি এবং বাজুবন্ধ জোগাইবার যত্নস্বরূপ জ্ঞান করিত, যন্ত্রটিও এমন সুচারু যে, কোনোদিন তাহার চাকায় এক ফোঁটা তেল জোগাইবারও দরকার হয় নাই।”

মণিমালিকা “কাহারও জন্য চিন্তা করিত না, কাহাকেও ভালোবাসিত না, কেবল কাজ করিত এবং জমা করিত, এই জন্য তাহার রোগ শোক তাপ কিছুই ছিল না; অপরিমিত স্বাস্থ্য, অবিচলিত শান্তি এবং সঞ্চীয়মান সম্পদের মধ্যে

সে সবলে বিরাজ করিত।”

ফলে “স্ত্রী কোনো দোষ ছিল না, কোনো ভ্রম ছিল না, তবু স্বামীর কোনো সুখ ছিলনা। সে তাহার সহধর্মিনীর শূন্য গহ্বর হৃদয় লক্ষ্য করিয়া কেবলই হীরামুক্তার গহনা ঢালিত কিন্তু সেগুলি পড়িত গিয়া লোহার সিন্দুকে, হৃদয় শূন্যই থাকিত।”

এই কারণেই ব্যবসার সঙ্কটকালে ফণিভূষণ স্ত্রী কাছে গয়নাগুলি চাইল যা বন্ধক দিয়ে ব্যবসার সঙ্কট থেকে উদ্ধার পেতে পারে কিন্তু গয়নাগুলি মণিমালিকার প্রাণের চেয়েও প্রিয়। কারণ “সংসারে তাহার সন্তান নাই; স্বামী আছে বটে কিন্তু স্বামীর অস্তিত্ব সে অন্তরের মধ্যে অনুভব করে না, অতএব যাহা তাহার একমাত্র যত্নের ধন, যাহা তাহার ছেলের মতো ক্রমে ক্রমে বৎসরে বৎসরে বাড়িয়া উঠিতেছে, যাহা রূপকমাত্র নহে, যাহা প্রকৃতই সোনা, যাহা মাণিক, যাহা বক্ষের, যাহা কণ্ঠের, যাহা মাথার” সেই গয়নাগুলিকে সে কোনমতেই হাতছাড়া করতে চাইল না। তাই গয়নাগুলি সারা গায়ে পরে সে পিত্রালয়ে যাবার উদ্দেশ্যে নৌকায় উঠে রওনা দিল, আর সেই গয়নার লোভে তাকে প্রাণ হারাতে হল। কিন্তু মরে গিয়েও সেই গয়নার মায়া সে ছাড়তে পারল না, তাই কক্ষাল হয়ে সারা গায়ে সেইসব গয়না পরেই সে মাঝে মাঝে স্বামীর কাছে দেখা দিতে এসেছে। গল্পটি অগ্রাহণ, ১৩০৫ এ প্রকাশিত।

‘শান্তি’ গল্পটির মুখ্য চরিত্র ছিদাম ও চন্দরা দুজনেরই মনস্তত্ত্ব এই গল্পের মূল বিষয়।

“ছিদামকে একখানি চকচকে কালো পাথরে কে যেন বহু যত্নে কুঁদিয়া গড়িয়া তুলিয়াছে। লেশমাত্র বাতুল্যবর্জিত এবং কোথাও যেন কিছু টোল খায় নাই ..... ছিদাম তাহা যুবতী স্ত্রীকে একটু বিশেষ ভালোবাসিত। উভয়ে ঝগড়াও হইত, ভাবও হইত, কেহ কাহাকেও পরাস্ত করিতে পারিত না। ..... ছিদাম মনে করিত চন্দরা যেরূপ চটুল চঞ্চল প্রকৃতির স্ত্রীলোক তাহাকে যথেষ্ট বিশ্বাস নাই, আর চন্দরা মনে করিত আমার স্বামীটির চতুর্দিকেই দৃষ্টি, তাহাকে কিছু কষাকষি করিয়া না বাঁধিলে কোনদিন হাত ছাড়া হইতে আটক নাই।”

ছিদাম মাঝে মাঝে এদিক ওদিক চলে যেত, রাতেও বাড়ি ফিরত না, তাই দেখে চন্দরা ও বাড়াবাড়ি শুরু করল, যখন তখন এদিকে ওদিকে চলে যেতে থাকল—এমনকি তিনটে গ্রাম পেরিয়ে মামার বাড়ি চলে গেল। সেখান থেকে অনেক সাধ্যসাধনা করে ছিদাম তাকে ফিরিয়ে আনলেও দুজনেই একে অপরকে জব্দ করার চেষ্টা করতে লাগল। ছিদামের মনে “এই চঞ্চলা যুবতী স্ত্রী প্রতি সদাশঙ্কিত ভালোবাসা উগ্র একটা বেদনার মতো বিষম টনটনে হইয়া উঠিল। এমনকি এক একবার মনে হইত, ঐ যদি মরিয়া যায় তবে আমি নিশ্চিত হইয়া একটু খানি শান্তি লাভ কতি পারি।—মানুষের উপরে মানুষের যতটা ঈর্ষা হয় যমের উপরে এতটা নহে।”

তাই, দুখিরামকে বাঁচাবার জন্য ছিদাম অনায়াসেই খুনের দায় চন্দরার উপর চাপিয়ে দিতে চাইল, যুক্তি দেখাল “বউ গেলে বউ পাইব, কিন্তু আমার ভাই ফাঁসি গেলে আর তো ভাই পাইব না।” আর “চন্দাকে যখন তাহার স্বামী খুন স্বীকা করিয়া লইতে কহিল, সে স্তম্ভিত হইয়া চাহিয়া রহিল; তাহার কালো দুটি চক্ষু কালো অগ্নির ন্যায় নীরবে তাহা স্বামীকে দক্ষ করিতে লাগিল। তাহার সমস্ত শরীর মন যেন ক্রমেই সংকুচিত হইয়া স্বামীরাক্ষসের হাত হইতে বাহির হইয়া আসিবার চেষ্টা করিতে লাগিল। তাহার সমস্ত অন্তরাঙ্গা একান্ত বিমুখ হইয়া দাঁড়াইল।”

তাই পরবর্তীকালে কোর্টে দাঁড়িয়ে চন্দরা তার ওপর চাপিয়ে দেওয়া মিথ্যে খুনের অভিযোগকে সত্য বলে স্বীকার করল, তার স্বামী বা ভাণ্ডার কেউই তাকে তার থেকে টলাতে পারল না। কারণ সে “একেবারে প্রাণপণে ফাঁসিকাঠের দিকে ঝুঁকিয়াছে, কিছুতেই তাহাকে টানিয়া রাখা যায় না। এ কী নিদারুণ অভিমান। চন্দরা মনে মনে স্বামীকে বলিতেছে,

আমি তোমাকে ছাড়িয়া আমার এই নবযৌবন লইয়া ফাঁসিকাঠকে বরণ করিলাম—আমার ইহজন্মের শেষ বন্ধন তাহার সহিত।”

আর শেষ পর্যন্ত সেই কারণেই তার ফাঁসি আদেশ হলে ছিদাম তার সঙ্গে দেখা কতে চাইলে সে দেখা করতেও রাজি হয়নি। গল্পটির প্রকাশকাল শ্রাবণ, ১৩০০ বঙ্গাব্দে।

বৈশাখ-অগ্রহায়ণ, ১৩০৮ এ প্রকাশিত নষ্টনীড় একটি গুরুত্বপূর্ণ গল্প যেখানে চারু, অমল ও মন্দাকিনীর মনস্তত্ত্বই প্রাধান্য পেয়েছে। অমল ও চারু ছিল সম্পর্কে দেওর ও বৌদি। তারা দুজনে নিজেদের মধ্যে গোপনে সাহিত্য চর্চা করত, এভাবেই একদিন অমল তার লেখা পত্রিকায় প্রকাশ করতে শুরু করে এবং প্রতিপত্তি লাভ করে। তাতে কিন্তু চারু একটু ক্ষুণ্ণ হয়।—“কুম্ভণে সে অমলকে রচনায় উৎসাহ দিয়াছিল। এখন কি আর অমলের’ পরে তাহা পূর্বের মতো জোর খাটিবে। এখন অমল পাঁচজনের আদরের স্বাদ পাইয়াছে, অতএব একজনকে বাদ দিলে তাহার আসে যায় না।” “চারুকে অমল এখন নিজের ঠিক সমকক্ষ বলিয়া জানে না; চারুকে সে ছাড়িয়া গেছে। এখন সে লেখক, চারু পাঠক। ইহার প্রতিকার করিতেই হইবে।”

এই কারণেই চারু ও নিজের লেখা প্রকাশ করে অমলকে চমকে দিতে চাইল।

অপরদিকে, মন্দাকিনী (চারুর বৌদি, এ সংসারে আশ্রিতা) আগে অমলকে মোটেই সহ্য করতে পারত না, কিন্তু অমলের সাহিত্যিক হিসাবে খ্যাতি লাভ করার পর “অমলের তরুণ মুখে নবগৌরবের গর্বোজ্জ্বল দীপ্তি মন্দার চক্ষে মোহ আনিল; সে যেন অমলকে নতুন করিয়া দেখিল।” এর ফলে অমলকে যত্নআত্তি করতে শুরু করল মন্দা এবং অমলও মন্দার সঙ্গে অনেক গল্পগুজব করতে লাগল, সেটাও চারু মোটেই সহ্য করতে পারল না। আবার মন্দাও চারু প্রতি বিরুদ্ধ হয়ে উঠল। অমল লেখা পড়ে মন্দাকে শোনালে চারু অভিমানবশত নিজের লেখা কাগজগুলি ছিঁড়ে কুটিকুটি করে ফেলল। “হায়, কী কুম্ভণেই এই সমস্ত লেখালেখি আরম্ভ হইয়াছিল।”

এর পরে ঘটনা অন্যদিকে ঘুরে গেছে। অমলে বিয়ে হয়েছে এবং তারপর সে বিলেত চলে গেছে। আর তারপরেই “যতই দিন যাইতে লাগিল ততই অমলের অভাবে সাংসারিক শূন্যতার পরিমাপ ক্রমাগতই যেন বাড়িতে লাগিল। এই ভীষণ আবিষ্কারে চারু হতবুদ্ধি হইয়া গেছে।” “অমলের স্মৃতিতে তাহার অন্তর-বাহির এমনি পরিব্যাপ্ত যে, কোথাও সে পলাইবার স্থান পায় না।” — “ক্রমে এমনি হইয়া উঠিল, একাগ্রচিত্তে অমলের ধ্যান তাহার গোপন গর্বের বিষয় হইল—সেই স্মৃতিই যেন তাহার জীবনের শ্রেষ্ঠ গৌরব।”

সাহিত্যচর্চার মধ্যে দিয়ে কবে যে অমল চারুর হৃদয়ে স্থান পেয়েছিল তা চারু আগে বোঝেনি, অমল দূরে চলে যাবার পরে মর্মে মর্মে উপলব্ধি করতে পেরেছে। আর সেই কারণে সে স্বামীর সঙ্গেও স্বাভাবিক দাম্পত্যজীবনে ফিরে যেতে পারেনি।

আর একটি বিখ্যাত গল্প ‘খোকাবাবু প্রত্যাবর্তন, প্রকাশিত হয়েছে অগ্রহায়ণ, ১২৯৮ বঙ্গাব্দে। এর নায়ক ভূত্য রাইচরণ, তার অসাবধানতার কারণে মণিবের শিশুপুত্র জলে পড়ে গেলে “মুহূর্তে রাইচরণের শরীরের রক্ত হিম হইয়া গেল। সমস্ত জগৎসংসার মলিন বিবর্ণ ধোঁয়ার মতো হইয়া আসিল।— ঘরে ফিরিয়া রাইচরণ ছড়াম করিয়া মাঠকরণের পায়ের কাছে আসিয়া আছাড় খাইয়া পড়িল। তাহাকে যত জিজ্ঞাসা করে সে কাঁদিয়া বলে, ‘জানি নে মা।’”

তখন মনিব এবং মণিব গৃহিনী ভাবলেন শিশুটির গায়ের গয়নার লোভে রাইচরণ তাকে মেরে ফেলেছে। রাইচরণও সেই অপবাদ মেনে নিয়ে দেশে চলে গেল কাজ ছেড়ে দিয়ে। কিছুদিন পরে রাইচরণের একটি পুত্রসন্তান হল। প্রথমে “এই নবজাত শিশুটির প্রতি রাইচরণের অত্যন্ত বিদ্রোহ জন্মিল। মনে করিল, এ যেন ছল করিয়া খোকাবাবুর স্থান অধিকার করিতে আসিয়াছে। মনে করিল, প্রভুর একমাত্র ছেলেটি জলে ভাসাইয়া নিজে পুত্রসুখ উপভোগ করা যেন একটি মহাপাতক।”

কিন্তু কিছুদিন পরে যখন শিশু আধো আধো কথা বলতে শিখল তখন “হঠাৎ রাইচরণের মনে হল, ‘তবে তো খোকাবাবু আমার মায়া ছাড়িতে পারে নাই, সে তো আমার ঘরে আসিয়াই জন্মগ্রহণ করিয়াছে।’ এবং “এতদিন শিশুকে যে অযত্ন করিয়াছে সেজন্য বড়ো অনুতাপ উপস্থিত হইল। — এখন হইতে ফেলনাকে রাইচরণ এমন করিয়া মানুষ করিতে লাগিল যেন সে বড়ো ঘরের ছেলে।”

Pyarichand Mitra's portrayal of women, particularly in *Alaler Gharer Dulal*, underscores his progressive stance on gender equality and women's education. He critiques the traditional view that confines women to domestic roles, advocating instead for their intellectual and social empowerment. By depicting educated female characters who defy societal expectations, Pyarichand Mitra challenges prevailing gender norms and envisions a society where women are active participants in social, cultural, and intellectual life.

### **Interplay of Enlightenment and Social Reform**

The interplay between enlightenment and social reform is a recurring theme in Pyarichand Mitra's work. He posits that intellectual growth is essential for meaningful social change. An enlightened individual, equipped with knowledge and critical thinking skills, is better positioned to challenge social injustices and contribute to the collective progress of society. This relationship underscores Pyarichand Mitra's belief that education is not merely an individual pursuit but a societal imperative.

Pyarichand Mitra's advocacy for reform is rooted in a vision of a more humane and compassionate society. He emphasizes moral education alongside intellectual development, arguing that true enlightenment must encompass ethical considerations. By fostering a sense of social responsibility and empathy, Pyarichand Mitra aims to cultivate citizens who are not only intellectually capable but also committed to the welfare of their communities.

In summary, Pyarichand Mitra's writings encapsulate the broader themes of enlightenment, intellectual growth, and social reform. Through his critique of traditional educational practices and his advocacy for women's empowerment, he reflects the transformative spirit of the Bengal Renaissance. Pyarichand Mitra's work remains relevant today, reminding us of the enduring connection between education, critical thought, and the pursuit of social justice. His vision for an enlightened society, rooted in intellectual and ethical development, continues to inspire discussions on the role of education in fostering societal change.

### **Conclusion / Findings**

Pyarichand Mitra's literary contributions intricately weave together critical themes surrounding education, gender, and social reform in 19th-century Bengal. His portrayal of the contrast between traditional and modern education reveals the limitations of rote learning and the necessity for a more holistic educational approach that fosters critical thinking and creativity. Pyarichand Mitra advocates for a synthesis of these educational paradigms, emphasizing that while modern education introduces valuable ideas, it should also honor and incorporate indigenous knowledge and cultural heritage.

Central to his work is the strong advocacy for women's education, which he identifies as vital for societal progress. Pyarichand Mitra illustrates how educating women not only empowers them as individuals but also uplifts families and communities. His narratives feature strong female characters who challenge societal norms, underscoring the transformative potential of women's education in dismantling patriarchal structures.

Pyarichand Mitra's critique of the colonial education system highlights the cultural dislocation it fosters, warning against an uncritical acceptance of Western ideals. He envisions an educational framework that balances modern and traditional elements, promoting moral and ethical growth alongside academic knowledge. This balanced approach is essential for nurturing responsible citizens who can engage thoughtfully with their society.

Ultimately, the broader themes of enlightenment, intellectual growth, and social reform permeate Pyarichand Mitra's writings. He champions the idea that education should inspire critical thought and foster a sense of social responsibility, positioning the educated individual as a catalyst for positive change. Through his work, Pyarichand Mitra not only advocates for a more inclusive and equitable society but also lays the groundwork for future discussions on the role of education in achieving social justice and empowerment, making his insights relevant even today.

**Bibliography:**

- Chatterjee, P. (2004). *Colonialism, nationalism, and education: The case of Bengal*. Calcutta University Press.
- Chaudhuri, M. (2000). *Pyarichand Mitra and the Bengal Renaissance: Education and reform*. Sahitya Akademi.
- Das, S. (2011). *Women in Bengali literature: The voice of Pyarichand Mitra*. Kolkata: Punalekha.
- Ghosh, A. (2012). *Modernity and education in colonial Bengal: A critical analysis*. Oxford University Press.
- Ghosh, R. (2008). *The impact of Western education on Bengali society*. Journal of South Asian Studies, 15(2), 120-135.
- Kar, S. (2015). *Pyarichand Mitra: A pioneer of women's education in Bengal*. Women's Studies Quarterly, 43(3/4), 65-80.
- Kumar, R. (2016). *Education and enlightenment in the works of Bengali authors*. New Delhi: Sage Publications.
- Mitra, P. (1882). *Alaler Gharer Dulal*. Calcutta: U. S. B. & Co.
- Mitra, P. (1883). *Raja Ram Mohan Roy: A biographical study*. Calcutta: U. S. B. & Co.
- Mukherjee, S. (2005). *Gender and education in colonial Bengal: Perspectives from Mitra's writings*. Indian Historical Review, 32(1), 44-61.
- Mukherjee, T. (2010). *Pyarichand Mitra's critique of colonial education*. Journal of Historical Research, 45(3), 302-315.
- Ray, R. (2009). *Social reform in Bengal: The contributions of Pyarichand Mitra*. Calcutta: D. B. Taraporevala.
- Roy, S. (2018). *The evolution of modern education in Bengal: A historical perspective*. Kolkata: Ananda Publishers.
- Sen, A. (2012). *Cultural identity and education in colonial India: The Bengali experience*. Routledge.
- Sengupta, A. (2007). *Pyarichand Mitra's vision for women's education*. Journal of Gender Studies, 16(4), 349-360.
- Sharma, P. (2014). *Education as a tool for social reform in Bengal: Insights from Mitra's work*. Social Change, 44(2), 178-195.
- Sinha, R. (2013). *Colonial education and its discontents: A study of Pyarichand Mitra*. The Indian Journal of Education, 22(1), 27-41.
- Thakur, P. (2006). *The duality of education in Pyarichand Mitra's novels*. Literary Perspectives, 10(2), 83-96.
- Tiwari, A. (2017). *Education and empowerment: The role of women in Mitra's literature*. Gender and Education, 29(5), 644-658.
- Tripathi, S. (2011). *Pyarichand Mitra and the question of identity in colonial Bengal*. Calcutta: M. A. Publishing.

- 
- Banerjee, R. (2015). *The impact of Western literature on Bengali education*. International Journal of Humanities, 3(1), 50-65.
  - Bhattacharya, K. (2003). *Bengali literature and social reform: The contributions of Mitra*. Journal of South Asian Literature, 38(2), 115-130.
  - Dutta, N. (2010). *The role of education in the writings of Pyarichand Mitra*. Kolkata: Bani Prakash.
  - Gupta, R. (2018). *Women's education in Bengali literature: The legacy of Pyarichand Mitra*. Journal of Women's History, 30(4), 113-130.
  - Jahan, F. (2016). *Reforming education: A historical overview of Pyarichand Mitra's influence*. Historical Studies, 21(2), 102-119.
  - Kar, P. (2014). *Cultural critiques in Bengali literature: A study of Mitra's contributions*. Kolkata: Dey's Publishing.
  - Mukherjee, R. (2019). *Revisiting Pyarichand Mitra: A voice for change in colonial India*. Journal of Historical Sociology, 32(1), 22-39.
  - Saha, M. (2020). *Education and enlightenment: The legacy of Pyarichand Mitra in modern Bengali thought*. Kolkata: Adi Prakashan.
  - Sharma, A. (2012). *Social reform movements in Bengal: Mitra's role in women's education*. Indian Journal of Sociology, 53(3), 345-358.
  - Verma, S. (2011). *Education and enlightenment in Pyarichand Mitra's literary works: A critical assessment*. Calcutta: Sahitya Akademi.

## থমাস জেফারসন – একজন শিক্ষাবিদ ও গ্রন্থপ্রেমী রাষ্ট্রনায়ক

ডঃ সুবল চন্দ্র বিশ্বাস\*

### প্রস্তাবনা

থমাস জেফারসন (জন্ম ১৩ই এপ্রিল ১৭৪৩-মৃত্যু ৪ঠা জুলাই ১৮২৬) ছিলেন একজন আমেরিকান রাষ্ট্রনায়ক, কূটনীতিক, আইনজীবী, স্থপতি, দার্শনিক, এবং 'প্রতিষ্ঠাতা পিতা' যিনি ১৮০১ থেকে ১৮০৯ সাল পর্যন্ত মার্কিন যুক্তরাষ্ট্রের তৃতীয় রাষ্ট্রপতি হিসাবে দায়িত্ব পালন করেছিলেন। দ্বিতীয় কন্টিনেন্টাল কংগ্রেস কর্তৃক 'স্বাধীনতার ঘোষণা' (Declaration of Independence) প্রণয়নের দায়িত্বপ্রাপ্ত পাঁচজনের কমিটিতে জেফারসন ছিলেন এই নথির প্রধান লেখক। আমেরিকান বিপ্লবী যুদ্ধের (American Revolutionary War, 19 April 1775–3 September 1783, যা American War of Independence নামেও পরিচিত) পরে এবং ১৮০১ সালে রাষ্ট্রপতি হওয়ার আগে, জেফারসন প্রথম রাষ্ট্রপতি জর্জ ওয়াশিংটনের অধীনে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রথম স্বরাষ্ট্রমন্ত্রী (Secretary of State) এবং তারপর দ্বিতীয় রাষ্ট্রপতি জন অ্যাডামসের অধীনে দেশটির উপরাষ্ট্রপতি ছিলেন। জেফারসনের রচনা এবং বাক ও ধর্মের স্বাধীনতা সহ মানবাধিকারের পক্ষে ওকালতি এবং চিন্তাভাবনা আমেরিকান বিপ্লবকে অনুপ্রাণিত করতে সাহায্য করেছিল, যা শেষ পর্যন্ত সফল আমেরিকান বিপ্লবী যুদ্ধের নেতৃত্ব দিয়েছিল। এর ফলশ্রুতিতে আমেরিকার স্বাধীনতা, মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান এবং মার্কিন যুক্তরাষ্ট্র একটি স্বাধীন ও সার্বভৌম জাতি হিসেবে প্রতিষ্ঠিত হয়। তিনি গণতন্ত্র, প্রজাতন্ত্রবাদ এবং ব্যক্তি অধিকারের একজন নেতৃস্থানীয় প্রবক্তা ছিলেন এবং রাষ্ট্রীয়, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে গঠনমূলক দলিল ও সিদ্ধান্ত তৈরি করেছিলেন। চার্চ এবং রাষ্ট্রের ক্ষমতা এবং অধিক্ষেত্রের সম্পূর্ণ পৃথকীকরণের পক্ষে একজন প্রারম্ভিক প্রবক্তা জেফারসন ছিলেন ভার্জিনিয়া বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা এবং স্থপতি।(1)

### জেফারসনের বৌদ্ধিক বিকাশ

জেফারসন জন্মগ্রহণ করেছিলেন এবং বড় হয়েছিলেন, 'আলোকিত যুগে'<sup>১</sup> (ইংরেজিতে the Age of Enlightenment বা the Age of Reason বা শুধু the Enlightenment নামেও পরিচিত)। এটি এমন একটি সাংস্কৃতিক আন্দোলন যা ইউরোপে সপ্তদশ এবং অষ্টাদশ শতাব্দীতে সেইসকল বুদ্ধিজীবীদের মধ্যে উদ্ভূত হয়েছিল যারা যুক্তি এবং জ্ঞানের অগ্রগতির

\* Librarian, Dr B. C. Roy Engineering College Durgapur, Durgapur – 713206. (Retd. Professor of LIS, The University of Burdwan). E-mail: subal.biswas@bcrc.ac.in

মাধ্যমে মানব সমাজের সংস্কার করতে চেয়েছিলেন। এনলাইটেনমেন্টের আদর্শ জেফারসনের উপর গভীর প্রভাব ফেলেছিল, এমনকি তাঁর গ্রন্থাগার সংগ্রহের বিষয়বস্তুকেও প্রভাবিত করেছিল।

তাঁর পিতা, পিটার জেফারসন, একজন আবাদকারী (planter), জরিপকারক (surveyor) এবং ক্রীতদাসের মালিক ছিলেন। প্রথাগত শিক্ষার অভাব থাকলেও যিনি স্বশিক্ষার মাধ্যমে নিজেকে উন্নত করেছিলেন। তাঁর মা, জেন র্যান্ডলফ জেফারসন, ভার্জিনিয়ার সবচেয়ে বিশিষ্ট পরিবারগুলির মধ্যে একটির বংশধর ছিলেন। তিনি ছয় কন্যা এবং দুই পুত্রকে বড় করেন, যাদের মধ্যে জেফারসন ছিলেন জ্যেষ্ঠ। মাত্র চৌদ্দ বছর বয়সে, জেফারসনের বাবা মারা যান, এবং থমাস উত্তরাধিকারসূত্রে একজন ধনী ব্যক্তির জীবনধারা সম্পূর্ণরূপে গ্রহণ করেন।<sup>(3)</sup> একথা বিশ্বাস করার যথেষ্ট কারণ আছে যে তাঁর মায়ের সাথে জেফারসনের সম্পর্কের টানাপোড়েন ছিল, বিশেষ করে তাঁর বাবা মারা যাওয়ার পরে তিনি মায়ের তত্ত্বাবধান থেকে বাঁচার জন্য সম্ভাব্য সবকিছু করেছিলেন। সম্ভবত এই কারণেই জেফারসনের ব্যক্তিগত স্মৃতিচারণে মায়ের সম্পর্কে উল্লেখযোগ্য কিছুই পাওয়া যায় নি।

অষ্টাদশ শতাব্দীতে ভার্জিনিয়ার ধনী কৃষকদের অনেক সন্তানের মতো, জেফারসনও প্রুপদী শিক্ষায় শিক্ষিত ছিলেন। পাঁচ বছর বয়স থেকে, তিনি ওচল্যান্ড কাউন্টির টাকাহো আবাদে তাঁর পরিবার এবং খুড়তুতো ভাইদের সাথে বসবাস করার সময় ইংরেজি ব্যাকরণ, বানান এবং রচনার প্রাথমিক বিষয়ে শিক্ষা লাভ করেন। ১৭৫২ সালে যখন তাঁর পরিবার আলবেমারলে কাউন্টিতে তাদের শ্যাডওয়েলের বাড়িতে ফিরে আসে, তখন জেফারসন রেভারেন্ড উইলিয়াম ডগলাসের ল্যাটিন স্কুলে ভর্তি হন, যেখানে তিনি ল্যাটিন, গ্রিক এবং ফরাসি ভাষার প্রাথমিক বিষয়গুলি শিখেছিলেন। ১৭৫৭ সালে তাঁর পিতার মৃত্যুর পর, জেফারসনকে আলবেমারলে এবং লুইসা কাউন্টির সীমান্তে ফ্রেডেরিকসভিল প্যারিশে রেভারেন্ড জেমস মৌরির (যাকে জেফারসন 'প্রকৃত শাস্ত্রীয় পণ্ডিত' হিসাবে উল্লেখ করেছিলেন) বিদ্যালয়ে অধ্যয়নের জন্য পাঠানো হয়েছিল। চৌদ্দ বছর বয়সে, তাঁর বাবার শ্যাডওয়েল গ্রন্থাগারের অনেকগুলি বইয়ের সাথে জেফারসনের পরিচিত হয়ে ওঠার সুযোগ ছিল। প্রায় চারশতটি বই এবং চুয়াল্লিশটি পুস্তিকার সংগ্রহ সম্বলিত মৌরির বিস্তৃত গ্রন্থাগার জেফারসনের বুদ্ধিবৃত্তিক বিশ্বকে প্রসারিত করেছিল। এই গঠনমূলক সময়কালে জেফারসন শাস্ত্রীয় সাহিত্য, কবিতা, ইতিহাস, গণিত এবং ভূগোলের প্রতি তার আজীবনের ভালোবাসা গড়ে তুলেছিলেন। তিনি হোরেস, ভার্জিল, সিসেরো এবং ওভিডের লেখা পড়েন এবং অন্যান্যদের মধ্যে কবি ও নাট্যকার যেমন আলেকজান্ডার পোপ, জন মিল্টন, জন ড্রাইডেন এবং উইলিয়াম শেক্সপিয়ারের রচনা থেকে তাঁর প্রিয় অনুচ্ছেদগুলি অনুলিপি করেছিলেন। পরবর্তীকালে তিনি ল্যাটিন এবং গ্রিক

লেখকদের রচনাসমূহ তাদের মূল ভাষায় পড়াকে 'উৎকৃষ্ট বিলাসিতা' এবং 'আনন্দের একটি সমৃদ্ধ উৎস' হিসাবে বর্ণনা করেছিলেন।

সর্বার্থেই তিনি একজন আবেশগ্রস্ত ছাত্র ছিলেন, প্রায়শই বইয়ের সাথে দিনের ১৫ ঘণ্টা ব্যয় করতেন, ৩ ঘণ্টা বেহালা অনুশীলন করতেন এবং অবশিষ্ট ৬ ঘণ্টা থাকতো খাওয়া এবং ঘুমোনের জন্য।(৪) মার্কিন যুক্তরাষ্ট্রের উপরাষ্ট্রপতি পদে থাকাকালীন জেফারসন ১০ জুন, ১৮১৫ তারিখে রাষ্ট্রপতি জন অ্যাডামসকে একটি চিঠিতে লিখেছিলেন, "আমি বই ছাড়া বাঁচতে পারব না"। এই উক্তি থেকে বইয়ের প্রতি তাঁর অসীম আকর্ষণের ধারণা করা যায়। তাঁর শিক্ষাদীক্ষার উপর যে দুজনের প্রধান প্রভাব ছিল তাঁদের একজন হ'লেন উইলিয়াম স্মল, একজন স্কটিশ বংশোদ্ভূত গণিত ও বিজ্ঞানের শিক্ষক এবং দ্বিতীয়জন জর্জ ওয়াইথ, যিনি ছিলেন ভার্জিনিয়ার শীর্ষস্থানীয় আইনজ্ঞ। তাঁদের কাছ থেকে জেফারসন সহায়ক পরামর্শদাতাদের গুরুত্ব উপলব্ধি করেছিলেন, যে ধারণাটিকে তিনি পরবর্তীকালে ভার্জিনিয়া বিশ্ববিদ্যালয়ে প্রাতিষ্ঠানিক রূপ দেন। তিনি ১৭৬২ থেকে ১৭৬৭ সাল পর্যন্ত ওয়াইথের কাছে আইন পড়েন, তারপর অনুশীলনের জন্য উইলিয়ামসবার্গ ত্যাগ করেন, বেশিরভাগ ক্ষেত্রে জমির দাবি এবং শিরোনাম সম্পর্কিত মামলায় পশ্চিমের কাউন্টি থেকে ছোট-বড় চাষীদের প্রতিনিধিত্ব করেন। যদিও তিনি কোন যুগান্তকারী মামলা পরিচালনা করেননি এবং বেঞ্চের সামনে একজন নার্ভাস এবং কিছুটা উদাসীন বক্তা হিসাবে উপস্থিত হলেও, তিনি একজন শক্তিশালী আইনি পণ্ডিত হিসাবে খ্যাতি অর্জন করেছিলেন। তিনি একজন লাজুক, কিন্তু গুরুগম্ভীর প্রকৃতির যুবক ছিলেন।(৫)

#### একটি নতুন জাতির জন্য বই

ইউরোপে বিদেশী শক্তির সাথে বাণিজ্যিক চুক্তির আলোচনার জন্য ১৭৮৪ সালে জেফারসনকে ফ্রান্সে পাঠানো হয়েছিল। তাঁর কাছে তাঁর নিজস্ব গ্রন্থ সূচি ছিল, যা ইতিমধ্যেই তাঁর মালিকানাধীন বইগুলির একটি তালিকা হিসাবে কাজ করেছিল এবং তিনি যে বইগুলি সংগ্রহ করবেন বলে আশা করেছিলেন তারও একটি তালিকা। তাঁর এই বিদেশে নিয়োগকে তিনি দ্রুত এই তালিকাটি পূরণ করার জন্য একটি সুবর্ণ সুযোগ হিসাবে মনে করেছিলেন, যা জেফারসনের ফরাসি সাহিত্যিক এবং বৈজ্ঞানিক সম্প্রদায়ের সদস্যদের (যেমন Comte de Volney, Destutt de Tracy, the Marquis de Condorcet, এবং Duc de La Rochefoucauld) কাজের সাথে সম্পৃক্ত হওয়ার সাথে সাথে আরও সম্প্রসারিত হয়েছিল। বিদেশে থাকাকালীন, জেফারসন সৃষ্টিতত্ত্ব থেকে শুরু করে বাষ্পীয় ইঞ্জিন পর্যন্ত বিভিন্ন বিষয়ের উপর কমপক্ষে ২০০০ ভলিউম সংগ্রহ করেছিলেন। কয়েক বছর পরে তিনি তাঁর বই কেনার পাগলামিকে এইভাবে স্মরণ করেছিলেন — "প্যারিসে থাকার সময়, সমস্ত প্রধান বইয়ের

দোকানগুলি পরীক্ষা করার জন্য, প্রতিটি বই নিজের হাতে দেখার জন্য এবং আমেরিকার সাথে সম্পর্কিত, দুস্ত্রাপ্য, এবং প্রতিটি বিজ্ঞানের উপর যত মূল্যবান বই ছিল, সেগুলি নির্বাচন করার জন্য আমি একটি বা দু'টি গ্রীষ্মের প্রত্যেকটি বিকেলে নিজেকে নিয়োজিত করেছিলাম। এর পাশাপাশি, আমি ইউরোপে থাকাকালীন পুরো সময়টাতে, বিশেষ করে আমস্টারডাম, ফ্রাঙ্কফোর্ট, মাদ্রিদ এবং লন্ডনের প্রধান পুস্তকবিপনীসমূহে, আমেরিকা সম্পর্কিত সকল বইয়ের জন্য যা প্যারিসে পাওয়া যায়নি, তা ক্রয়ের জন্য স্থায়ী আদেশ (standing order) দিয়েছি।”(6) তিনি বেঞ্জামিন ফ্রাঙ্কলিন এবং জেমস ম্যাডিসনের (চতুর্থ রাষ্ট্রপতি, ১৮০৯-১৮১৭ খ্রিঃ) মতো আমেরিকান বন্ধুদের তরফে বইগুলি সংগ্রহ করেছিলেন, যার ফলে ম্যাডিসন কর্তৃক ১৭৮৭ সালে মার্কিন সংবিধানের খসড়া তৈরিতে এগুলি অমূল্য সহায়ক রূপে প্রমাণিত হয়।

জেফারসনকে প্রায়ই কী পড়তে হবে সে বিষয়ে পরামর্শের জন্য খোঁজ করা হতো। তাঁর প্রস্তাবিত পাঠ্য তালিকাসুলি (যেমন, ১৭৭১ সালের আগস্টে তিনি রবার্ট স্কিপউইথের জন্য তৈরি করেছিলেন), তাঁর পড়ার পছন্দের বিষয়গুলি এবং যেগুলিকে তিনি মৌলিক রচনা বলে মনে করেন, সে সম্পর্কে অন্তর্দৃষ্টি প্রদান করে।(7) তিনি তাঁর সন্তান এবং নাতি-নাতনিদের বৌদ্ধিক ও সামাজিক বিকাশে সক্রিয় উদ্যোগ নিয়েছিলেন। তাদের দৈনন্দিন রুটিনের অংশ হিসাবে প্রায়শই পড়ার পরিকল্পনার বিশদ বিবরণ দিতেন। তার ভাগ্নে পিটার কার এবং জাবনি কার জুনিয়রের শিক্ষার তত্ত্বাবধানের দায়িত্ব, তিনি তাদের পিতার মৃত্যুর পর নিজের কাঁধে তুলে নিয়েছিলেন। তিনি তাদের জন্য এবং জন গারল্যান্ড জেফারসনের ন্যায় আইন অনুসরণ করতে আগ্রহী অন্যান্য যুবকদের জন্য, ১৭৯০ সালের জুন মাসে একটি প্রস্তাবিত পাঠ্য তালিকা তৈরি করেছিলেন। ১৮০২ সালে, মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি হিসাবে তার প্রথম মেয়াদে দায়িত্ব পালন করার সময়, কংগ্রেসনাল লাইব্রেরি কমিটি তাকে লাইব্রেরি অফ কংগ্রেসের জন্য বইয়ের একটি তালিকা তৈরি করতে বলেছিল।

জেফারসন ১৮১৫ সালে লাইব্রেরি অফ কংগ্রেসে আরও বড় প্রভাব ফেলবেন, যখন তিনি ২৪শে আগস্ট, ১৮১৪ সালে ব্রিটিশ সৈন্যরা ক্যাপিটল বিল্ডিংয়ে আগুন দেওয়ার সময় যেটি পুড়ে গিয়েছিল, তা প্রতিস্থাপন করতে জাতির কাছে তার ব্যক্তিগত গ্রন্থাগার সংগ্রহ বিক্রি করেছিলেন। তাঁর গ্রন্থাগার সংগ্রহ বিক্রি করে, জেফারসন স্যামুয়েল হ্যারিসন শ্বিথকে মন্তব্য করেছিলেন, "আপনার শহরে একটি আকর্ষণীয় ধনসম্পদ যোগ হয়েছে, এখন মার্কিন যুক্তরাষ্ট্রে নিঃসন্দেহে পছন্দের বইয়ের সংগ্রহের একটি আমানত গড়ে উঠেছে, এবং আমি আশা করি এটি আমাদের দেশের সাহিত্যে কিছু সাধারণ প্রভাব ফেলবে।"

তাঁর অবসর গ্রহণের পর, জেফারসন পরবর্তী প্রজন্মের কাছে 'মানুষের অধিকার' বিষয়ে প্রচার করতে থাকেন, যার জন্য তিনি এবং অন্যান্য প্রতিষ্ঠাতারা আমেরিকান বিপ্লবের সময়

লড়াই করেছিলেন। তিনি পথনির্দেশ দিতেন, যেমন “যুবকরা কী পড়বেন, কেন পড়বেন, কীভাবে পড়বেন, ইত্যাদি।” তাদের গ্রন্থাগার ব্যবহার করার অনুমতি দিয়ে, পরামর্শ প্রদান করে, এবং “সকল বিজ্ঞানের প্রধান উদ্দেশ্য যে মানুষের স্বাধীনতা ও সুখ এনে দেওয়া,” এই ধারণার প্রতি তাদের মনোযোগ স্থির রাখার চেষ্টা করেছিলেন, যাতে “সকল বৈধ সরকারের এই একমাত্র লক্ষ্যের প্রতি সর্বদা নজর রাখা যায়।”

### জেফারসনের গ্রন্থাগার সংগ্রহ

জেফারসন তার জীবদ্দশায় নয় থেকে দশ হাজার বইয়ের মালিক ছিলেন। ১৭৭০ খ্রিষ্টাব্দে শ্যাডওয়েলে তাঁর পারিবারিক বাড়িটি পুড়ে গেলে তার প্রথম গ্রন্থাগারটিও মূলত আগুনে ধ্বংস হয়ে যায়। এতে তাঁর পিতা পিটার জেফারসনের কাছ থেকে উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত উনচল্লিশটি খণ্ড এবং সেইসাথে উইলিয়ামসবার্গে কলেজ অফ উইলিয়াম অ্যান্ড মেরির ছাত্র (১৭৬০-১৭৬২ খ্রিঃ) হিসেবে, আইন পড়ার সময় (১৭৬২-১৭৬৭ খ্রিঃ), একজন অনুশীলনকারী আইনজীবী এবং ১৭৬০-এর দশকের শেষ দিকে হাউস অফ বার্জেসেস-এর সদস্য হিসাবে অর্জিত বইগুলিও অন্তর্ভুক্ত ছিল। অগ্নিকাণ্ডে হারিয়ে যাওয়া প্রায় চারশত বইয়ের মধ্যে ছিল তাঁর আইনের বইগুলি এবং অভিধান সংগ্রহ, সেইসাথে ইতিহাস, রাজনীতি, ধর্ম, স্থাপত্য, কৃষি এবং কবিতার বইও ছিল। এই গ্রন্থ সংগ্রহের তৎকালীন আর্থিক মূল্য ছিল ২০০ ব্রিটিশ পাউন্ড।

ধ্বংসাত্মক ক্ষতি সত্ত্বেও, জেফারসন তাঁর গ্রন্থাগারের পুনর্নির্মাণে কোন সময় নষ্ট করেননি। ১৭৭৩ সালের আগস্ট মাসের মধ্যে, তিনি তাঁর আলবেমারলে কাউন্টির বাসভবন মন্টিসেলোতে তাঁর গ্রন্থাগারে ১২৫৬টি বইয়ের সংখ্যা নথিভুক্ত করেন। ১৭৮৩ সালের মার্চ নাগাদ, সেই সংখ্যা দ্বিগুণ হয়ে ২৬৪০-এ পৌঁছেছিল। ১৭৮৪ এবং ১৭৮৯ সালের মধ্যে পূর্ণ ক্ষমতাসম্পন্ন মন্ত্রী এবং তারপর ফ্রান্সে মার্কিন সরকারের মন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করা কালীন জেফারসন ২০০০-এরও বেশি বই সংগ্রহ করে তাঁর গ্রন্থাগার সংগ্রহকে আরও বাড়িয়ে তোলেন। ইউরোপ থেকে ফিরে আসার পর, জেফারসনের বই সংগ্রহ একইভাবে চলতে থাকে, প্রথমে ফিলাডেলফিয়ায়, যেখানে তিনি জর্জ ওয়াশিংটনের সেক্রেটারি অফ স্টেট (১৭৯০-১৭৯৩ খ্রিঃ) এবং জন অ্যাডামস (১৭৯৭-১৮০১ খ্রিঃ)-এর উপরাষ্ট্রপতি হিসেবে এবং পরে ওয়াশিংটন, ডি.সি.-তে যেখানে তিনি পরপর দুটি মেয়াদের (১৮০১-১৮০৯ খ্রিঃ) জন্য রাষ্ট্রপতি হিসাবে কাজ করেছিলেন। ১৮০৬ খ্রিষ্টাব্দে, তিনি তাঁর আইন শিক্ষক জর্জ ওয়াইথের গ্রন্থাগার থেকে ৬৪৯টি খণ্ড উত্তরাধিকার সূত্রে পেয়েছিলেন। এই উইল থেকে, নিজের জন্য ২৪৯টি খণ্ড রেখে, জেফারসন ৪০০টি খণ্ড পরিবারের সদস্যদের এবং অন্যান্য ব্যক্তিদের দিয়েছিলেন।

১৮১৪ সাল নাগাদ, মন্টিসেলোতে জেফারসনের গ্রন্থাগারে সাড়ে ছয় হাজারেরও বেশি বই হয়ে গিয়েছিল, যা ছিল সেই সময়ের সবচেয়ে বড় ব্যক্তিগত সংগ্রহ। ১৮১৪ সালে ব্রিটিশরা

যখন ইউএস ক্যাপিটল পুড়িয়ে দেয় তখন ৩০০০ বইয়ের সংগ্রহ বিশিষ্ট মার্কিন কংগ্রেসের গ্রন্থাগারটিও ধ্বংস হয়ে গিয়েছিল এবং তা জানতে পেরে, জেফারসন ধ্বংসপ্রাপ্ত গ্রন্থাগারটি পুনর্নির্মানের জন্য তাঁর ব্যক্তিগত সংগ্রহটি বিক্রি করার প্রস্তাব দেন। পঞ্চাশ বছর ধরে, তিনি কঠোর পরিশ্রমের মাধ্যমে যে গ্রন্থসংগ্রহটি গড়ে তুলেছিলেন, জেফারসনের নিজস্ব মতে, "তাতে এমন কোন বিষয় ছিল না যা কংগ্রেসের একজন সদস্যের উল্লেখ করার সুযোগ থাকতে পারে না।" সোচ্চার যুক্তরাষ্ট্রবাদীদের আপত্তি সত্ত্বেও, কংগ্রেস অবশেষে ২৩,৯৫০ মার্কিন ডলারের রাজকীয় অর্থের বিনিময়ে জেফারসনের গ্রন্থসংগ্রহটি কিনতে সম্মত হয়।(৭) দুর্ভাগ্যবশত, ১৮৫১ খ্রিষ্টাব্দের ২৪শে ডিসেম্বর তারিখে এক অগ্নিকাণ্ডের ফলে লাইব্রেরি অফ কংগ্রেসে জেফারসনের বিক্রিত বইয়ের দুই-তৃতীয়াংশই ধ্বংস হয়ে যায়।

স্বাভাবিকভাবেই, জেফারসনের 'পড়ার প্রতি প্রবল ক্ষুধা' নিরসনের জন্য আজীবন বাধ্যবাধ্যতা ১৮১৫ সালে কংগ্রেসের কাছে তাঁর গ্রন্থাগারটিকে বিক্রি করে থামেনি। ওয়াশিংটনে নতুন বাসভবনে তাঁর বইগুলি পাঠানোর প্রস্তুতির সময়েই, জেফারসন মন্টিসেলোতে তাঁর তৃতীয় এবং শেষ গ্রন্থাগারটি গড়ে তোলার পরিকল্পনা করছিলেন। ১৮১৫ থেকে ১৮১৯ খ্রিষ্টাব্দের মধ্যে, জেফারসন তাঁর খালি হয়ে যাওয়া বইয়ের তাকগুলি পূরণ করতে প্রথমে ইউরোপে, এবং পরে ফিলাডেলফিয়া ও নিউইয়র্কের মতো মহানগর কেন্দ্রগুলিতে বই বিক্রেতাদের সাথে যোগাযোগ করেছিলেন। ১৮২৬ সালে তাঁর মৃত্যুর সময়, এই পুনর্গঠিত গ্রন্থাগারের সংগ্রহে প্রায় ১৬০০ বই হয়ে গিয়েছিল। তিনি কংগ্রেসের কাছে যে সংগ্রহটি বিক্রি করেছিলেন তার এক চতুর্থাংশ হলেও, এটি জেফারসনের অবসর জীবনের শেষ এগারো বছরের আগ্রহের প্রতিনিধিত্ব করে। তিনি এটিকে একটি ছোট সংগ্রহ হিসাবে দেখেছিলেন, "যেখানে ব্যবহার নয়, চিন্তাবিনোদন," ছিল একমাত্র ভবিষ্যতের লক্ষ্য।

মন্টিসেলোর গ্রন্থাগারের পাশাপাশি, জেফারসন বেডফোর্ড কাউন্টিতে তাঁর পপলার ফরেস্ট রিট্রিটে একটি উপ-গ্রন্থাগারও প্রতিষ্ঠা করেছিলেন।(১০) ১৮১১ সাল নাগাদ এই ক্ষুদ্র গ্রন্থাগারের জন্য জেফারসন মন্টিসেলো থেকে বই আনতে শুরু করেন, যা তিনি সেখানে বৈঠকখানায় রেখেছিলেন। এর মধ্যে অনেকগুলি জেফারসনের প্রিয় গ্রিক, ল্যাটিন, ব্রিটিশ এবং ইতালিয় কবিদের রচনার ক্ষুদ্র সংস্করণ এবং সেইসাথে ফরাসি দার্শনিকদের রচনাবলি সংগ্রহ।

### গ্রন্থাগার সংগঠন

জেফারসন বিভিন্ন বিষয়ের উপর বই সংগ্রহ করতেন এবং পড়তেন, বিশেষ করে আইন, রাজনীতি, ইতিহাস, স্থাপত্য, বিজ্ঞান, গণিত, কৃষি, উদ্ভিদবিদ্যা, চিকিৎসা, বাণিজ্য, ধর্ম এবং সাহিত্য। তিনি ফ্রান্সিস বেকনের অ্যাডভান্সমেন্ট অফ লার্নিং (প্র. ১৬৭৪ খ্রিঃ) এর উপর ভিত্তি করে একটি বর্গীকরণ পরিকল্পনা অনুসারে তাঁর গ্রন্থাগারটি সংগঠিত করেছিলেন। খুব সম্ভবত

জিন লেরন্ড ডি'আলেমবার্টের স্মৃতিস্তম্ভ এনসাইক্লোপিডি'র (প্র. ১৭৫১ খ্রিঃ) একটি প্রসারিত পরিকল্পণ তিনি ব্যবহার করেছিলেন। জেফারসন মানব জ্ঞানকে তিনটি প্রধান বিভাগে বিভক্ত করেছিলেন : ইতিহাস, দর্শন এবং চারুকলা, যা বেকনের 'আত্মার অনুঘটনসমূহ' এর (যথা, স্মৃতি, যুক্তি এবং কল্পনা) ধারণার সাথে সামঞ্জস্যপূর্ণ। তাঁর গ্রন্থাগার সূচিতে প্রতিটি বিভাগকে পুনরায় কয়েকটি অধ্যায়ে বিভক্ত করা হয়েছিল। প্রতিটি অধ্যায়ের মধ্যে পৃথক আখ্যাগুলিকে একটি ব্যবস্থা অনুসারে তালিকাভুক্ত করা হয়েছিল যা তিনি "কখনও কখনও বিশ্লেষণাত্মক, কখনও কালানুক্রমিক, এবং কখনও কখনও উভয়ের সংমিশ্রণ" হিসাবে উল্লেখ করেছিলেন। এটি আখ্যাগুলিকে এমন একটি ক্রমে স্থাপন করেছে যা একটি বিষয় এবং একে অপরের সাথে তাদের সম্পর্কে ঐতিহাসিকভাবে, কালানুক্রমিকভাবে বা অন্য কোন বিশ্লেষণাত্মক সংযোগ দ্বারা প্রতিফলিত করে।(11) তাকগুলিতে, বইগুলি আকার অনুসারে সাজানো হয়েছিল। চক্কিশপেজি (duodecimo) বইগুলি একেবারে উপরের তাকে, তার নীচের মাঝামাঝি তাকগুলি দখল করতো ষোলপেজি (octavo) এবং আটপেজি (quarto) বইগুলি, এবং একেবারে নীচের তাকগুলি নির্ধারিত ছিল বড় চারপেজি (folio) বইগুলির জন্য। অতি-বড় চারপেজি বইগুলি আলাদাভাবে রাখা হ'ত।

১৭৬৯ খ্রিষ্টাব্দ এবং ১৭৮০-এর দশকের প্রথম দিকে নির্মিত মন্টিসেলোর প্রথম সংস্করণে, জেফারসনের গ্রন্থাগারটি দ্বিতীয় তলায় একটি বড় কক্ষে অবস্থিত ছিল। ১৭৯৬ থেকে ১৮০৯ সালের মধ্যে মূলত নবনির্মিত মন্টিসেলোতে, জেফারসন তাঁর গ্রন্থাগারটি নিচতলায় স্থানান্তরিত করেন, এবং এটিকে তাঁর শয়নকক্ষ এবং পাঠকক্ষের সাথে একীভূত করেন। স্পষ্টতই, সর্বত্রই বই ছিল, এমনকি টেবিলে এবং মেঝেতে উঁচু স্তপাকারেও। জেফারসনের একজন ক্রীতদাস, আইজ্যাক জেফারসন, স্মরণ করেছিলেন, "বৃদ্ধ প্রভুর প্রচুর বই ছিল — কখনও কখনও এক সাথে মেঝেতে কুড়িটি বই থাকত: প্রথম বইটি পড়তেন, তারপরে একত্রে।" তাঁর ঘূর্ণায়মান বইয়ের তাক তাঁকে একেবারে পাঁচটি বইকে ব্যবহারের সুযোগ করে দিত।

জর্জ ওয়াইথের বিপরীতে, জেফারসন তাঁর সংগৃহীত বইয়ের মালিকানা নির্দেশ করার জন্য কোনও বুকপ্লেট" ব্যবহার করেননি। তাঁর প্রথম গ্রন্থাগারের বইগুলি ছাড়া, যেখানে তিনি আখ্যাপত্রে লিখেছেন Ex Libris Thomae Jefferson, জেফারসন সাধারণত একটি বইতে ফর্মা নির্দেশী স্বাক্ষরের সামনে তার নামের আদ্যাক্ষর T(homas) অথবা J(efferson) যোগ করে একটি ভলিউমের মালিকানা নির্দেশ করেছিলেন।(13)

একজন স্ব-শিক্ষিত স্থপতি হিসাবে, তিনি তাঁর ভবনের নকশার জন্য নিজস্ব সংগ্রহের স্থাপত্য বিষয়ক বইয়ের উপর নির্ভর করতেন।(14) জেফারসনের সাথে ওয়াশিংটন, ডি.সি.-তে

রাষ্ট্রপতি ভবনে কাজ করার সময়, বেঞ্জামিন হেনরি ল্যাট্রোব জেফারসনের তাঁর উৎস গ্রন্থগুলির প্রতি কঠোর আনুগত্যের অভিযোগ করেছিলেন। তিনি লিখেছিলেন, "জেফারসন বইয়ের বাইরে একজন দুর্দান্ত স্থপতি ছিলেন," এবং "আমি তাঁর পুরানো ফরাসি স্থাপত্যের বইগুলি থেকে নেওয়া নকশার কুসংস্কারে আবদ্ধ হয়েছি।" ১৭৯৭ থেকে ১৮১৫ সাল পর্যন্ত আমেরিকান ফিলোসফিক্যাল সোসাইটির সভাপতি হিসাবে, জেফারসন তাঁর ধারণা শুনতে বা তাদের অনুমোদন পেতে আগ্রহী বিজ্ঞানী এবং লেখকদের কাছ থেকে অগণিত বৈজ্ঞানিক গ্রন্থ এবং পুস্তিকা উপহার পেয়েছিলেন। শিল্পকলা বিষয়ে, তিনি অনায়াসে স্বীকার করেছেন, "আপনি দেখুন আমি শিল্পকলার বিষয়ে একজন উৎসাহী। তবে এটি এমন একটি উৎসাহ যার জন্য আমি লজ্জিত নই, কারণ এর উদ্দেশ্য আমার দেশবাসীর পছন্দকে উন্নত করা।"

ভাষা এবং ভাষাতত্ত্বের প্রতি জেফারসনের অত্যন্ত আগ্রহ ছিল। তিনি ইংরেজি, গ্রিক, ল্যাটিন, ফরাসি, ইতালীয়, স্প্যানিশ এবং অ্যাংলো-স্যাক্সন সাতটি ভাষায় পড়তে পারতেন। তিনি দেশীয় ভাষার শব্দভাণ্ডার সংগ্রহ করেছিলেন এবং আরবি, ওয়েলশ এবং গ্যালিকের মতো ভাষায় অভিধান এবং ব্যাকরণের মালিক ছিলেন। তাঁর নাতনি এলেন ওয়েলস র্যান্ডলফ স্মরণ করেছিলেন, "বইগুলি সর্বদা তাঁর পছন্দের সঙ্গী ছিল এবং অনেক ভাষার সাথে তাঁর পরিচিতি তাঁকে ভালো বই নির্বাচনের দুর্দান্ত সুযোগ করে দিয়েছিল।"

#### উদ্ভাবক জেফারসন

আলোকিত যুগের একজন মানুষ হিসাবে, থমাস জেফারসন মানুষের উন্নয়নে যুক্তি এবং জ্ঞানের প্রয়োগকে মূল্যবান বলে মনে করতেন। এর থেকে কাজে দক্ষতা বৃদ্ধি করতে সাহায্য করে এরকম যন্ত্র এবং সরঞ্জামের প্রতি তাঁর আগ্রহের ব্যাখ্যা পাওয়া যায়।(15) আমরা জানি পেটেন্ট হ'ল একটি উদ্ভাবনের প্রতি জারি করা একচেটিয়া অধিকার। এটি একটি পণ্য বা একটি প্রক্রিয়ার জন্য হতে পারে যা কিছু করার একটি নতুন উপায় তৈরি করবে। জেফারসন ১৭৯৩ সালে প্রথম মার্কিন পেটেন্ট আইন তৈরি করেছিলেন। তাঁর আবিষ্কারগুলি আজও পেটেন্ট প্রদানের সঠিক কাঠামোর সন্ধান দেয়। মার্কিন ইতিহাসের একজন মূল ব্যক্তিত্ব হিসেবে, পেটেন্ট পাওয়ার সমান অধিকার প্রত্যেকের আছে তা নিশ্চিত করার জন্য তিনি যে সমস্ত কাজ করেছেন তার জন্য তাকে প্রায়শই উদ্ভাবনের জনক হিসাবে উল্লেখ করা হয়।(16) তিনিই প্রথম পেটেন্ট উপস্থাপন করেন।

১৭৯৩ সালের পেটেন্ট আইন মার্কিন মেধাস্বত্ব অধিকার রক্ষার ইতিহাসে একটি নতুন দিগন্ত উন্মোচন করেছিল। জেফারসন বিজ্ঞান এবং দরকারী শিল্পের (useful arts) প্রসার এবং উদ্ভাবকদের অধিকার রক্ষা করার একটি উপায় তৈরি করতে চেয়েছিলেন। মার্কিন যুক্তরাষ্ট্রের ১৭৯৩ পেটেন্ট আইনে বলা হয়েছে, "লেখক এবং উদ্ভাবকদের তাদের নিজ নিজ

লেখা এবং আবিষ্কারের একচেটিয়া অধিকার সীমিত সময়ের জন্য সুরক্ষিত করে বিজ্ঞান এবং দরকারী শিল্পের অগ্রগতি প্রসার করার ক্ষমতা কংগ্রেসের থাকবে।" এর অর্থ হল উদ্ভাবকরা তাদের অনুসন্ধানগুলিকে অন্য ব্যক্তির দ্বারা চুরি করা বা অপব্যবহার করা থেকে রক্ষা করতে পারে, যাতে তারা তাদের সৃষ্টিশীল কর্মের উপর বেশি করে নজর এবং সময় দিতে পারেন।

১৭৯৩ সালে আমেরিকার পেটেন্ট আইন তৈরির পরে, নতুন আইনের সমস্ত নিয়ম এবং নির্দেশিকা পূরণকারী ব্যক্তিদের পেটেন্ট প্রদান করতে বেশি সময় লাগেনি। সম্ভবত প্রথম মার্কিন পেটেন্ট নয়, তবে জারি করা প্রথম পেটেন্টগুলির মধ্যে একটি ১৭৯৩ সালের নভেম্বরে এলি হুইটনির পক্ষে জারি করা হয়েছিল। হুইটনি আঁশ থেকে তুলার বীজ পরিষ্কার করার জন্য একটি যন্ত্র তৈরি করতে চেয়েছিলেন, তাই তাকে মার্কিন পেটেন্ট নম্বর ১ প্রদান করা হয়েছিল। জেফারসন পেটেন্ট অনুমোদন করেন, এবং হুইটনি cotton gin<sup>n</sup> (অর্থাৎ engine) তৈরি করেন। হুইটনির পেটেন্ট অনুমোদনের পর, জেফারসন তার দুই বছরের সেক্রেটারি অফ স্টেট থাকাকালীন আরও ১১৪টি পেটেন্ট মঞ্জুর করেন।

থমাস জেফারসন শুধু পেটেন্টই দেননি, তিনি নিজেও একজন উদ্ভাবক ছিলেন। জেফারসনের নিজের আবিষ্কারগুলি নিম্নরূপ:—

- রিভলভিং বুক স্ট্যান্ড
- ডাম্বওয়েটার
- বৃহৎ ঘড়ি
- হুইল সাইফার
- পলিগ্রাফ
- ম্যাকারনি মেশিন
- পেডোমিটার

**ঘূর্ণায়মান বইয়ের তাক এবং ঘূর্ণায়মান ডেস্ক**

থমাস জেফারসন তাঁর দেশকে যেমন অনুপ্রাণিত করেছিলেন, তেমনি তিনি পীচ গাছের কলম তৈরি করতে এবং ভালো বেহালাও বাজাতে পারতেন। মন্টিসেলোর কোনো আসবাবপত্র যদি জেফারসনের দক্ষতার প্রতীক হয়, সেটি হ'ল তার পড়াশোনার ঘরে রক্ষিত আখরোট কাঠের তৈরি ঘূর্ণায়মান বইয়ের তাক (revolving bookstand)।

জেফারসন ছিলেন আজীবন শিক্ষার্থী, সর্বদাই অধ্যয়নরত। এই কাজে তাঁকে একাধিক সূত্র থেকে উল্লেখ করতে হ'ত। কিন্তু বই খুঁজে বের করা, খোলা এবং বন্ধ করার কাজটাকে তিনি কষ্টসাধ্য এবং সময়ের অপচয় বলে মনে করতেন। তাই, তিনি স্বয়ং একটি ঘূর্ণায়মান

বইয়ের তাক আবিষ্কার করেছিলেন। একটি সূত্র মতে বুকস্ট্যান্ডটিকে প্রথমে একটি মিউজিক স্ট্যান্ড বলে মনে করা হয়েছিল, কারণ জেফারসন বেহালা বাজানোয় দক্ষ ছিলেন।(18) স্ট্যান্ডের গোড়ায় একটি ছিদ্র বোঝায় যে এটি কোন এক সময়ে, একটি তেপায়ার উপর চাপানো হয়ে থাকতে পারে, যেমন একটি মিউজিক স্ট্যান্ড হয়। কিন্তু ঐতিহাসিকরা পরে সিদ্ধান্তে পৌঁছেছেন যে স্ট্যান্ডটি বই রাখার জন্য নকশা করা হয়েছিল। জেফারসনের উদ্ভাবিত ঘূর্ণায়মান বইয়ের তাকের দুটি আলোকচিত্র নীচে যথাক্রমে চিত্র সংখ্যা ১ (স্ট্যান্ড সহ) এবং ২ (স্ট্যান্ড ছাড়া)-য়ে দেওয়া হয়েছে।



চিত্র ১ : জেফারসনের ঘূর্ণায়মান বইয়ের তাক (স্ট্যান্ড সহ)(19)



চিত্র ২ : জেফারসনের ঘূর্ণায়মান বইয়ের তাক (স্ট্যান্ড ছাড়া)(20)

এটি একটি 'অলস সুসান'\*শৈলীর উদ্ভাবনী যা আনুমানিক ১৮১০ সালে তৈরি হয়েছিল। এটির পরিমাপ ছিল ৫০.২ x ৬৭ x ৬৭ সেমি। স্ট্যান্ড ছাড়া এর উচ্চতা ছিল ৩৮ সেমি। চারটি দিক খোলা এবং তাদের পাটাতনগুলির ঢাল ০ থেকে ৫০ ডিগ্রির মধ্যে যেকোনো কোণে নিয়ন্ত্রিত করা যেতে পারে। উপরের পাটার ঢাল ছিল ৬০ ডিগ্রি। বন্ধ করা হলে, স্ট্যান্ডটি একটি ঘনক্ষেত্রের মতো দেখায় যা একটি ভিতের উপর ঘোরে। ঘনক্ষেত্রের প্রতিটি দিক গোড়ায় সামান্য উপরে উঠে যায় এবং একটি বই ধরে রাখতে পারে। ঘনক্ষেত্রের শীর্ষে আরেকটি প্যানেল রয়েছে যা একটি পঞ্চম বইকে ধরে রাখার জন্য একটি কোণে উত্তোলন করে। যখন ব্যবহার করা হয়, তখন ঘূর্ণায়মান বুকস্ট্যান্ড তার গ্রন্থকীট মালিককে ঘুরিয়ে ঘুরিয়ে একসাথে পাঁচটি বই সহজেই অ্যাক্সেস করতে দিত। জেফারসন, একজন ভোজনবিলাসী হওয়া সত্ত্বেও, সম্ভবত রান্নাঘরে তাঁর ঘূর্ণায়মান বইয়ের তাক ব্যবহার করেননি।(22)

জিম ম্যাকক্লুর ভার্জিনিয়া বিশ্ববিদ্যালয়ে জেফারসনের ব্যক্তিগত কাগজপত্রের সংগ্রহভুক্ত একটি পাণ্ডুলিপি থেকে একটি ঘূর্ণায়মান ডেস্কের নকশাও উদ্ধার করেছেন।(23) একটি বড় সূচক পত্রের (index card) আকারের একটি সাড়ে চার ইঞ্চি বাই ছয় ইঞ্চি পৃষ্ঠায় জেফারসন বিস্তারিত বিবরণসহ একটি ছোট আসবাবের নকশা আঁকেন। তিনি নথিতে কোনও তারিখ বা শিরোনাম রাখেননি, বা রাখলেও এটির দীর্ঘ জীবনে কোন একসময় তা সম্ভবত বিলুপ্ত হয়েছিল। যদিও তিনি ইংরেজিতে বর্ণনাটি লিখেছিলেন, কিন্তু পরিমাপের জন্য চিরাচরিত ফরাসি একক ব্যবহার করেছিলেন। যা থেকে ১৭৮০র দশকে ফ্রান্সে তাঁর বাসভবনের সাথে নকশাটির কিছু সম্পর্ক রয়েছে বলে ইঙ্গিত পাওয়া যায়। জানা যায় ১৭৮৫ সাল নাগাদ প্যারিসে তিনি ঘূর্ণায়মান ডেস্কটির নকশা প্রস্তুত করেছিলেন এবং সেটিকে বাস্তব রূপ দিয়েছিলেন।

এর মৌলিক নকশায় বস্তুটি ক্ষুদ্র কীলকের উপর রক্ষিত একটি দেরাজ ছিল। দেরাজের অভ্যন্তরটিকে একটি তাক দ্বারা বিভক্ত করে একাধিক প্রকোষ্ঠ তৈরি করা হয়েছিল, যেগুলি প্রত্যেকটি প্রান্তের ড্রপ-ডাউন দরজা দিয়ে ব্যবহার করা যেতে পারতো। এই বিন্যাসের দরুন ছোট দেরাজটিকে দ্রুত ঘুরিয়ে এর যে কোন একটি প্রকোষ্ঠকে ব্যবহার করা যেত। জেফারসন হয়তো তাঁর চিঠিপত্রের ফাইলগুলিকে সংগঠিত করার এবং সহজে খুঁজে পাওয়ার নিমিত্ত একটি মজুতের স্থান হিসাবে আসবাবটির কল্পনা করেছিলেন। এটিকে সাধারণত একটি ঘূর্ণায়মান ডেস্ক হিসাবে উল্লেখ করা হয়েছে, যেহেতু সম্ভবত তিনি ড্রপ-ডাউন ফ্ল্যাপগুলিকে লেখার টেবিলের অনুরূপ বলে বর্ণনা করেছেন। আবার এটি মেঝে থেকে যথেষ্ট উচ্চতায় ব্যবহার্য একটি ডেস্ক হিসাবে কাজ করার জন্যও উপযুক্ত ছিল না, এবং এর শীর্ষে একটি বই বা নথি রাখার জন্য একটি নিয়ন্ত্রণযোগ্য স্ট্যান্ড ছিল, লেখার পৃষ্ঠ নয়। তাই এর বৈশিষ্ট্য বিচার করলে, বলা যায় এটি একটি বিশেষ ধরনের ফাইলিং ক্যাবিনেট ছিল।

যদিও জেফারসন তাঁর কৃত নকশার জন্য বিখ্যাত ছিলেন, তবুও শার্লটসভিলের তিন মাইল দক্ষিণ-পূর্বে সেন্ট্রাল ভার্জিনিয়ার সেই অদ্ভুত ভিলায় বুকস্ট্যান্ডসহ আরো কয়েক ডজন অন্যান্য আসবাবপত্র তৈরিতে তাঁর একজন গোপন সহযোগী ছিল। জেফারসনের নকশাগুলিকে বাস্তবে রূপদান, সম্ভবত এমনকি পরিমার্জনও, করেছিলেন জন হেমিংস, একজন আফ্রিকান-আমেরিকান ক্রীতদাস কারিগর, যিনি মন্টিসেলোর কাঠশিল্পশালা পরিচালনা করতেন, যা ছুতারশালা হিসাবেও পরিচিত ছিল।(24) হেমিংস জাতিসংঘের বিশ্ব ঐতিহ্যের তালিকাভুক্ত সর্বজনীন মূল্যের স্মৃতিস্তম্ভের নিদর্শন স্বরূপ একমাত্র আমেরিকান গৃহ, মন্টিসেলো'র অন্যান্য অনেক উল্লেখযোগ্য বৈশিষ্ট্য নিয়েও কাজ করেছিলেন। জেফারসনের পাঠকক্ষের খিলান, এমনকি জানালার শাটারগুলিও তাঁর হাতেই আকার পায়। ১৭৯৩ সালে মাত্র ১৮ বছর বয়সে শিক্ষানবিশ হিসাবে কাজ শুরু করে, হেমিংস ১৮০৯ সালে কর্মশালার ব্যবস্থাপক হন, এবং জেফারসনের মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি এই পদে অধিষ্ঠিত ছিলেন। জেফারসনের উইল অনুযায়ী

তিনি এবং আরও কয়েকজন দক্ষ পুরুষ ক্রীতদাস পরবর্তীকালে মুক্তিলাভ করেন। শার্লটসভিল অঞ্চলে ১৮৩০-এর দশকে হেমিংসের মৃত্যু হয়।

### তাঁর উত্তরাধিকার

জেফারসন প্রথম দিকে বিশ্বাস করতেন যে একজন সচেতন নাগরিক দেশের নতুন গণতন্ত্র রক্ষার জন্য গুরুত্বপূর্ণ, এবং তিনি একটি জনশিক্ষা ব্যবস্থার প্রস্তাব করেছিলেন, যার মধ্যে একটি বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনাও অন্তর্ভুক্ত ছিল। জেফারসনের দৃষ্টিভঙ্গি অবশেষে ভার্জিনিয়া বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠার মাধ্যমে বাস্তবায়িত হয়েছিল, একটি প্রতিষ্ঠান যা "মানুষের মনের সীমাহীন স্বাধীনতার উপর ভিত্তি করে তৈরি", এবং "সত্য যেখানে নিয়ে যেতে পারে তাকে অনুসরণ করতে বা কারণ অবশিষ্ট থাকলে কোনো ক্রটির বিরুদ্ধে লড়াই করতে" ভয় পায় না। বিশ্ববিদ্যালয়ের জন্য তার পরিকল্পনার মধ্যে কেন্দ্রীয় রোটার্ডায় অবস্থিত একটি গ্রন্থাগার অন্তর্ভুক্ত ছিল। ভার্জিনিয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সুপারিশ সহ গ্রন্থাগারের জন্য ১৮২৫ সালে জেফারসন বইগুলির সূচি তৈরি করেছিলেন, যা ছিল তাঁর আজীবন পড়াশোনার চূড়ান্ত ফলশ্রুতি। এতে মোট ৬৮৬০টি ভলিউম ছিল, যার আনুমানিক ব্যয় ছিল ২৪,০০০ মার্কিন ডলারের বেশি।

জেফারসন ৪ঠা জুলাই, ১৮২৬ খ্রিষ্টাব্দে মারা যান। তিনি মারা যাওয়ার সময় যে বইগুলো পড়েছিলেন তার মধ্যে ছিল পল-লুই কুরিয়ানের দ্য কমপ্লিট কালেকশন অফ পলিটিক্যাল অ্যান্ড লিটারারি প্যামফ্লেট; বিশিষ্ট ফরাসি দেশপ্রেমিক এবং বক্তা জেনারেল ফয়-এর জীবন ও বক্তৃতা; অ্যারিস্টটলের পলিটিকা; এবং সেনেকার রচনাবলি। তিনি তাঁর উইলে শর্ত দিয়েছিলেন যে মন্টিসেলোতে তাঁর অবসরকালীন গ্রন্থাগারটি তাঁর মৃত্যুর পরে ভার্জিনিয়া বিশ্ববিদ্যালয়ের গ্রন্থ সংগ্রহের অংশ হয়ে উঠবে। তাঁর ঋণ নিষ্পত্তি করার প্রয়াসে, এই সংগ্রহটি ১৮২৯ সালের ২৭শে ফেব্রুয়ারি থেকে ১১ই মার্চের মধ্যে ওয়াশিংটন, ডি.সি.-তে নিলামে তোলা হয়েছিল। অবশিষ্টগুলি পরে ৩রা ডিসেম্বর, ১৮৩১ তারিখে ফিলাডেলফিয়ায় অনুষ্ঠিত একটি ছোট নিলামে বিক্রি হয়েছিল। গ্রন্থাগারের গ্রন্থসংগ্রহ সহ তাঁর পপলার ফরেস্ট হাউস, জেফারসনের নাতি ফ্রান্সিস এপেসের সম্পত্তি হয়ে ওঠে, যিনি ১৮৭৩ সালে নিউ ইয়র্ক শহরে গ্রন্থাগারের ৬৭৫টি ভলিউম বিক্রির জন্য হাজির করেছিলেন।

### উপসংহার

যে ব্যক্তি 'স্বাধীনতার ঘোষণা' এবং 'ধর্মীয় স্বাধীনতা প্রতিষ্ঠার জন্য ভার্জিনিয়া সংবিধি' রচনা করেছিলেন এবং ভার্জিনিয়া বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছিলেন, তাঁর কাছে বই এবং পড়া ছিল "জীবনের প্রয়োজনীয়তা"। জেফারসন তাঁর অনুপ্রেরণা এবং ব্যবহারিক জ্ঞানের প্রধান উৎস

হিসাবে তাঁর বইগুলির উপর নির্ভর করতেন এবং বিশ্বাস করতেন যে শিক্ষা একটি আলোকিত এবং সচেতন নাগরিকের মাধ্যম যা গণতন্ত্র রক্ষা করতে সহায়তা করবে। উপরোক্ত আলোচনা থেকে একথা পরিষ্কার যে থমাস জেফারসনের নাম শুধুমাত্র একজন সফল রাষ্ট্রনায়ক হিসাবেই মার্কিন যুক্তরাষ্ট্র তথা বিশ্বের ইতিহাসে লেখা থাকবে না, জ্ঞানের ধারক হিসাবে বই এবং গ্রন্থাগারের জগতেও তিনি সবিশেষ অবদানের জন্য স্মরণীয় হয়ে থাকবেন।

### টীকা

- ক) ‘আলোকিত যুগ হলো সপ্তদশ শতাব্দীর ইউরোপের একটি বুদ্ধিবৃত্তিক ও সাংস্কৃতিক আন্দোলন যার প্রধান উপজীব্য বিষয় ছিল ব্যক্তিস্বকীয়তা, মানব স্বাধীনতা, যুক্তিবাদের প্রতিষ্ঠা ও মানব ঐতিহ্য। এই বিপ্লবের প্রধান উদ্দেশ্য ছিল বিজ্ঞান ও সাহিত্য চর্চার মাধ্যমে মানুষের জ্ঞান বিকশিত করার মাধ্যমে প্রথাগত বিশ্বাস ও কুসংস্কারের শাসন থেকে মানুষকে মুক্ত করে সমাজকে মানবিকতার পথে পরিচালিত করা। এই আন্দোলন মানুষকে বিজ্ঞান চিন্তা, সংশয়বাদ ও বুদ্ধিবৃত্তিক দর্শনের চর্চায় উদ্বুদ্ধ করে।’(2)
- খ) হাউস অফ বার্জেসেস ছিল ব্রিটিশ-শাসিত ভার্জিনিয়া উপনিবেশের আইনসভা, ভার্জিনিয়া সাধারণ পরিষদের নির্বাচিত প্রতিনিধি সম্বলিত অংশ।(8)
- গ) বুকপ্লেট হ’ল একটি বইয়ের সাধারণত সামনের মলাটের ভিতরে বা সামনের অন্ত্য পত্রের (end paper) সাথে লাগানো একটি ছোট কাগজের লেবেল বা অনুরূপ সাধনী, যা তার মালিকের নাম বা অন্য কিছু শনাক্তকরণ চিহ্ন নথিবদ্ধ করার জন্য একটি স্থান প্রদান করে।(12)
- ঘ) কটন জিনের চালনাটি তারের দাঁতওয়ালা একটি সিলিন্ডারের উপর ভিত্তি করে করা হয়, যা বীজগুলিকে পিছনে ফেলে একটি পর্দার মধ্য দিয়ে তুলোকে টেনে নেয়। আলাগা আঁশগুলিকে অপসারণ এবং জ্যাম প্রতিরোধ করতে ব্রাশ ব্যবহার করা হয়। কটন জিন ছিল একটি বৈপ্লবিক আবিষ্কার যা হাত দিয়ে বীজ অপসারণের আগের পদ্ধতির তুলনায় তুলো প্রক্রিয়াকরণকে অনেক দ্রুত এবং সহজ করে তুলেছিল।(17)
- ঙ) ‘অলস সুসান’ হল একটি ঘূর্ণায়মান টেবিল (বা ঘূর্ণায়মান বারকোশ) যা খাবার বিতরণের সুবিধার্থে একটি টেবিল বা কাউন্টারের উপর রাখা হয়। অলস সুসানগুলি বিভিন্ন উপকরণ থেকে তৈরি হতে পারে তবে সাধারণত কাচ, কাঠ বা প্লাস্টিক ব্যবহৃত হয়। এগুলি বৃত্তাকার এবং একটি টেবিলের মাঝখানে রাখা হয় যাতে ভোজনকারীদের মধ্যে সহজেই

খাবারগুলি ভাগ করা যায়। চীনা রন্ধনপ্রণালীর প্রকৃতির কারণে, এগুলি চীনের মূল ভূখণ্ডে এবং বিদেশের আনুষ্ঠানিক চীনা রেস্টোরাঁয় সাধারণত ব্যবহৃত হয়।(21)

#### তথ্যসূত্র

1. The White House: Thomas Jefferson: The 3rd President of the United States. <https://www.whitehouse.gov/about-the-white-house/presidents/thomas-jefferson/> (accessed on 24<sup>th</sup> April 2024).
2. Wikipedia: Age of Enlightenment. 28 September 2024. [https://en.wikipedia.org/wiki/Age\\_of\\_Enlightenment](https://en.wikipedia.org/wiki/Age_of_Enlightenment) (accessed on 3<sup>rd</sup> October 2024).
3. The White House Historical Association: Thomas Jefferson. 2024. <https://www.whitehousehistory.org/bios/thomas-jefferson> (accessed on 21<sup>st</sup> April 2024)
4. Sanders, April: Thomas Jefferson's Revolving Bookshelf Invention. *Classroom*. <https://classroom.synonym.com/thomas-jeffersons-revolving-bookshelf-invention-17888.html> (accessed on 22<sup>nd</sup> April 2024).
5. Onuf, Peter S.: *The Mind of Thomas Jefferson*. Charlottesville: University of Virginia Press, 2007.
6. Tay, Endrina: Jefferson, Thomas and Books. (2020, December 07). In *Encyclopedia Virginia*. <https://encyclopediavirginia.org/entries/jefferson-thomas-and-books> (accessed on 24<sup>th</sup> April 2024).
7. From Thomas Jefferson to Robert Skipwith, with a List of Books for a Private Library, 3 August 1771, *Founders Online*, National Archives, <https://founders.archives.gov/documents/Jefferson/01-01-02-0056> (accessed on 8<sup>th</sup> May 2024).
8. Britannica: House of Burgesses; Virginian government. <https://www.britannica.com/topic/House-of-Burgesses> (accessed on 8<sup>th</sup> May 2024).
9. Hayes, Kevin J.: The Libraries of Thomas Jefferson. In *A Companion to Thomas Jefferson*, ed. by Frank D. Cogliano, 333–48. Oxford, England: Wiley-Blackwell, 2011.
10. Wilson, Douglas L.: Jefferson's Library. In *Thomas Jefferson: A Reference Biography*, ed. by Merrill D. Peterson, 157–179. New York: Charles Scribner's Sons, 1986.
11. Sowerby, E. Millicent, ed.: *Catalogue of the Library of Thomas Jefferson*. Washington, D.C.: Library of Congress, 1952–1959.
12. Reitz, Joan M.: *ODLIS: Online Dictionary for Library and Information Science*. Westport, CT: Libraries Unlimited, 2004-2014. <https://odlis.abc-clio.com/> (accessed on 10<sup>th</sup> May 2024).
13. Whitesell, David R.: Thomas Jefferson and the Book Arts. In *Printing History: The Journal of the American Printing History Association (OS)*, 24(2), 2005, 3–24. <https://printinghistory.org/product/old-series-48/> (accessed on 21<sup>st</sup> August 2024).
14. O'Neal, William Bainter: *Jefferson's Fine Arts Library: His Selections for the University of Virginia Together with His Own Architectural Books*. Charlottesville: University Press of Virginia, 1976.
15. ThJefferson Monticello: Recreating Jefferson's Lost Revolving Desk. <https://www.monticello.org/exhibits-events/livestreams-videos-and-podcasts/lost-revolving-desk-sv/> (accessed on 21<sup>st</sup> June 2024).

16. Clark, Jamie: Thomas Jefferson and the First Patent in the US. *CustomWritings.com* (Blog), Jun 14, 2022. <https://www.customwritings.com/blog/thomas-jefferson-patent.html> (accessed on 21<sup>st</sup> August 2024).
17. History.com Editors: Cotton Gin and Eli Whitney. October 10, 2019. <https://www.history.com/topics/inventions/cotton-gin-and-eli-whitney> (accessed on 21<sup>st</sup> June 2024).
18. Monticello.org: Revolving Bookstand. <https://collections.monticello.org/mDetail.aspx?rID=1938-20-1a/c&dir=Collections> (accessed on 24<sup>th</sup> April 2024).
19. Thomas Jefferson Encyclopedia: Revolving Stand. <https://www.monticello.org/research-education/thomas-jefferson-encyclopedia/> (accessed on 24<sup>th</sup> April 2024).
20. The Shop | Monticello: <https://monticelloshop.org/products/monticello-revolving-bookstand> (accessed on 24<sup>th</sup> April 2024).
21. Wikipedia: Lazy Susan. 24 May 2024. [https://en.wikipedia.org/wiki/Lazy\\_Susan](https://en.wikipedia.org/wiki/Lazy_Susan) (accessed on 21<sup>st</sup> June 2024).
22. JohnsonArts. 2024: Thomas Jefferson's Revolving Book Stand. <http://johnsonarts.us/wp/product/thomas-jeffersons-revolving-book-stand/> (accessed on 24<sup>th</sup> April 2024).
23. McClure, Jim: Welcome to our Revolving Desk. *The Papers of Thomas Jefferson* (Blog), August 28, 2023. <https://jeffersonpapers.princeton.edu/welcome/welcome-to-our-revolving-desk/> (accessed on 21<sup>st</sup> August 2024).
24. Owens, Mitchell: Slaves' Contribution To Monticello Style. *The New York Times*, Feb. 13, 1997. <https://www.nytimes.com/1997/02/13/garden/slaves-contribution-to-monticello-style.html> (accessed on 21<sup>st</sup> August 2024).

## আবার পূর্ণকুম্ভ ইলাহাবাদ ২০১৩

অশোক কুমার কুণ্ড\*

আবার সে এসেছে ফিরিয়া। কে সে? তা তো জানি না। তার প্রতিশ্রুত ছিলাম প্রধানত নিজের কাছে, পাঠকের কাছেও, যে, বারো বছর ধরে প্রথম ও শেষে দু'টি পূর্ণকুম্ভ, মাঝে একটি অর্ধকুম্ভ এবং বারো বছরে বারোটি মাঘমেলার যে কোনও একটিতে যাব। তা হলেই সব 'পাপ ধুয়ে মুছে সাফ'।

ইলাহাবাদের দ্বারাগঞ্জে আছে নিরঞ্জনী আখাডার স্থায়ী প্রধান অফিস। যাওয়া-আসা করতে করতে মুখ চেনাও হয়েছে। ওরা মৌখিক তথ্য দিয়ে সাহায্য করেছে। এবং সে তথ্য আমার লেখার কাণ্ডে লেগেছে। কুম্ভস্থলে রামকৃষ্ণ মিশনের যে স্থায়ী শিবির অথবা ইলাহাবাদের মুঠিগঞ্জ রামকৃষ্ণ মিশনের যে স্থায়ী শিবির আছে, তারাও তথ্য দিয়েছে। এ ছাড়া এই প্রতিবেদনেই বহু আশ্রমের কথা আছে, যাদের কথা দৈনিক সংবাদপত্রে আগেই ছাপা হয়েছে। তবে ঘুরে ঘুরে এই রকম ভাবে কাজ করতে হলে নিজের বাহন থাকা খুবই গুরুত্বপূর্ণ। সে আর কোথায় পাব? তাই শরীরের ক্ষয় এবং সময়ের খরচ হয়েছে বেশি। অবশ্য পকেটের জোর থাকলে প্রতি দিন অটো ভাড়া করা যেত। সে তো স্বপ্নবৎ। ঘণ্টা পিছু পাঁচশো থেকে হাজার। কুম্ভ বলে কথা।

কুম্ভমেলাকে ঘিরে ইলাহাবাদ-নাসিক এবং উজ্জয়িনীতে দেখেছি মুসলমানদের উদ্যোগ। সকালে রাস্তায় তীর্থযাত্রা এবং সাধু-সন্যাসীদের নাস্তা-চা দেন। চায়ের সঙ্গে ঢালাও বিস্কুট। আমিও কত বার খেয়েছি। ইলাহাবাদে স্কুলের ছাত্ররা (জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে) কুম্ভে যাত্রী-পরিষেবা দেয়। কৈশোর থেকে এ কাজে থাকলে ভেদভাব ভুলে মনের একটু সু-আদল গড়ে ওঠে। যেটি সমাজের পক্ষে, দেশের পক্ষে মঙ্গল বারতা। এই যেমন, ইলাহাবাদের সাংবাদিক বন্ধু অনুজ খান্না, মগাঙ্ক তেওয়ারিজি আলাপ করিয়ে দিলেন সমাজসেবী তারিক সঈদ আজুর সঙ্গে যিনি কুম্ভে স্নানের দিনগুলিতে লঙ্গরখানা চালান। সকালের নাস্তা-চা এবং দুপুরে পুরি-হালুয়ার প্যাকেট। ওই ঠান্ডায় স্নান সেরে গরমাগরম চা পেলে স্নানার্থীদের ভালোই লাগে। হিন্দুদের এত বড়ো বিশ্ববিখ্যাত মেলায় হিন্দু স্বেচ্ছাসেবীরা তো স্বেচ্ছাশ্রমে খাবারদাবার শীতবস্ত্র দিয়েই থাকেন। কিন্তু এই মেলায় মুসলমানদের এমন শ্রমদান ও খাবার বিতরণ দেশের ও দেশের পক্ষে মঙ্গলজনক বই-কি!

সঈদ আজুর সঙ্গে প্রায় প্রতি দিনই কথা হত ফোনে। উনি 'নমস্কার' দিয়ে শুরু করতেন। আমি 'সেলাম আলেকুম' দিয়ে শুরু করতাম। দুঃখ থাকল, এঁর বাড়িতেও একাধিক বার মুর্গ মসল্লমের নিয়ন্ত্রণ পেয়েও রক্ষা করতে পারিনি। বড়ি আপশোশ কি বাত। কুম্ভে এসে মাসাধিক কাল নিরামিষে কাটাতে কাটাতে ভুলে যেতাম আমি আমিষাশী। তাই তারিক সঈদ আজুর বাড়িতে কবজি ডুবিয়ে কড়কড়ায়েত মড়মড়ায়েত করতে পারলে আনন্দ হত। কিন্তু পেটের কপালে নেই।

\* The author is a freelance writer and associated with Anandabazar Patrika, 'Ei-Samay', also experience in covering "Kumbh" festival arranged in many places in India and published reports.

চিন্তাবাবু উদয় হল।

আমি একটু বিস্ময়ের সঙ্গেই বললাম, “ভেবেছিলাম তুমি বুঝি মেলা ছেড়ে চলে গেছ আমার মতন পাপীকে ফেলে”।

“তা কী করে হয়? পাপী তো আমরা কম-বেশি সকলেই। জ্ঞাত বা অজ্ঞাতসারে অনুতপ্ত হওয়ার মতন ছোটোখাটো কিছু কুকর্ম যে করিনি, তা নয়। তবে পাপ পুণ্য, ন্যায়-অন্যায় ধুতে-মুছতে মেলায় আসিনি তোমার মতন”, চিন্তাবাবু বলল।

আসলে দীর্ঘ, দীর্ঘ, দীর্ঘতম কাল ধরে চলে আসা এই কুম্ভমেলায় গণ-সমাগম এবং তাদের প্রত্যাশা পূরণের, স্বপ্ন পূরণের কর্ম দেখতেই আসা। তাই এই মেলায় আমার ভূমিকা এক নিরীহ দর্শকের। আমি তার মন্দ-ভালোর বিচারক নই-আমি বলি।

লক্ষ বাক্যের লক্ষ্য একটাই। হক কথা। বড়ো প্রিয় এই চিন্তাবাবু। নিভূত প্রাণের নীরব আগন্তুক। বড়োই সমীহ করি। মনের কথা মুখে আটকে গেলে, চিন্তাবাবুকে কাছে পেলে শুধিয়ে নিই। মুক্ত, ভারমুক্ত হই। তবে মতান্তর হয় বই-কি। তাতে মৈত্রীর সপ্তক ছিন্নভিন্ন হয় না, এই যা সান্ত্বনা।

কুম্ভমেলা বা আরও পরিষ্কার করে বললে, এই মেলা শুরুর পিছনের কাহিনি অতীব শ্রুতিসুখকর, অপূর্ব চিত্রধর্মী। সমুদ্রমহুদ্র ও অমৃতকুম্ভের কাহিনি নিয়ে তিনটি সুশ্রাব্য গল্প। তার একটি বহু পরিচিত। কাহিনিটি এ স্থলে নিবেদন করি।

দুর্বাসার শাপে স্বর্গচ্যুত হলে শ্রী, সৌন্দর্য ও ধনের দেবী লক্ষ্মী। তাঁকে ফিরিয়ে না আনলে দেবতাদের স্বর্গ শ্রীহীন, ভাঁড়ে মা ভবানী। দেবতা নারায়ণের স্ত্রী লক্ষ্মীদেবী। নারায়ণের নির্দেশে হিমালয়ের কোলে ক্ষীরোদসাগর মহুদ্র করতে হবে। তবেই লক্ষ্মীলাভ হবে। এই সাগরমহুদ্র একটা বিশাল কর্ম। মহুদ্রদণ্ড চাই। রজ্জু অর্থাৎ দড়ি চাই। এবং মহুদ্র করার জন্য দু’প্রান্তে দু’দল মহুদ্রকর্মী চাই। বিশাল, মেগা প্রোজেক্ট।

কূর্মাভতার (কচ্ছপ) এগিয়ে এলেন। তাঁর পিঠের ওপর মহুদ্রদণ্ড রাখা স্থির হল। মহুদ্রদণ্ড, যেটি দড়ি বেঁধে দু’প্রান্ত থেকে টানা হবে। মানে, এক পক্ষ যখন টানবে তখন অপরপক্ষ এগিয়ে আসবে। একই ভাবে, অপর পক্ষ যখন টানবে অন্য পক্ষ এগিয়ে আসবে। এ ভাবে মহুদ্রদণ্ড ঘুরবে। মহুদ্রদণ্ড হল মন্দের পর্বত। এই দণ্ড ঘুরতে ঘুরতে যাতে হড়কে গিয়ে সরে না যায়, তাই কূর্মাভতার পিঠের ওপর থাকল মহুদ্রদণ্ড রূপী মন্দের পর্বত। নাগ বাসুকি হলেন মহুদ্র-রজ্জু বা দড়ি। এই দড়ি জড়িয়ে থাকল মন্দের পর্বতটিকে। মুখের দিক ধরলেন অসুর বা দানবেরা। লেজের দিক দেবতারা।

এইখানে হল একটি পৌরাণিক প্রবঞ্চনা। নাগ বাসুকির অত্যধিক পরিশ্রমে মুখ থেকে নির্গত হল বিষ। তীব্র হলহল। দেবতারা ধরেছেন নাগবাসুকির লেজের দিক যা নিরাপদ। সমুদ্র বিষাক্ত হবে, পৃথিবী বিষাক্ত হবে, তাই সমস্ত বিষ মহাদেব কণ্ঠে নিয়ে হলেন নীলকণ্ঠ।

সমুদ্রমহুদ্র প্রথমে উঠে এল নানা মূল্যবান রত্নের সম্ভার। পরপর উঠে এল পুষ্পক বিমান, ঐরাবত, উচ্চৈশ্রবা ঘোড়া, পারিজাত পুষ্প, অঙ্গরা রত্ন, বালচন্দ্র, সুরভী গাভী, দেবী মহালক্ষ্মী—এ রকম মোট চোদ্দটি মূল্যবান সামগ্রী। এবং শেষে মরণাপন্ন। অসুররা অমৃত পান করলে দেবতাদের সমূহ বিপদ। দেবতারা ঈশারা করলেন ইন্দ্রের ছেলে জয়স্তুকে। জয়স্তু অমৃতের কলস নিয়ে দৌড়। অসুরদের বোকা বানানোর জন্য নারায়ণ রূপসী, মোহিনী নারী সেজে নাচ জুড়লেন। অসুরদের গুরু শুক্রচার্য সমস্তটা বুঝতে পেরে দৈত্য বা অসুরদের তাড়া দিলেন। ভয় পেয়ে দে দৌড় জয়স্তু। তখনই হাতাহাতি লেগে গেলে অসুর বনাম দেবতার।

ভিন্ন মতের একটু সংযোজন : অসুরদের লুকিয়ে দেবতারা পংক্তি ভোজনে বসে গেলেন। অমৃতপান বলে কথা।

কিন্তু ওই দলে গোপনে অসুর রাহু বসেছেন। রাহু মুখ দিয়ে, গলা দিয়ে অমৃত নামাবেন কি, চন্দ্র ও সূর্য ভগবান বিষুগকে দেখিয়ে দিলেন। দেবতারা হায় হায় করে উঠলেন। ধীর মাথায় বিষুগ সুদর্শন চক্র দিয়ে রাহুর গলা কেটে ফেললেন। যে হেতু গলা অবধি অমৃত গিয়েছিল, তাই রাহু গলা অবধি বেচে রইলেন। দেহের বাকি অংশটি শেয়ালে-কাকে-বাঘ খেল কি না তার উল্লেখ নেই। কিন্তু গল্লাংশের শেয়াংশটি অপূর্ব। চাঁদ আর সূর্য বিষুগকে দেখিয়ে দিয়েছিলেন বলে ক্রোধ থেকে গেল রাহুর। তাই সুযোগ পেলেই রাগে রাহু গিলে খান চন্দ্র ও সূর্যকে। তাই গ্রহণ লাগে। কিন্তু খেলে কী হবে। কাটা গলা দিয়ে বেরিয়ে যান চন্দ্র ও সূর্য, মুক্তি পেয়ে যান বারে বারে।

কাহিনীর প্রথমাংশ : জয়ন্ত ছেলেমানুষ। তাঁকে সাহস দিচ্ছেন দেবগুরু বৃহস্পতি। কারণ এক দঙ্গল অসুর তাড়া করছে জয়ন্তকে। বারো দিন এমন ধরপাকড়ের দৌড় চলে। ক্লাস্তিতে জয়ন্ত পৃথিবীর চারটি স্থানে, প্রয়াগ-নাসিক-উজ্জয়িনী-হরিদ্বারের ব্রহ্মকুন্ডে অমৃতপূর্ণ কলস নামিয়ে দু'দণ্ড হাঁপ নেন। আবার অসুরদের দেখতে পেয়ে অমৃতের হাঁড়ি নিয়ে দৌড় লাগান। এই টানাপোড়েন, দৌড়ঝাঁপের ফলে, অমৃতকলস থেকে ছলকে সামান্য দু'চার ফোঁটা অমৃত পড়ে যায় ওই চার জায়গায়। তাই ওখানে কুন্ডপর্ব হয় বারো বছর অন্তর, প্রতিটি স্থলে। তবে এক একটি স্থানে কুন্ডের তিন বছর পরে অন্য একটি স্থানে হয় পূর্ণকুন্ড। শুধুমাত্র নাসিকের পূর্ণকুন্ডের এক বছর পরে উজ্জয়িনীতে হয় পূর্ণকুন্ড। প্রতিটি স্থানে তার নিজস্ব পূর্ণকুন্ড, ঠিক এক যুগ বা বারো বছর পরেই ফিরে আসে। জয়ন্ত মোট বারো দিন দৌড়ে ছিলেন। দেবতাদের বারো দিন মানুষের কাছে বারো বছর।

কিন্তু শেষ অবধি অমৃতের হাঁড়ির কী গতি হল তার খবর নেই। খবর নেই হাঁড়িভর্তি অমৃত কে খেল।

ভিন্ন কাহিনিটি হল : প্রজাপতি কাশ্যপের দুই বউকে নিয়ে। দুই সতীনের কলহ আবহমানকালের/দুই সতীন, নাগরাজ বাসুকির মা রুদ্র এবং গরুড়ের মা বিনতা। একদিন দুজনে বাজি ধরলেন, সৌররথের গাড়ি যে ঘোড়ায় চলেছে, সেই ঘোড়ার রঙ নিয়ে কালো না সাদা? যে ভুল করবে সে, যে ঠিক বলবে, তার কাছে দাসী হয়ে থাকবে এবং যে জিতবে সে পাবে অমৃতকলস।

রুদ্র হলেন নাগকুলের মাতৃদেবী। তিনি এই জুয়ায় একটা চালাকির চাল দিলেন। সাপেরো এসে সদলে ঘোড়ার সর্বাঙ্গ জড়িয়ে ধরল। ফলে সুন্দর শ্বেতবর্ণের ঘোড়াকে দূর থেকে কালো দেখতে লাগল। গরুড়ের মা বিনতা, বললেন ঘোড়ার রঙ কালো/কাছে গিয়ে দেখা গেল, ঘোড়ার রঙ সাদা, কারণ সাপেরা তখন সরে গিয়েছে। বিনতা হেরে গিয়ে কদ্রর দাসী হলেন এবং অমৃতকলসের মালিক হলেন রুদ্র। এই জন্য সাপের সঙ্গে গরুড়ের খাদ্য-খাদকের সম্পর্ক। এই কাহিনীর লেজটিও উপভোগ্য। অমৃত তো মাঝখান থেকে সর্পকুলের জিভ চিরে খায়। এই জিন্যই সাপের জিভ চেরা। প্রসঙ্গত, কুন্ডের লোগোতে 'অমৃতকলসের' ছবিটি সরকারি ভাবে ইলাহাবাদ, হরিদ্বারের কুন্ডমেলায় মুদ্রিত। সব কিছুতেই এক দেখতে পাওয়া যায়। নাসিক, উজ্জয়িনীতে তা নয়। বরং নাসিকের বেসরকারি পত্র-পত্রিকায় দেখা যায় অমৃতকলস নিয়ে পালাচ্ছে এক উড়ন্ত গরুড়। তার দু'পায়ে ধরা অমৃতকলস।

তৃতীয় কাহিনিটি দেবতাদের অভিশাপের কাহিনি। সমুদ্রমহুনের কাহিনি-উপকাহিনি নিয়ে সাতকাহন করা যায়। তবে তা এখানে খুব প্রাসঙ্গিক নয় বলেই মনে করি। পরস্পরকে অভিশাপ দেওয়ার ব্যাপারটা দেবতাদের জীবনে প্রায়শই ঘটে থাকে। কেমন এই অভিশাপ? মহর্ষি দুর্বাসা এমনিতেই ক্রোধী দেবতা। পান থেকে চুন খসলেই অভিশাপ। ইন্দ্রকে দুর্বাসা দিলেন আশীর্বাদস্বরূপ ফুলের মালা। ইন্দ্র ভক্তিভরে সেই মালাখানি নিয়ে প্রিয় বাহন ঐরাবতের মাথায় জড়িয়ে দিলেন। ঐরাবত সেই মালা শুঁড়ে করে নিয়ে পাথের ধুলোয় ফেলে দিল। ব্যাস যায় কোথায়। দুর্বাসা অপমানিত ও ক্রোধী হয়ে অভিশাপ দিলেন। দেবলোকে খরা হবে। দেবলোক হবে শ্রীহীন, লক্ষ্মীহীন। তখন দেবতারা

দুর্ভাসাকে বিনয়-বচনে থামালেন। এবং বিষ্ণুর শরণাপন্ন হলেন। অবশেষে রফা হল—অসুর ও দেবতার মিলে সমুদ্রমছন করে লক্ষ্মীকে ফিরিয়ে আনবেন। এই লক্ষ্মীকে আনতে গিয়েই সমুদ্রমছন। এবং অমৃতলাভ। এবং সেই অমৃত বন্টনে এত গোলমাল। তবে, তিনটি কাহিনিই মধ্যে প্রথমটি, অর্থাৎ জয়ন্তর অমৃতের কুস্ত কলস নিয়ে পলায়ন ও অসুরদের পিছন পিছন তেড়ে আসা, চন্দ্র-সূর্যের আক্রান্ত হওয়া, রাহুর ধড়-মুণ্ড আলাদা হওয়া—এটিই সর্বাপেক্ষা বেশি পরিচিত পেয়েছে।

চিন্তাবাবুকে শুধোই, “কুস্তমেলা কখন থেকে শুরু হল?”

হাসল চিন্তাবাবু, “প্রশ্নটি বিতর্কিত/পাথুরে প্রমাণ, অর্থাৎ শিলালিপি কিংবা লিখিত প্রমাণ, তা সে ধাতু-পাথর-চামড়া বা কাগজ (এটির বয়স বেশি না) যা-ই হোক না কেন খুব-পুরাতন নয়। যদিও মেলাটির বর্ণনা, বিশেষত প্রয়াগের মেলার কথা চিনা পরিব্রাজক হিউয়েন সাং-এর বিবরণ থেকে পাওয়া যাচ্ছে। কিন্তু তখন কুস্তমেলা নামকরণ হয়নি। হিউয়েন সাং-এর সময়কাল ৬০২-৬৬৪ খ্রিস্টাব্দ। এই বৌদ্ধ তীর্থ-ভ্রামণিক সাত শতকের মাঝখানে বা কিছুটা আগে ভারতে এসেছিলেন। মেলার বিবরণ সেই সময়কালেরই। অবশ্য ফা হিয়েন-সহ একাধিক চৈনিক ভ্রামণিক বৌদ্ধ সন্ন্যাসী ভারত ভ্রমণ করেন। কেউ কেউ একাধিকবার। এঁদের মধ্যে হিউয়েন সাং-এর কথা মানলে প্রয়াগের মেলার বয়স (কুস্তমেলা নামকরণ ছাড়াই) চোদ্দোশো (২০২০ খ্রিস্টাব্দ ধরলে) বছরের বেশি নয়।”

আমি বললাম, “এই প্রয়াগের মেলার সঙ্গে সমুদ্রমছনের কাহিনি যিনিই মিশিয়ে দিন না কেন, কুস্তমেলা বা অমৃতকুস্তের মেলা অমরত্ব লাভ করেছে। যত দিন এই পৃথিবী নামক গ্রহটি থাকবে, অমৃতকুস্ত অমর, তবে অর্ধকুস্ত শুরু করে এই মেলাকে অধিক পরমায়ু ও যৌবন দান করা হয়েছে, যদিও অর্ধকুস্তের শাস্ত্রীয় ব্যাখ্যা নেই। থাকলে তো অন্য দু’টি স্থল, অর্থাৎ নাসিক ও উজ্জয়িনীতেও অর্ধকুস্ত হত। তা তো হয় না। অবশ্য শাস্ত্র বলতে তো এখানে পুরাণের প্রক্ষিপ্ত গাল-গল্প। যদিও তা সুন্দর ও সুখপাঠ্য। আর গ্রহ-নক্ষত্রের অবস্থানের মান্যতা কই নাসিক ও উজ্জয়িনীতে?”

চিন্তাবাবু বিতর্কে থাকতে চায় না। তাই শুধু ঘাড় নেড়ে আমায় সায় দিল। অনেকে বলে থাকেন, আদি-শুরু শংকরাচার্য দর্শনামী আখাড়ার প্রবর্তক। ভুল তথ্য। কারণ শংকরাচার্যের জীবনকাল ৭৮৮ থেকে ৮২০ খ্রিস্টাব্দ। সাত আখাড়ার মধ্যে প্রথম আখড়া প্রতিষ্ঠিত হয় ৬০২ খ্রিস্টাব্দে। নাম আবাহন আখড়া। শংকরাচার্যের কাছাকাছি সময়ে মহর্নির্বাণী আখাড়ার জন্ম। প্রতিষ্ঠাকাল ৭৪৯ খ্রিস্টাব্দ। সাল তারিখের হিসেব ধরলে আমাদের প্রচলিত কত কত বিশ্বাস সে ভেঙে পড়ে। তবে লোকজ-মৌখিক ইতিহাসকেও কিছুটা মান্যতা দিতে হয়। সেখান থেকেও অনেক সূত্র বের হয়ে আসে।

চিন্তাবাবু সতর্ক করল, “মৌখিক-ঐতিহাসিক উপাদানকে খুব সতর্কতার সঙ্গে মেলাতে হয় পাথুরে প্রমাণ ও অন্য সূত্রগুলিকে ধরে।”

আমি ঘাড় নাড়ি।

কুস্তমেলার নাগা সাধু এবং আখাড়ার সন্ন্যাসীদের স্নান গণজনের কাছে অত্যন্ত আগ্রহের। তবে স্নানের ক্রম, কোন আখড়া কার সঙ্গী হবে তা স্থিরীকৃত। এ নিয়ম বদলায় না। কে প্রথমে স্নানে যাবে তা-ও স্থিরীকৃত বহু আগে থেকেই। আসলে কোন আখড়া আগে করতে যাবে, নিয়েই তো যত গোলমাল। মারামারি। অনেকে মনে করেন এই স্নানের ক্রম, শাসক ব্রিটিশদেরই করে দেওয়া। তা হলে তো বড়ো লজ্জার কথা। নিজেদের স্নানের ক্রম নিজেরা ঠিক করতে পারলাম না? নিজেদের গোটা দেশটার অখণ্ড স্বাধীনতা আনতে পারলাম না। ওদের সব ‘করা’ কর্ম মেনে নিয়ে আজ টন টন গাল পাড়ছি কলোনিয়াল তত্ত্বকে।

এ সব শুনে চিন্তাবাবু দুঃখ পেল। ব্যথিত হল। আপাতত আমার সঙ্গ ছাড়ল এবং জানাল, “আমি কিছুক্ষণের জন্যে বৈরাগী ক্যাম্পের দিকে যাচ্ছি। সেখানেই দেখা হবে।”

আগে লিখেছি সন্ন্যাসী আখাড়া মোট ৭টি। বৈরাগী আখাড়া ৩টি এবং উদাসীন আখাড়া ৩টি। মোট ১৩টি। প্রথমে স্নানে যান সন্ন্যাসী আখাড়া। সকলে এক সঙ্গে নয়। হাতির পিঠে চেপে অগ্রে চলেন মাথায় রাজছত্রধারী, সংগঠনের প্রধান। কোলে থাকে বা অন্য কেউ মাথায় করে নেন একটি পিতলের মূর্তি যা ওই আখাড়ার ইস্টদেব। তাঁর পিছনে ঘোড়ায় বসা নান্দা সন্ন্যাসী প্রধান, ঢোল বাজান। তাঁর দু’পাশে ও পিছনে নান্দা ফৌজ, হাতে ধাতব তরোয়াল, গদা ইত্যাদি। তার পরে ভক্তকুল। অনেক সময় ভক্তকুল সংগঠন প্রধানের পিছনেও যায়। এক নজরে মনে হবে যুদ্ধে চলেছে যেন উলঙ্গ সেনাদল।

প্রথমে চলে ‘শ্রী পঞ্চায়েতী আখাড়া মহানির্বাণী’। এর পিছনে শ্রী পঞ্চ অটল আখাড়া’। এর পরে আসে ‘শ্রী পঞ্চায়েতী আখাড়া নিরঞ্জনী’। এর সঙ্গে চলে ‘তপোনিধি শ্রী আনন্দ আখাড়া পঞ্চায়েতী’

এর পরে স্নানে আসে ‘শ্রী পঞ্চদশনাম জুনা আখাড়া।’ সঙ্গে চলে ‘শ্রী পঞ্চদশনাম আবাহন আখাড়া।’ এর সঙ্গে আসে ‘শ্রী পঞ্চদশনাম পঞ্চাঙ্গি (অগ্নি) আখাড়া।’ মোট সাতটি আখাড়া।

এর পরে বৈরাগী (বৈষ্ণব) আখাড়া। পর পর আসে তিনটি দল। প্রথমে ‘শ্রী দিগম্বর অনি আখাড়া’।

এর পরে ‘শ্রী নির্বানী অনি আখাড়া।’ এবং সব শেষে ‘শ্রী নির্মোহী অনি আখাড়া’। মোট তিনটি দল।

স্নানের শেষ ক্রম হল : ‘উদাসীন সম্প্রদায় (আখাড়া)’। এদেরও তিনটি দল। প্রথমে আসে ‘শ্রী পঞ্চায়েতী বড়া উদাসীন আখাড়া।’

‘শ্রী নির্মল পঞ্চায়েতী আখাড়ার স্নান দিয়েই স্নানপর্ব শেষ হয়। অর্থাৎ ইলাহাবাদে শাহিস্নানের যে তিনটি মুখ্য বা প্রধান স্নান, তাতে সকল আখাড়া স্নান করে এই ক্রম মেনে।

কী ভাবে স্নানে আসবে এবং ফিরবে সন্ন্যাসী—বৈষ্ণব-উদাসীনের দল?

সরকারি কর্মী, পুলিশ কর্তা এবং তাঁদের দলবল অস্ত্রশস্ত্র নিয়ে প্রতিটি সংগঠনের কাছ যাবেন। এবং তাঁদের অস্ত্রধারণ করে নিয়ে আসবেন স্নানের ঘাটে। স্নান সেরে একই ভাবে প্রস্থানপথ ধরে ডেরায় পৌঁছে দেবেন। প্রবেশ ও প্রস্থানপথ আলাদা।

কতক্ষণ ধরে স্নান করবেন? তার সময়ও বাঁধা। কখন নিজেদের আখাড়ার অস্থায়ী শিবিরে ফিরবেন, ক’টার সময় সংগমে পৌঁছোবেন, কতক্ষণ ধরে স্নান করবেন—সমস্ত কিছুই সময় নির্দিষ্ট।

যেমন নিজেদের আখাড়া থেকে শ্রী পঞ্চায়েতী আখাড়া মহানির্বাণীর দল বের হবে ভোর ৫-১৫ মিনিটে। সংগমতটে এসে পৌঁছোবে ৬-১৫ মিনিটে। স্নানের সময় ৪০ মিনিট।

প্রায় এক ঘণ্টা সময়ের ব্যবধানে শ্রী পঞ্চায়েতী আখাড়া নিরঞ্জনী স্নানে বের হবে সকাল ৬-০৫ মিনিটে। এই সন্ন্যাসী আখাড়া প্রত্যেকে স্নানের জন্য ৪০ মিনিট সময় পায়।

শেষ যে দল, তা উদাসীন পায়। এদের অন্তর্গত শ্রী নির্মল পঞ্চায়েতী আখাড়া বের হবে দুপুর ১-২০ মিনিটে। স্নান করে ফিরতে ফিরতে, এঁরা প্রস্থানের পথ ধরবেন বিকেল ৪-২০ মিনিটে। শীতের পড়ন্ত বিকেলে।

খেয়াল রাখা দরকার এই স্নানের ক্রম শুধুমাত্র প্রযোজ্য ইলাহাবাদ সংগমস্থলে প্রয়াগরাজ-কুন্ডে। স্নানের ক্রম এবং সময় বদলে যাবে প্রতিটি পূর্ণকুন্ডের কুন্ডস্থলে।

কুন্ডমেলাটি ক্রমশ সাধু-সন্ন্যাসীদের হাত থেকে চলে যাচ্ছে রাজনীতির কারবারীদের হাতে। অবশ্য ধর্ম বা সন্ততন্ত্র

বহু কাল আগে থেকেই রাজতন্ত্রের মদত পেয়েছে প্রচ্ছন্ন ভাবেই। রাজা উদারচিত্ত হয়ে দান-ধ্যান করেছেন সাধু-সন্ন্যাসীদের। এমনকি নিষ্কর আবাদি কৃষি-জমিরও দান করেছেন মঠ-আখাড়াওয়ালাদের। এখনও সে রকম কৃষিভূমির সম্মান পাওয়া যাবে, যেখানে আখাড়া বা সংগঠনের সন্ন্যাসীরা বা বাবাজিরা নিজে হাতে চাষ না করলেও খেতের ফসল গদিতে তুলেছেন ভাগচাষীদের দিয়ে চাষ করিয়ে। এদের জমি বর্গা করানোর দম কোনো রাজনৈতিক দলের হয়নি। তবে কুম্ভমেলার প্লাটফর্মকে কাজে লাগাচ্ছেন রাজনৈতিক নেতারা গণসংযোগ করেন, ফ্লেক্সে ফ্লেক্সে ভরে যায় কুম্ভের আকাশ। সন্ন্যাসীরাও এঁদের ফেলতে পারেন না। দরকার মতো সুযোগসুবিধে মেলে। যতদিন যাচ্ছে স্নানের আছিলায় বড়ো-মাঝারি-ছোটো মাপের নেতাদের গম্ভব্য হয়ে উঠেছে কুম্ভমেলা। এঁদের স্নাত্ত্রার জন্য পাবলিকের দুর্ভোগের একশেষ।

মিডিয়া এবং কিছু আঞ্চলিক ‘পণ্ডিত’ প্রায়ই কুম্ভমেলাকে ‘মহাকুম্ভ’ বলে থাকেন। একেবারেই তা নয়। ইলাহাবাদে ১৯৭৭ সালে ‘মহাকুম্ভের’ যোগ পড়েছিল। মোট ১২ বার সৌরপরিক্রমার পর অর্থাৎ ১২ × ১২ (মোটামুটি ১২টি পূর্ণকুম্ভের পরে) তথা ১৪৪ বছর পরে এই যোগ আসে। যেমন করে এখন দুর্গাপূজায় মহাষষ্ঠী, মহাসপ্তমী...। চার পাঁচ দিন ধরেই ‘মহা’ শব্দের ছড়াছড়ি।

ইলাহাবাদ পূর্ণকুম্ভের সবচেয়ে বড়ো বিস্ময় বিদেশি বিশ্ববিদ্যালয়ের হার্ভার্ডের গবেষকদের যোগদান। এই দলের মাথা তুলনামূলক ধর্মতত্ত্বের প্রফেসর ডায়না এক (Diana L. Eck)। ইনি ভারতীয় পণ্ডিতদের কাছে পরিচিত তাঁর কাশী সম্পর্কে ‘বানারস সিটি অব লাইট’ গ্রন্থের জন্য।

প্রায় দু’মাসের পরিক্রমা ছিল এদের। দলে ছিলেন বিভিন্ন এক্সপার্ট—পরিবেশবিদ, ফোটাগ্রাফার, ম্যাপ-গ্রাফ অঙ্কনের মানুষ, ইঞ্জিনিয়ার, ধর্মতত্ত্বের মানুষ প্রভৃতি। প্রোজেক্ট চালায় হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের ‘দ্য সাউথ এশিয়া ইনিসিয়েটিভ’। এর সঙ্গে যুক্ত হয়েছিল ওই বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্কুল, স্কুল অব পাবলিক হেলথ, ডিভিনিটি স্কুল এবং স্কুল অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অ্যাপ্লায়েড সায়েন্সেস। কিছু কিছু ক্ষেত্রে এদের কর্ম তৎপরতা দেখছিলাম। যেমন ধরা যাক, বিভিন্ন ধরনের টেন্ট। তার মাপ জোখ, স্কুর ওজন, দৈর্ঘ্য, ব্যাস প্রভৃতি। বাস্তবতার চূড়ান্ত। সেটাই ওদের বিশেষত্ব। তবে কিছু ক্ষেত্রে হৃদয়ের গভীরতা কম। কুম্ভমেলা বুঝতে গেলে ভারতীয় হৃদয়, মরমি মন লাগবে।

ওই কর্মযজ্ঞে ব্যয় হয়েছিল কত? জানি না। তবে অনুমান করি ভারতীয় মুদ্রায় কয়েক কোটি টাকা আর আমাদের দেশীয় লেখক-সাংবাদিকের জন্য কত বরাদ্দ? থাক, লজ্জায় মাথা কাটা যাবে। এদের এই কর্মকাণ্ডের রিপোর্টটির একটি সংস্করণ দিল্লির নিয়োগী পাবলিশার্স থেকে প্রকাশিত হয়। চড়া দাম। পরে সংক্ষিপ্ত সংস্করণ। সে-ও কড়া দাম। পরে ওয়েবে ওই রিপোর্ট প্রকাশিত হয়।

রাতে আগুন লাগে একদিন। সামান্য দূরের একটি ক্যাম্প। ভারত সেবাশ্রম সঙ্ঘের সেচ্ছাসেবী, ব্রহ্মচারী, সন্ন্যাসীদের চিৎকারে উঠে পড়লাম। কুম্ভে আগুন লাগার ঘটনা নতুন কিছু নয়। চার দিক থেকে মানুষজন দৌড়ে এসেছে। দমকলের ঘণ্টা বাজছে। জল ঢালা হচ্ছে। আগুন লাগার কারণগুলি এ রকম।— ইলেকট্রিকের ফেজ থেকে যতটা লোড নেওয়া উচিত তার বেশি নেন সন্ন্যাসীরা। জরিমালা দিতেও দেখেছি। প্রচণ্ড শীতে হিটারে উত্তাপ সরবরাহ। প্রচণ্ড গরমে (উজ্জয়িনী) এসি বসানো, প্রায় সব ক্ষেত্রেই লুকিয়ে।

এই ইলাহাবাদ কুম্ভেই আগুন লাগার এবং নিভে যাওয়ার অলৌকিক কাহিনিটি শুনি বিশ্বাআনন্দজি ওরফে দিলীপ মহারাজের ঘটনাটা ১৯৩৬ সালের।

“সামান্য দূরে একটি টেন্টে আগুন লাগে। সেই আগুন বেগবান। এগিয়ে আসছে ভারত সেবাশ্রম সঙ্ঘের টেন্টের

দিকে। উনি, গুরুমহারাজ টেন্ট ছেড়ে বেরিয়ে আগুনের সামনে দাঁড়ালেন। ধীরে ধীরে আগুন স্রিয়মাণ হয়ে নিভে গেল। সেই থেকে প্রণবানন্দজিকে ইলাহাবাদ কুস্তে বিশেষণ দেওয়া হল ‘আগ খানেওয়ালে সন্ন্যাসী’।

কুস্তমেলায় কত যে অলৌকিক কাহিনি শোনা যায়! মূলত সন্ন্যাসী ও মাতাজিদের সম্পর্কে। মা আনন্দময়ীর তো ধাতব কৃষ্ণকে দুধ খাওয়ানোর ঘটনা কত জনার মুখে শুনেছি। আনন্দময়ী মায়ের ভক্তিমাগের জোর ছিল অসম্ভব। বালকৃষ্ণের প্রতি ছিল অপত্য স্নেহ যা বোধ করি জীবন্ত সন্তানের প্রতি জীবন্ত মায়ের থেকে কম নয়। কনখলে এঁদের আশ্রমে বসলে হৃদয়ে মাতৃস্নেহের পরশ মেলে। আবহমানকালের মায়ের খোঁজ মেলে এই বুড়ো বয়সে। হরিদ্বার গেলে অবশ্যই যাই ওখানে।

আলাদা করে কুস্তস্থলে এদের টেন্ট কুস্তে চোখে পড়েনি। কিন্তু এই সম্প্রদায়ের মানুষজন আসেন কুস্তে। খুব বেশি না হলেও আসেন। হঠাৎ দাঁড়িয়ে পড়ি দক্ষিণ প্রান্তের একটি কুটিয়ায় কানে আসে গানের কলি, খালি গলায়। কণ্ঠ উপচানো আবেগ। ‘ছাড়ো রে মন কপট চাতুরি/বদনে বলো হরি হরি/হরিনাম প্রম ব্রহ্ম/জীবেরই মূল ধর্ম/অধর্ম কুকর্ম ছাড়ো রে মন.../’

অনুকুল ঠাকুরের অনুগামীদের এই হল প্রার্থনার শেষে গীত সংগীত। আয়োজন সামান্য। অনুকুল ঠাকুরের ফোটোর সামনে বসে পাঁচ-সাতজন গাইছেন। এত আয়োজন, এত অগ্নিসাক্ষী, এত পূজা-পাঠ, এত প্রতিশ্রুতি, এত শোকাশ্র, তবুও মন-মানুষ-প্রাণ হয় বিপথগামী। বিপথ থেকে পথে ফিরে অনুতাপের প্রদীপ জ্বালে। তা শিখায়, দুই করতলে শিখার প্রতিশ্রুতি নিয়ে চোখে-মুখে দেয়। সংগীতে সংগীতে সরগম অশ্রুসিক্ত হয়। তথাপি ‘আমি’ পূর্ণ মন্দির-সোপানতলের আশ্রয় ছেড়ে, কেন ধায় আমার মন, ওই অন্ধকারে। অথচ কোলের কাছেই, মাথার কাছেই জ্বলে আলো। অগ্নি জ্বালো। আগুন আলো।

তুমি নির্মল কর, মঙ্গল-করে মলিন  
মর্ম মুছায়ে।।  
তব পুণ্য-কিরণ দিয়ে যাক, মোর  
মোহকালিমা ঘুচায়ে।।

রজনীকান্ত সেন (১৮৬৫-১৯১০)

কুস্তভ্রমণে কত বার যে মৃত্যু দেখলাম। এবং এ বার এই ইলাহাবাদ পূর্ণকুস্তের তার ব্যত্যয় হল না। একে শনিবার, তার ওপর সহযোগী মৌনী অমাবস্যা। সংগমে পাপ ধুয়ে পুণ্য ঘরে তোলার হিড়িক।

ইলাহাবাদ স্টেশন পূর্ণার্থী, শ্রদ্ধালুদের ভিড়ে থই থই। শুধু মানুষ। অনেক অসংখ্য অগুণতি মানুষ মিশে গিয়ে যেন একটাই মানুষ। চলন নেই। বলন নেই। স্থির। জ্যাম লেগেছে প্ল্যাটফর্মের হাৎকমলে। হাজার খানেক মানুষকে দাঁড়ানোর স্থান দিতে পারে ওই প্ল্যাটফর্ম।

সেখানে দেড়-দু’হাজার পূর্ণার্থী স্নান সেরে ঘরমুখো ওবার ব্রিজের ওপরে-নীচে, বামে-ডাইনে শুধুই মানুষ। পাঁচ ও ছ’নম্বর প্ল্যাটফর্মে ঢুকতেই পারিনি। হঠাৎই ছ’নম্বর প্ল্যাটফর্মের ওপর ভেঙে পড়ল ব্রিজ। ভিড়ের চাপে। অনেকক্ষণ ধরে অপেক্ষারত যাত্রীরা। রেলের ঘোষক মাইকে হঠাৎ জানিয়ে দিলেন, ছ’নম্বরে ট্রেন আসছে। আর যায় কোথায়। এ রকম আমরা হাওড়া-শিয়ালদায় কত কত দেখেছি। তফাত একটাই, তারা নিত্যযাত্রী আর এরা কুস্তে, ডুবকি সেরে ঘরের পথের যাত্রী।

আমি ওখানে আগে থেকে ছিলাম। ইলাহাবাদ রেলস্টেশনে খবর সংগ্রহের জন্য। ওই ভিড় দেখেই মন ভয়ে ‘কু’

ডাকছিল। কারণ, একাধিক কুস্তে দুর্ঘটনার সাক্ষী আমি। আমার দুর্ভাগ্য। খবর পেলাম ২৫ জন পুণ্যার্থী প্রয়াত অকুস্তস্থলেই। এ রকম ঘটনা ঘটলে মৃত্যুর মিছিল চলে। লেখা আগেই ফ্যাক্স হয়েছে মরা-দুপরে। ব্রিজ ভাঙার ঘটনার কতা, পরে ফোনে জানালাম। অবশ্য নিজস্ব সংবাদ দাতার রিপোর্ট অন্য দা স্পট, ফ্রম দ্য স্পট হলে সংবাদের ইজ্জত বাড়ে। কেন না পাঠক অনুভব করেন যে তাঁর কাগজের রিপোর্টার ওখানে হাজির। কাগজের দফতর ভাবে তার প্রতিনিধির পাঠানো টাটকা ইলিশ। বিদ্যুতিন মিডিয়া তো প্রতি পল-অনুপলে পৃথিবীর নবগ্রহের আপডেট দিয়ে যাচ্ছে। আমি কুস্তের কে হরিদাস পাল। সে কারণেই অত ব্যয় করে কেউ আর প্রতিনিধি পাঠায় না আজকাল। তবে ফ্রিলান্স কিছু পাগলা-মুর্গা চলে আসে আপন উদ্যোগে। এরা মিডিয়া ওয়ার্ল্ডের নিম্নবর্গীয় প্রান্তবাসী।

এই দুর্ঘটনা আমায় বিষণ্ণ, ক্লান্ত করে। প্রভাতের টি স্টলে আমি একা। একটু পরেই বন্ধু সাংবাদিকের ফোন, আমি স্পটে না পৌঁছোতে পারলে ও ব্রিফিং দেবে ইনসিডেন্টের। তা না হলে ও চলে যাবে শহরে, কাগজের সিটি অফিসে। যে হেতু আমরা দু'জনে একই গ্রুপের টাইমস অব ইন্ডিয়া ডেলিতে, ও ইংরেজিতে এবং আমি বাংলায়, ফলে সমস্যা নেই। আর আমার কাগজ কলকাতা শহরের এবং মৃগাক্ষের কাগজের ইলাহাবাদ সংস্করণ। তবুও ওর মুখেই সামান্য ব্রিফিং শুনে নিলাম।

একটু পরে দ্বারাগঞ্জে প্রভাতের চায়ের দোকানে এল বন্ধু দুকানজি। ইয়া দাড়ি। রেল ব্রিজের দুর্ঘটনা নিয়ে কথা হল। আমি মনে মনে অনেকটাই চঞ্চল। কারণ? আমার কুস্তের-বান্ধবী, ২০১০ সালে বৃন্দাবনে এক 'দুর্যোগে' আলাপ, মুম্বইয়ের একটি বিখ্যাত সমাজবিদ্যা প্রতিষ্ঠানের অধ্যাপিকা পূর্ণকুস্তে আসার কথা মৌনী অমাবস্যার দিন বিকেলের ট্রেনেই। আর ভাবতে পারি না।

দু'চার দিন আগে ফোনে কথা হয়েছে। ফোন করলাম। সুইচড অফ। আর ফোন করতে ভয় পেলাম। বাঁধ ধরে লোটে হনুমান (বড়া হনুমান) মন্দিরের কাছে গিয়ে বসলাম। মন স্থির হচ্ছে না। তবে কি খারাপ কিছু ঘটল শ্রীমতী বৃন্দা শর্মার? ওর কিছু হলে তো....। আমার কিছু নয়। তবে কেন এত ভাবছি? ওই কথা পাঠককে সবিস্তার জানাব বৃন্দাবন পর্ব, বৈধক কুস্তের বর্ণনায়।

আজ বড় স্নানযোগ, মৌনী অমাবস্যা। অনেক অনেক ভিড়। সংগমতটে মানুষের সংখ্যা বালি সংখ্যার চেয়ে অধিক। প্রশাসনের বিপি, ক্লোরোস্টেরেল, ইউরিক অ্যাসিড, আরও যা যা আছে, সবই বাড়তির দিকে। শুধু নাস্তাবাদের কোনো হেলদোল নেই। গাঁদা ফুলের গড়ে মালার সূচিমুখ বুলছে দুলাছে। অপরূপ দৃশ্য। সেরা দৃশ্য কিন্তু স্নানঘাটে এক নাস্তাবাবার কাঁধে চড়েছে তাঁর পোষ্য এক বান্দর। কিশোর বাঁদর। বাঁদরামি করবে কি! বোধকরি ও জীবনে এই প্রথম পূর্ণকুস্তের স্নানে আসা, ওর পালকপিতার কাঁধে চড়ে। সে নাস্তাবাবার মাথার চুলের গুছি দু'হাতে খামচে ধরেছে।

এগুলো সাধারণত ঘটে না। আখাড়া অনুমোদন করে না। কারণ বিপদ ঘটলে বাঁদরকে সামলাবে কে? একবার হরিদ্বারে এক নাস্তাবাবা বিশাল ময়াল সাপ নিয়ে স্নানে যাওয়ার গৌঁ ধরেন। প্রশাসন ও আখাড়ার প্রধান তাকে কোনো ক্রমে সামলান।

এই বাঁদরের গলায় জড়ানো ফুলের মালা। এত এত পাপী মানুষ দেখে সে কী চিৎকার তার, কিচ কিচ! পালক নাস্তাবাবাকে দাঁত-মুখ খেঁচানো। বাঁদরটি সকলের দৃষ্টি আকর্ষণ করে। আসলে ওই বাঁদরটিকে লুকিয়ে নিয়ে কী ভাবে যে নাস্তাবাবা মিছিলে ঢুকে পড়লেন সেটা বিস্ময়ের। প্রশাসন বিরক্ত। আখাড়ার প্রধানও অত্যন্ত বিরক্ত। অনুমান করলাম, আখাড়ায় ফেরা পর ওই বান্দরবাবাকে দু'চার চড়-থাপ্পড় দেওয়া হবে। এমনকি গুরু জুতো খড়ম পেটা

করবেন। এ ধরনের শাস্তি লুকিয়ে দু'একবার দেখে ভয় পেয়েছি। এবং শেষে শাস্তি, দোষী সন্ন্যাসীকে আখাড়া থেকে বিতাড়ন করা। সে কী কান্না! কিন্তু নো ক্ষমা। এখন ওই বিতাড়িত সন্ন্যাসী অন্য কোনো সন্ন্যাসী-সংগঠনে স্থান পাবেন না। সেটাই আখাড়া সমাজের নিয়ম, যদিও অলিখিত। তখন সত্যিই ওই পথভ্রষ্ট, নিয়মভঙ্গকারী সন্ন্যাসী হয়ে ওঠেন সর্বহারা। ওঁর রেজিস্ট্রেশন, পিতল-তামা পদক এং কোর্টে দলিল কেড়ে নেওয়া হবে। কোর্টের দলিল মান সন্ন্যাসীপর্বে যে দলিলে নাম এন্ট্রি হয় কোর্ট পেপারে। এ সব, আমার এই ঘুরতে ঘুরতে পথের পাঠশালাতেই পড়ে পাওয়া চোদ্দো আনা।

স্নানঘাটে এখন বাতাসের পদক্ষেপও স্তব্ধ। এবং ঠিক ওই মুহূর্তটা নীরেট স্তব্ধতায় ভরাট। লক্ষ লক্ষ মানুষ শব্দহীন। নীরব সন্ন্যাসীকুল। যখন জলে ঝাঁপ দেওয়ার নির্দেশ দেওয়া হল প্রধানের তরফে—তখনই শুরু হল কোলাহল। তার আগে শুধু স্রোতের শব্দ এবং জল-পাখীদের ধীরে, ফিসফিসিয়ে কথোপকথন। এই গাঢ় নীরবতা ভেঙে, অমৃতকুন্ডে নিখিল-অখিলের সরব হওয়া অথবা কোলাহলময় অমৃতকুন্ডের হঠাৎ প্রকাশ্য দিবালোকে অখণ্ড নীরবতা মধ্যে সঁধিয়ে যাওয়া—এ দৃশ্য সেই দর্শককে নীরব প্রেমের বন্ধনে আমৃত্যু বেঁধে রাখে, যিনি চোখের বাহিরের চোখ দিয়ে পূর্ণ আহার করার সুযোগ পান। সে এক অপূর্ব, ভয়ংকর প্রাকৃতিক উপস্থাপনা। জন্ম-জন্মান্তরেও ভুলিব না।

আমদর্শক বুঝতে পারে না, কখন আখাড়ার প্রধান নির্দেশ দেবেন নীচে জলাধারে ছায়ার দিকে একাগ্র হয়ে, উপরে কায়ার দিকে শর নিষ্ক্ষেপের। যেন হঠাৎই অমৃতকলস ভেঙে যায়। তরঙ্গ ওঠে সংগমের জলে। কেঁপে ওঠে বালিয়াড়ি। প্রবল চিৎকার গলা জলে। পুণ্য প্রমোদস্রোতে। সে এক বিপুল উন্মাদনা। জলে ভাসন্ত বর্ণময় যাত্রীবাহী নাও এবং নাইয়া চোখ মুদে ফেলে। ভাসন্ত জল-পক্ষীকুল তখন স্তব্ধ হয়ে পুণ্যার্থী, বস্ত্রহীন গৈরিক বাবাদের কোলাহলের দিকে তাকিয়ে থাকে। তীরে তখন ভস্মী লোপন পর্ব, মুক্ত সন্ন্যাসীদের শরীরে। এবং সংগমতট হয়ে ওঠে মেলাময়, সে কোলাহলে কলকল করে। ধ্বনি ওঠে, আদি গুরু শংকরাচার্য কি জয় হো। ভগবান দত্তত্রয়ের মহারাজ কি জয় হো। অমৃতপ্রভাত কি জয় হো। গঙ্গামাঈ কি, যমুনামাঈ কি জয় হো।

নাঙ্গাবাদের মিছিল নয়, বর্ণময় জুলুসও নয়, নয় কুন্ডমেলার বৈভব, এ সব ছাপিয়ে আমার দৃষ্টি ধায় ওই সীমারেখার দিকে, যা আপনা-আপনিই সৃষ্টি হয় স্নানায়োগের শর্ত হিসেবে। কোলাহল, নীরবতা এবং আবার কোলাহল। এই ত্রিস্তরের সৃষ্টি ও সংহার, মিলন ও বিচ্ছেদবিন্দুর অলৌকিক, উদাসীন, চুম্বনের ক্ষত দেখার জন্য স্নানঘাটে, রামঘাটে-সংগমতটে-বন্দুকুন্ডে-ত্র্যম্বকতটে হাজিরা দিই। একই ঘটনা। শুধু প্রেক্ষাপটের বদল নব আনন্দে। তবে নাসিকের স্নানঘাট দর্শককুলের হাতায় বলে, ব্রিজের ওপর থেকে দেখা যায়, শোনা যায় গোদাবরী কৃত্রিম বহতা স্রোতের গমগম, ঝমঝম। নে সে নূপুর পরা এক বালিকা, বুঝিয়ে চলেছে স্বপ্ন-পথে, প্রেমের অন্তরাগের পথে, দ্রুত, আপন খেয়ালে, দিগন্তে মিলতে, বিলীন হতে।

“ওঠো হে ওঠো। মিছিল, নাঙ্গাবাদের মিছিল তো চলে গিয়েছে। আসছে বছর আবার হবে।” চিত্তবাবু সন্মিতের সম্মে ফেরাল। লজ্জা পেলাম আমি। কী সব ভাবছি! চিত্তবাবু যোগ করল, “প্রেমে পড়লে অমন ধারা হয়। লজ্জা পাওয়ার বিশেষ কিছু নেই। চলো চলো। মনে আছে তো?”

চিত্তবাবুর মুখের দিকে জিজ্ঞাসু দৃষ্টিতে তাকাই। বলি, “তুমি স্মৃতিধর। তোমার মনে থাকলেই আমায় শাসন করে মনে করিয়ে দাও, তাতেই আমি বিপন্মুক্ত হয়ে যাই। সুতরাং একই জিনিস দু'জনে মনে রেখে স্মৃতির বোঝা বইব কেন? তুমি বলে ফেল।”

আরে সংগম তটের পথে, কিলার হাতায় যে ‘লেটে’ হনুমান (এই শব্দ আমআদমির শুয়ে থাকা) আছেন, যাঁকে

তোমরা ভদ্রজনে বলে থাক, বড়া হনুমান, ওর প্রধান বাগম্বরী গদির, আখাড়া পরিষদের প্রেসিডেন্ট নরেন্দ্রগিরিজির কাছে যেতে হবে। যা ভিড় ছুঁত তো দূরের কথা, বাতাস বা বালিও ঢুকতে পারবে না। যাবে কী করে!

মহা সমস্যা। উড়ে যেতে পারলে ভালো হত। ওরে বাপস! আমি বিব্রত। বাতাসের শরীর হলে সুবিধে হত। এত দর্শক-পুণ্যার্থী, সন্ন্যাসীদের ভিড়!

‘ছোট হয়ে নেমে পড়ুন মশাই  
‘সরু হয়ে নেমে পড়ুন মশাই  
‘চোখ নেই? চোখে দেখতে পান না?  
‘সরু হয়ে যান, ছোটো হয়ে যান—’

আর কত ছোট হব ঈশ্বর  
ভিড়ের মধ্যে দাঁড়ালে!  
আমি কি নিত্য আমারও সমান  
সদরে, বাজারে, আড়ালে?

(শঙ্খ ঘোষ, ভিড়, শিশির পাতার ছায়া)

পুনর্জন্ম হল যেন। ওই ভিড় থেকে বেরিয়ে পা চালাই দ্রুত। চিন্তাবাহু হাসছে আমি রাগছি। শাস্ত্রীবিজের ওপর থেকে স্নান না হোক, ভিড় তো দেখা যেত। ও কথা, পারফেকশনিস্ট হতে হবে। পাঠকে কাছে সত্য-সরল-একাগ্র হতে হবে। ‘কে আমার সাতপুরুষের লাউয়ের খোসা’! একটাই প্রাণ। ভিড়ে চাপ পড়ে, পদপিষ্ঠ হয়ে শহিদ হলে পাঠক কি আমায় বাঁচিয়ে তুলবে। বেঁচে গিয়েছি। বাঁচাতে পারিনি একটি চটির পাটি। সে নিরুদ্দেশের পথে, নিখোঁজ। অন্য পাটি ফেলে দেব, না রাখব? ফেলে দেওয়ার পরে যদি হারানো পাটিটা খুঁজে পাই! অসম্ভব! ঝাড়ুদার হারানো চটির টিলা সাজাচ্ছে। ওরে বাপস! এত মানুষের চটি নিরুদ্দেশে? চিন্তাবাহু মাথায় হাত রাখল আমার। দু’জনে বসলাম ঘাটের ব্রাহ্মণের চৌপায়ার একপাশে।

ইলাহাবাদের ধর্মবিশ্বাসী মানুষদের খুবই প্রিয় সংগমতটের কাছের স্থানটি। আবার শাস্ত্রীবিজের নীচে, সংগমতট থেকে নিকটবর্তী বিশাল চৌহদ্দি ভ্রামণিকদের কাছে বেশি পছন্দের। ওখানে মূলত শৈবপন্থী, গৈরিক সন্ন্যাসীদের অস্থায়ী শিবিরে বাস (৭টি)। বাকি ৩ + ৩ = ৬, বৈরাগীবৈষ্ণবদেরও বাসস্থল। উদাসীন সম্প্রদায়ের আখাড়ার বাবাজিদেরও অস্থায়ী শিবির এখানেই, আশপাশের দূরত্বে। আখাড়ার ভিতরে অব্যবহৃত দ্বার। তাদের পূজামণ্ডপ উদার নীতির পথ। কিন্তু বাবাজিদের নিজস্ব ঘরগুলির ভিতরে প্রবেশের জন্য বিশেষ অনুমতি লাগে। এই তেরো আখাড়ার উঠোন, পুজোমণ্ডপ, নাগাবাবাদের কর্মকাণ্ড দেখতে দেখতে সময় হাতের মুঠিতে জল।

আমার অবশ্য অধিক প্রিয় ময়দান, মাঠ। কেন, তা বলি খোলসা করে। কুম্ভমেলায় সময় ইলাহাবাদ বাঁধের এক দিকে কুম্ভনগর, অন্য দিকে বিশাল মাঠ। যেখানে সারা বছরই চলে মেলার স্থায়ী অফিস। এই মাঠটিকে ইলাহাবাদ শহরের মানুষেরা বলে থাকেন ‘মেলামাঠ’। একেবারেই বাঁধের লাগোয়া। পুলিশ-প্রশাসন-পোস্ট অফিস-মিডিয়া সেন্টার, মায় লাল্লুজির টেন্টের দোকান বা অফিস। বিপুল চওড়া পথ। মুক্তাকাশের নীচে মুক্ত বাতাসের ভিতর মুক্তারাম। এখানেই বসে খাদির সাময়িক বিক্রয়কেন্দ্র। হরেক পরিধেয়র সমাবেশ লাট খাচ্ছে। কুম্ভমেলায় এসে কারা এই খাদির পোশাক কিনবে কে জানে। শুধু খাদি কেন, শীতের কুম্ভস্থলে, এই ইলাহাবাদে অস্থায়ী দোকানে বিক্রি হয় কসল-চাদর মায় মশারিও।

২০০৯ সালের মাঘমেলায় এই খাদি স্টলের সামনে মেলামাঠে দেখেছিলাম ফ্যাশন শো। চোখ ছানা অ্যান্ড বড়া। সুন্দরীরা হেঁটে চলেছে, যেন অনন্তযাত্রায়, সংগমের দিকে। কত রকমের পোশাক পরে। বর্ণময় নান্দ্যবাবাদের জুলুসের মতোই। তবে তো আমরা এগিয়ে চলেছি। ডাক ছাড়লাম। না, অসহায় ব্রন্দনে চিৎকার—বাপুজি কোথায়। উত্তর এল, আমি এখন অদৃশ্য ব্যোমে। ভারত এগিয়ে চলেছে। পিছিয়ে পড়েছি আমি।

স্বামী চিদানন্দ সরস্বতী, পরমার্থ আশ্রম, মুনি কি রেতি, হৃষীকেশখ্যাত—এই সন্ন্যাসীকে কত বার যে কুস্ত্রে দেখেছি কত জনা সঙ্গে, কহতব্য নয়। যাকে লে, অলটাইম ইন অ্যাকশন। অধ্যাত্মবাদের প্রচার-প্রসার দেশে-বিদেশে। ওর সঙ্গে কুস্ত্রের সভা-সমিতিতে দেখেছি এক বিদেশিনিকে, দীক্ষান্তে যার নব নাম, গঙ্গামাতাজি। চিদানন্দজির একটা বেস বড়ো দল। বৃন্দাবনখ্যাত গুরু স্মরণানন্দজি, সাধ্বী ভগবতী সরস্বতীমাতাজি, জৈন সন্ন্যাসী আচার্য লকেশমুনি—আরও কত বিচিত্র মত ও গোষ্ঠী সন্ন্যাসী-সজ্জনকে দেখেছি একই মঞ্চে ধর্মীয় বক্তৃতা দিতে।

সন্ন্যাসীরা এখন বড়োই ব্যস্ত, বিশেষ কুস্ত্রমেলায়, অমৃতের খোঁজে। নিজের অস্থায়ী শিবিরে তো নানা কর্মসূচি। এ ছাড়া অন্যান্য শিবিরের কর্মসূচিতেও যেতে হয়। তা না হলে গৈরিক ত্রাতৃত্বের বন্ধন অটুট থাকবে কেমন করে? সকলকে সকলের দকা। ঈশ্বরভক্ত ছাড়া আরও নানা ধান্দা। কুস্ত্রমেলা না থাকলে বিভিন্ন প্রদেশে শিষ্য, বেনিয়া-শিষ্য। প্রতিষ্ঠানে পাঠ প্রচবনে যেতে হয়। তা না হলে বস্ত্র আমদানি স্তব্ধ, বন্ধ হয়ে যাবে। ঈশ্বর ভূখা ঝরবে নাকি? এ সব টপকে, এখন একাধিক স্তব্ধ, বন্ধ হয়ে যাবে। ঈশ্বর ভূখা ঝরবে নাকি। এ সব টপকে, এখন একাধিক সন্ন্যাসীরা সাগরপারে ভক্তজন আছেন। তাঁদের ডাকেও সাড়া দিতে হয়। ক্রমাগত এই যাওয়া-আসার প্রক্রিয়া চলছে। ছেদহীন, অন্তহীন।

এক একটা বিষয় আসে যা নিয়ে হইচই হয়। অথচ তার পূর্বাভাস মানুষ অবহেলা করে। ঈশ্বর তো দূরস্ত। এই যেমন এখন কুস্ত্রে চলছে সন্ন্যাসী-বাবাজীদের ভিতরে ভিতরে খুব গ্লোবাল ওয়ার্মিং, তৎসহ গঙ্গা প্রদূষণ ক্লিন গঙ্গা ফ্লেক্সে চারদিক ছয়লাপ। একাধিক শিবিরে স্বামী চিদানন্দজি এ বিষয়ে বলছেন। কিন্তু এগুলো বন্ধ করার সাধ্য এখন ঈশ্বরের আছে কি? এর সঙ্গে জড়িয়ে ভুল আধুনিকতা, বৃহৎ পুঁজি—সাধ্য কার এগুলো বন্ধ করে? তবুও মন্দের ভালো, কুস্ত্রের সভামঞ্চে এই আন্দোলন।

সন্ন্যাসীরা গঙ্গার জলে ঘড়া ঘড়া দুধ ঢেলে পুজো দেন। ওই দুধ তো কোনো এক সাতার দুধ-বধিগত শাবকের প্রাপ্য ছিল। এবং ওই দুধের অভাবে কত শিশু রুগ্ন, ভারত অপুষ্ট। গঙ্গা-মা কি দুধ পান করেন?

দক্ষিণে কুস্ত্রস্থলের ভিতরে একটি জায়গায় কিশোর-কিশোরীদের মিশ্রিত বিলোচ্ছেন আর্ট অব লিভিংখ্যাত রবিশঙ্করাজি। দাড়ির ঘন জঙ্গল থেকে মৃদু, মোলায়েম হাসিটি দেখা যাচ্ছে। ইলাহাবাদ-হরিদ্বার কুস্ত্রে এদের শিবিরে গেটখানি খুব সুন্দর হয়। এক বছর হল নিগমানন্দ সরস্বতীজি প্রতিষ্ঠিত আসাম-বঙ্গীয় সারস্বত মঠের শতবর্ষ। কুস্ত্রে এলে নিয়ম করে এঁদের শিবিরে একবা হাজিরা দিই। অদ্ভুত ব্লেন্ডিং বাণী : ‘শংকরের মত ও গৌরাঙ্গের পথ’। অদ্বৈতবাদের সঙ্গে ভাববাদ, তা বেশ। হেঁটে চলুক, যত মত তত পথ। বিনিময় হোক মন-মতামত এবং হাসিটুকু।

এই ঘটনাটি সেরা শিল্প-সংস্কৃতিক বিপ্লব বলেই মনে হল। অন্তত ফোটোগ্রাফের বিষয় নির্বাচন। তা-ই জানাচ্ছে ‘ভোগ ইন্ডিয়া’র সেপ্টেম্বর ২০১৩ সংখ্যা। সংখ্যাটি ফোটোর সাহায্যে জানাচ্ছে দু’টি পথ, পোশাক-ফ্যাশন, এক সারটোয়াল এবং অন্যটি স্পিরিচুয়াল—এ দুটির মিলন ঘটে ধর্ম-সমুদ্রের তরঙ্গে। বিখ্যাত লেস পারসেন তরণ তাহিলিনি, রোহিত চাওলা, বন্দনা তিওয়ারির। এসেছেন কুস্ত্র গুট করতে। বাপরে কী সব দাপট। ক্যামেরার টেলিগুলো কামানের চোঙা যেন। মিডিয়া সেন্টারে ফিশফিশ। ওই ভোগের ফোটোগ্রাফার। ভারচুয়াল কিশোরী সিন্ত শরীরের হামলে পড়ছে সমাজে দন্ধ জনেরা, ফটোজার্নালিস্টস। আমি স্নানের ওই দৃশ্য দেখিনি, বরং বেশি করে দেখেছি দর্শকদের মুখের ভাষা, শরীরের আশা।

বিদেশিনি এক ফোটোগ্রাফারের সঙ্গে ভাব হল বেশ। চা-জলখাবার খাওয়ালাম। পয়সা দিতে গেলে ভারতীয় বাণী বাড়লাম, “তুমি আমাদের গেস্ট। গেস্টকে তো দিতে হয় হসপিটালিটি, ভারতবর্ষ কুস্তমেলায় তা বিক্রি করে না।” তিনি ডবল খুশি। এ-কথা সে-কথায় জানালেন এখানে নেকেড সাধুদের ‘র্যাম্প’ হাঁটার ফোটো তুলেছেন। এগুলো সুন্দর। কৌপীন পরাও তুলেছেন, সে-ও সুন্দর। পুরো ড্রেসে সন্ন্যাসীদের ফোটো তুলেছেন, সে-ও সুন্দর।

“কিন্তু এদের সেরা পোশাক কোনগুলি?”

বললাম, “হাওয়ারর পোশাক। আঁধার পোশাক।”

তব্ব নিয়ে আড়াই ছটাক জ্ঞান দিলাম। খুব খুশি। টানা এক হপ্তা ধরে কত কী প্র্যাকটিস করেছেন—ইন্ডিয়াতে, কুস্তম আসবেন বলে। শেক হ্যান্ড, করে টা টা করার পর, খুব ভালো করে দেখলাম ঠোঁটে রঙ দেননি, নেলপালিশ নেই কুড়িটি আঙুলের কারণে মাথায়। শুধু মনে হল, কোমরে বেলেট থাকলে শাড়িটি সামলাতে সুবিধে হত। জয় মা অলোপীদেবী। অঙ্গুলিবৃন্দং হস্তস্য প্রয়াগে ললিতা ভবঃ।

হাঁটতে হাঁটতে অনেক দূরে অলোপীবাগ। যাই তবে নিপুদার বাড়ি। এই ফ্লাই ওভার পার হলেই পাব। ফ্লাইওভারের তলা দিয়ে হাঁটতে পৌঁছেলাম।

নিপুদা ওরফে নৃপেন্দ্রনাথ মুখার্জি। প্রবাসী বাঙালি। জন্ম ১৯১৩ সালে পাটনায়। ইলাহাবাদে স্থায়ী হন। প্রয়াগ ১৯৯৫ সালে। ইলাহাবাদের বিখ্যাত ফোটোগ্রাফার। ১৯৫৩ সালে ইলাহাবাদ কুস্তম সেই মর্মান্তিক দুর্ঘটনার ফোটো তোলেন। সমগ্র জীবন লেন্সের পিছনে। একদা খ্যাতির অগ্রে। কালের নিয়মে এখন সাদা-কালো ব্রোমাইড বিবর্ণ। নিপুদার কর্মকাণ্ডে খবর পাই ইলাহাবাদের এনআইপি-র (নর্দান ইন্ডিয়া পত্রিকা) অফিসে গিয়ে, কুস্তমেলার পুরাতন ফোটোর খোঁজে। কলকাতার ‘দ্য অমৃতবাজা পত্রিকা’র সেটাই ছিল সিটি অফিস। চিফ রিপোর্টার পি এন দ্বিবেদী ছিলেন নিপুদার বাড়ি। নিপুদা প্রয়াত। রয়েছেন নিপুদার পুত্র। তাঁরও বয়স হয়েছে। পোটম্যান্টো থেকে বাবার তোলা পুরোনো কুস্তমের ফোটো দিলেন। আরও দু’চারটি ফোটো দিল্লিতে চাকুরিরত পুত্রের কাছে পাঠালেন। আরও বড়ো, আরও সুন্দর প্রিন্টের জন্য। পরিবারটির সঙ্গে আত্মিক সখ্যতায় জড়িয়ে আনন্দ পেলাম। আমার গ্রন্থে নিপুদার তোলা ফোটো ছাপার জন্য অনমতি দিলেন।

এ সবই ২০০৭ এবং ২০০৯-এর ঘটনা।

এবার গিয়ে বিস্ময়ের এক শেষ। শুধু স্থানটি স্থির আছে। বাড়ির সামনে একই ভাবে উন্মুক্ত নালায় বয়ে চলেছে গন্ধাপানি। নতুন মালিক বাড়ির একাংশ পুনর্নিমাণে ব্যস্ত। পাশের অংশ এক উকিল সাহেবের। কলকাতার বাঙালির প্রতি ভালোবাসায়, বসার জায়গা-সহ চা-পানি পেয়ে জানলাম, মুখার্জি পরিবার চলে গিয়েছেন সংগমের বসত বিক্রি করে। জানেন না কোথায়। একটা যুগ ভেসে গেল স্রোতে। এই তো কালের স্বাভাবিক নিষ্ঠুর নিয়ম। কী নির্মম এই কালাকালের নির্দেশ! হারিয়ে গেলেন নিপুদা, তবে এখনও জীবিত আমার জীবনস্মৃতিতে। নিপুদার প্রয়াগ ঘটেনি। শুধু অমৃতকুস্তমের সন্ধানে একটু চোখের আল কবে রেখেছেন নিজেকে। এ বড়ো সুকঠিন কর্ম। সংসার পরিজন ছেড়ে, অমৃতের অনুসন্ধান, সে-ও যে জীবনের এক সুন্দর নির্মমতা। জীবন ছেড়ে যায় জীবনকে।

কচুর পাতার পানি যেমন রে

আরে ও জীবন

টলমল টলমল করে

আরো ওই মতো

মানুষের দেহা

কখন টলিয়া পরে জীবন রে।

(প্রতিমা বাড়ুয়ার কণ্ঠে গীত, গোয়াল-পাড়িয়া প্রচলিত লোকগান, অসম)

আরে ও তো। আমার প্রিয় রঙ। খয়েরি রঙ। আমার প্রেমের রঙ। আমার দিদিমার দু'ঠোঁটের রঙ। পান খাওয়া পরে শুকিয়ে গেলে দিদিমা মাটির দুয়ারে সে গান গাইত আর আমাকে শুধোতেন, “ও ছ্যামরা তোরে বিয়া কম?” সে তখন ডাক পেয়েছে অমৃতের। তথাপি রঙ্গরসে ভরা এক জীবনের কী অপার ময়া!

হ্যাঁ, এক কথায় ষড়-কুড়। ষড় রিপু গো। এক কথার শতক অর্থ। ওই তো আমায় ডাকে, আমার মা। মা আনন্দময়ী মা। কৃষ্ণ কোলে। বাটি ভরতি দুধ। মা হাসে। আমার শৈশব খিলখিলায় মাতৃক্রোড়ে। প্রতি বার ইলাহাবাদ কুন্ডে দেখি ছোট্ট তোরণদ্বার। ওটাই আমার রাজরানি মায়ের সিংহদুয়ার। গেটের কাপড়েড়র রঙ শীতল খয়েরি। মনে পড়ে যায় কনখল-স্মৃতি। মায়ের আশ্রমে, রদ্রাঙ্কতলের ছায়ায় সাবন্দি বাচ্চারা, মেরুণ রঙের জামা পরে নিত্য শুভ প্রভাত ও সায়ংকালে প্রার্থনাপ্রয়াসে প্রাচীন ভারতের ভক্তিসংগীতের পদপ্রার্থী হয়ে চলেছে অমৃতকুন্ডের খোঁজে। বড়ো মায়ায় জড়ায় ওই আমা মা। আমি আসি মা এখন।

ইলাহাবাদে প্রতিটি পূর্ণকুন্ডে এসে একটা ‘গট আপ গেম’ (সম্ভবত দেখি। এবং সে খেলায় দু’পক্ষই, সাধু-সন্ন্যাসী এং ইউপি প্রশাসন, সাত গোল খেয়ে পরের বার পূর্ণকুন্ডে একই খেলা প্রস্তুতি নেন। কী সে খেলা?

খেলা খেলার বিষয়, গঙ্গা প্রদূষণ এবং অসংখ্য চামড়াকারখানা আবর্জনা গঙ্গায় ফেলা বন্ধ করা। জাইমাউ (aimau) অঞ্চলে চামড়ার যে সব কারখানা আছে।

তাদের বর্জ্য কুন্ডমেলার সময় বন্ধ রাখা দরকার। যেন অন্য সময় ফেললে গঙ্গার জল দূষিত হবে না। জেলা প্রশাসন ভরসা দেবেন, মেলা সময় পুণ্যস্রোত ঠিক রাখা হবে। মেলা বড়ো-মেজো-সেজো কত্তারা প্রেস রিলিজ করবেন। যেখানে থাকবে দুষণের গ্রাফ-চার্ট এবং বিওডি-র (জলে দ্রবীভূত অক্সিজেন) পরিমাণ—যন্ত সব বকোয়াস বাক্য।

ব্রহ্মা-বিষ্ণু-মহেশ্বরের সাধ্য কি প্রদূষণের রোধে গতি আনবেন!

গঙ্গাদেবীর আরতি ইলাহাবাদে নিত্য অভ্যাস হিসেবে দেখিনি। তবে কুন্ডমেলায় মাসাধিক কালের বেশি সময় ধরে প্রজ্জ্বলিত বিরাটাকার, ভারী প্রদীপ নিয়ে আরতি হয়ে থাকে, বিশেষ করে স্নানের দিনগুলো মাস্ট। প্রয়োগরাজের সংগম তটে নেই কেনো বড়ো মন্দির। তাই বোধ করি নিত্য সন্কারতি বা গঙ্গার আরতি অন্য সময় হয় না। বা প্রদীপ ভাসানোর নিত্য রেওয়াজ নেই। বরং হরিদ্বারের হর-কি-পৌরিতে পূজা-আরতির শেষে ভক্তকুল মালুপাতার বাটিতে ভাসায় জ্বলন্ত ভক্তি। শালপাতা, পদ্মপাতায় নয়, আঞ্চলিক গাছের পাতার বাটিতে ফুলসহ জ্বলন্ত প্রদীপ ভাসায়। বদলে গিয়েছে, প্রদীপ বাতিল হয়ে এল মাটির প্রদীপকে আধার করে একখণ্ড জ্বলন্ত কপূরে, এখন এসেছে কপূরের ফয়েল ট্যাবলেট। ওষুধের ট্যাবলেট-ফয়েলের থেকে বড়ো সাইজের একটা ট্যাবলেট-ফয়েল জ্বলে ভাসানো হয়, ওই নৈবেদ্যের পত্রাধারে। এই বদলটা এক ধসকেই দেখলাম। কিন্তু দৃশ্য হিসেবে হরিদ্বারের এ দৃশ্য উপভোগ্য।

হাষীকেশেও একই নিবেদন।

কিন্তু বারাণসীর ওই উচ্চতায় দীর্ঘ সিঁড়ি! বিশ্বেশ্বরের ত্রিশূলের ওপরে বারাণসীর চলমান নগরের স্রোতের সামনে গঙ্গার তি অপূর্ব, তা বিভিন্ন ঘাটেও হয়ে থাকে। ইলাহাবাদ-হরিদ্বার-নাসিক-উজ্জয়িনী এবং বৃন্দাবনের নদী-আরতির মধ্যে আরতির সেরা দৃশ্য, আমার চোখে বারাণসী। তথাপি কুন্ডমেলার সময় উৎসব-অভিমুখকে অতি উজ্জ্বলতা দেয় এই সন্কারতির জ্বলন্ত ও চলন্ত আলোগুলি।

গঙ্গামাঈ ও তার স্রোত সবখানেই সুন্দর, যতক্ষণ আধুনিক ‘সভ্য’ পুঁজি তাকে ছুঁতে না পারে। সকল নদীই আমার কাছে

পুণ্যতোয়া, সরিদ্‌বরা। সমস্ত অম্বুবিশ্বে আছে পুণ্যের পরশ। তথাপি বাস্তববাদী মন, চোখ উপমায় তুল্যমূল্য বিচাে আমার অন্তরাত্মাকে বিচলিত করল—আমি বিনত, আমি ক্ষমাপ্রার্থী।

এ বার বিদায় নিতে চাই, ওগো অক্ষয়বট। বহু পৃষ্ঠা জড়ে আমা ভক্তির প্রলাপ, প্রেমের প্রলাপ গেয়েছি তো। পদতলে ওগে প্রয়াগরাজ। ওগো সংগমের বালুতট। ওগো বাসন্ত নাওয়ার আঁখি। বিদায় তোমাদের পুণ্যে সংসা থেকে অমৃতট কোলাহল-কলহ থেকে। আমি মুক্তি চাই না। স্বর্গসুখ আমা বারতের মাটিতেই অঙ্কুরিত হচ্ছে নিয়ত। আমি এই গবি দেশেই এসে মুক্তিকা প্রদীপে আলোয় পত দেখাতে চাই।

তীর্থরাজ, প্রয়াগাজ আনন্দ বিলাও, কলুষ মুক্ত করো, শান্তি দাও পআর্থী, শ্রদ্ধালু তীর্থযাত্ৰীদের। যারা তোমার দুয়ার থেকে ফিরতে পারেনি হে দেবী-নদী, অন্তঃসলিলা সুসুম্না সরস্বতী, তাঁদের অতৃপ্ত আত্মাকে জল দিও। ওহে সমুদ্র কূপের অন্ধকারে নির্বাসিত আত্মঘাতীরা, মুক্তির প্রয়াসীরা, তোমারা আলোকে এসো। আমি ঘরে ফিরে যাচ্ছি। ওগো মহানির্বাণী খাড়া গৈরিক বাবারা বিদায় দাও। ত্রিবেণী, তোমার তটে অপেক্ষায় রইল যারা তারা ক্লাস্ত-শ্রান্ত বড়ো। তাদের ছায়া দিও। আমি যাই। কত কত দিন ঘরছড়া, মা-ছাড়া আমি! চলি সমুদ্রগুপ্ত। যোগীরাজ দেওরাহা বাবা আমার সমস্ত অহং, ষড় রিপু কেড়ে নাও। আমার নান্দা করে ভিড়িয়ে দাও ওই স্নানে পথে, শাহিন্মানে। আমি স্নান সেরে ঘরের পথ ধরব। ময়ের কাছে ফিরব।

“কাঁদো কেন অশোক! তোমার নামের অর্থ ব্যর্থ করে কেন? চোখ মোছো। ঘরে পিড়েযবে? এ তে অনন্দের। তবে কি ফেরার পথে আনন্দাশ্রু। না কি সব ছেড়ে ভিন্ন অমৃতের পথে, ফেরার পথে নাপেড়েনে অশ্রু!” চিত্তবাবু শুধোলেন।

“সে তো তোমার চোখেও পনি। অশ্রু কেন?” প্রশ্ন করি আমি।

ও তো আঁখিরাই জানে। আমি তর তল পাই না। তই হদিস জানি না। এসো তবে শুভমস্ত। মিলিয়ে গেল চিত্তবাবু আমারই ছায়ায় আমারই কায়ায়। তর হদিস অস্তহীন।

## **Theme of the cover: Know our Heritage**

Description: Six line, three stanza Meharauli Iron Pillar inscription, the oldest one having Sanskrit inscription in Delhi with Gupta-Brahmi Script. The inscription elaborates the military exploits of a monarch, who is simply referred to as Chandra in the inscription. On palaeographic grounds (i.e. based on nature of the characters of Gupta-Brahmi) the inscription can be dated to early fifth century A.D. Chandra has been identified with Chandragupta-II, Vikramaditya (A.D. 375-414).

Special feature: More than 1600 years ago this is a marvellous engineering achievement, is a structure 7.21 metres (23 feet 8 inches) high with 41-centimetre (16 in) diameter was constructed as no rust on the Iron Pillar is found till date though it has erected in the open space. It creates curiosity among the metallurgists as what chemicals was mixed while making this beautiful pillar.